# কর্মসংস্থান

দাম : ৫ টাকা

https://www.facebook.com/karmasangsthaan

Vol. 38 ■ Issue No. 26 ■ 28th June 2025 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88


কলকাতা, মালদহ-সহ ২০টি রেল রিক্রুট. বোর্ডের মাধ্যমে

## রেলে ৬,১৮০ টেকনিশিয়ান

**মাধ্যমিক ও আই.টি.আই থেকে পাশ**

**রঞ্জিৎ ঘোষ, নয়া দিল্লি :** কলকাতা, শিলিগুড়ি, মালদহ, গুয়াহাটি, পটনা, রাঁচি, চেন্নাই, আহমেদাবাদ, এলাহবাদ, বেঙ্গালউরু, ভুবনেশ্বর, বিলাসপুর, মুম্বই, মজঃফরপুর, সেকেন্দরাবাদ, আজমীর, জম্মু-কাশ্মীর, চন্ডীগড়, ভোপাল, গোরক্ষপুর ও তিরুবনন্তপুরম রেল রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে রেলের ১৭টি জোনে ২১টি রেলওয়ে রিক্রুট. বোর্ডের মাধ্যমে 'টেকনিশিয়ান গ্রেড-।।।' ও 'টেকনিশিয়ান গ্রেড। সিগন্যাল' পদে ৬,১৮০ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। কারা কোন পদে যোগ্য: টেকনিশিয়ান গ্রেড-। সিগন্যাল : ফিজিক্স, ইলেক্ট্রনিক্স, কম্পিউটার সায়েন্স, ইনফর্মেশন টেকনোলজি বা, ইন্সট্রুমেন্টেশনের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। ইলেক্ট্রনিক্স, কম্পিউটার সায়েন্স, ইনফর্মেশন টেকনোলজি বা, ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশরাও যোগ্য। এরপর ৬ পাতায়

# স্কুল সার্ভিসের ফর্ম কীভাবে পূরণ করলে বাতিল হবে না


**LL.B (3 Yrs)**
Direct Admission
যোগ্যতা : যেকোন বয়সে এবং যেকোন University-র গ্র্যাজুয়েট ও 45% নম্বর, SC/ST - 40%
LL.B (5 Yrs), LL.M
'ল' পয়েন্ট
9830132343, 6290760935
১৭, রাজা রামমোহন রায় সরণী, আমহার্স্ট স্ট্রিট, কলকাতা-৭০০০০৯


## এবার প্রায় ৩০ লাখ দরখাস্ত জমা পড়ার সম্ভাবনা

**রঞ্জিৎ ঘোষ, কলকাতা :** পশ্চিমবঙ্গ কেন্দ্রীয় স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে মাধ্যমিক স্কুল ও উচ্চমাধ্যমিক স্কুলের নবম শ্রেণি থেকে দশম শ্রেণি পর্যন্ত স্কুলের বেলায় ২৩,২১২টি আর একাদশ শ্রেণি থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত স্কুলের বেলায় ১২,৫১৪টি শূন্যপদের জন্য (2nd SLST)'র মাধ্যমে অনলাইনে দরখাস্ত নেওয়া শুরু হয়েছে ১৬ জুন থেকে। দরখাস্ত নেওয়া চলবে ১৪ জুলাই বেলা ৫টা পর্যন্ত। এরপর ৯ পাতায়


**ICE Academy**
WBCS 2025, SSC
Bank, Rail, PSC
SSC CGL / CHSL 2025
Online কোর্স : মাত্র 999/-
বালিগঞ্জ কেন্দ্র : ভর্তি চলছে
9804412898
7044517509


## ফর্ম পূরণের আগে এই ৫০টি তথ্য জানা জরুরি

পশ্চিমবঙ্গ কেন্দ্রীয় স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে নবম শ্রেণি থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত স্কুলের বেলায় '2nd SLST'র জন্য দরখাস্ত নেওয়া শুরু হয়েছে। বহু পাঠক-পাঠিকাদের অনেক প্রশ্ন থাকে, আমি দরখাস্ত করতে পারব কিনা ইত্যাদি বিষয়ে। ওইসব প্রার্থীদের বিভিন্ন সমস্যার সমাধানে এখানে ৫০টি জরুরি তথ্য দেওয়া হল, যা প্রার্থীদের জিজ্ঞাস্য বিষয়ের সমাধানে সাহায্য করবে। এরপরও কোনো এরপর ৯ পাতায়


**Hotel Management**
১ বছরের কোর্সে ভর্তি চলছে
কোর্স ফী 30,000/-
কোর্স শেষে সরাসরি দেশে ও বিদেশে চাকরি।
Global School of Management, Kalyani
9433947225, 9062269582


স্টাফ সিলেকশনের কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল পরীক্ষার মাধ্যমে

## কেন্দ্রীয় সরকারে ৪ হাজার ক্লার্ক ও অপারেটর

**নিজস্ব প্রতিনিধি, নয়া দিল্লি :** কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক, বিভাগ ও দফতরে কাজের জন্য 'লোয়ার ডিভিশন ক্লার্ক / জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট' ও 'ডাটা এন্ট্রি অপারেটর' পদে কয়েক হাজার জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে।

যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩৫টি শব্দ তোলার গতি থাকলে কিংবা প্রতি ঘন্টায় ১০,৫০০ কী ডিপ্রেশনে গতি থাকলে 'লোয়ার ডিভিশন ক্লার্ক /জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট' পদের জন্য আবেদন করতে পারেন।

যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে ডাটা এন্ট্রির কাজে ঘন্টায় অন্তত ৮,০০০ কী ডিপ্রেশনে গতি থাকলে 'ডাটা এন্ট্রি অপারেটর (ডাটা এন্ট্রি অপারেটর গ্রেড-এ কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেল অফ ইন্ডিয়া ছাড়া) এরপর ১০ পাতায়

## বিমা সংস্থায় ২৬৬ অফিসার

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা :** কেন্দ্রীয় সরকারের অধীন সংস্থা, ন্যাশনাল ইনসিওরেন্স কোম্পানি লিমিটেড 'অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার স্কেল-।' পদে ২৬৬ জন ছেলেমেয়ে নিচেছ। কারা কোন পদের জন্য যোগ্য :

**জেনারেলিস্ট :** যে কোনো শাখার গ্র্যাজুয়েট বা, পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা মোট অন্তত ৬০% (তপশিলী হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। শূন্যপদ: ১৭০টি (জেনাঃ ৬৮, ও.বি.সি. ৪৭, তঃজাঃ ২৬, তঃউঃজাঃ ১২, ই.ডব্লু.এস ১৭)। এর মধ্যে প্রতিবন্ধী ৪টি।

**লিগ্যাল :** আইন শাখার গ্র্যাজুয়েট বা, পোস্ট-গ্র্যাজুয়েটরা মোট অন্তত ৬০% (তপশিলী হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শূন্যপদ : ২০টি (জেনাঃ ৮, ও.বি.সি. ৭, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস ২)।

**অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং :** অটোমোবাইল ইঞ্জিনিয়ারিংয়ের এরপর ৪ পাতায়



সঠিক পথে স্কুলে চাকরির সেরা পথ প্রদর্শক
সাফল্য
SLST'র বিষয়ভিত্তিক পরীক্ষার নির্বাচিত প্রশ্নোত্তরের প্র্যাক্টিস সেট অনুশীলন করলে সাফল্য নিশ্চিত
সঙ্গে পাবেন
স্কুলের গ্রুপ-সি ও গ্রুপ-ডি পরীক্ষার সাফল্যের উপযোগী প্রশ্নোত্তর
যোগাযোগ
6291684943


## ম্যাজাগন ডকে ৫২৩ অ্যাপ্রেন্টিস

**নিজস্ব প্রতিনিধি, মুম্বই :** কেন্দ্রীয় সরকারের অধীন সংস্থা ম্যাজাগন ডক লিমিটেড 'মাধ্যমিক পাশ অ্যাপ্রেন্টিস', 'ক্লাস এইট পাশ অ্যাপ্রেন্টিস' ও 'আই.টি.আই. অ্যাপ্রেন্টিস' হিসাবে ৫২৩ জন লোক নিচ্ছে। কারা কোন ট্রেডের জন্য যোগ্য :

**ট্রেড অ্যাপ্রেন্টিস (মাধ্যমিক পাশদের জন্য) :** নেওয়া হবে ফিটার, ইলেক্ট্রিশিয়ান, স্ট্রাকচারাল ফিটার, পাইপ ফিটার, ড্রাফটসম্যান (মেকা)। অঙ্ক ও জেনারেল সায়েন্স বিষয় নিয়ে মাধ্যমিক পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী হলে সাধারণ ভাবে পাশ) নম্বর এরপর ১০ পাতায়

## ৮৬ টেকনিশিয়ান

**নিজস্ব প্রতিনিধি, বেঙ্গালউরু :** কলকাতার সি.এস.আই.আর-ন্যাশনাল অ্যারোস্পেস ল্যাবরেটরি 'টেকনিশিয়ান' পদে ৮৬ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য:

**পোস্ট কোড : T-101. টেকনিশিয়ান -1/Gr-II (1) :** মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে সায়েন্স বিষয় নিয়ে মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে এরপর ১০ পাতায়

## প্রসার ভারতীতে ৬৫ কর্মী

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা :** প্রসার ভারতীর পূর্বাঞ্চল জোনে কাজের জন্য 'টেকনিক্যাল ইন্টার্ন' পদে ৬৫ জন লোক নিচ্ছে। ইলেক্ট্রনিক্স, টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রিক্যাল, সিভিল, আই.টি., কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি বা, মাস্টার ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬৫% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। যাঁরা ফাইনাল পরীক্ষা দিয়েছেন, তাঁরাও যোগ্য। রেডিও বা, টি.ভি. স্টেশনের যন্ত্রাংশ রক্ষণাবেক্ষণ, পরিচালনা, ইনস্টলেশন ইত্যাদি সংক্রান্ত কাজ করতে হবে। বয়স হতে হবে ৩০-৬-২০২৫'এর হিসাবে ৩০ বছরের মধ্যে। ১ বছরের জন্য কাজ করতে হবে। স্টাইপেন্ড মাসে ২৫,০০০ টাকা। এরপর ১২ পাতায়

## প্রতিরক্ষা সংস্থায় ১৩৫ চাকরি

**নিজস্ব প্রতিনিধি, চন্দ্রপুর :** চন্দা অর্ডন্যান্স ফ্যাক্টরি 'ডেঞ্জার বিল্ডিং ওয়ার্কার' ট্রেডে ১৩৫ জন লোক নিচ্ছে। আই.টি.আই. থেকে অ্যাটেন্ড্যান্ট অপারেটর (কেমিক্যাল প্ল্যান্ট) ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা কোনো অর্ডন্যান্স ফ্যাক্টরিতে এরপর ৬ পাতায়

**কর্মসংস্থান** পত্রিকার উদ্যোগে উজ্জ্বল ভবিষ্যতের দিশা দেখাতে

## জেলায় জেলায় কেরিয়ার ফেয়ার

**এবার বহরমপুরে ২৫ ও ২৬ জুন (বুধ ও বৃহস্পতিবার)**

**নিজস্ব প্রতিনিধি, বহরমপুর :** এবছর যাঁরা মাধ্যমিক বা উচ্চমাধ্যমিক পরীক্ষা দিয়েছেন, তাঁরা ভাবছেন কোন বিষয় নিয়ে পড়লে ভালো কেরিয়ার তৈরি করা যাবে, অথবা চাকরির চাহিদা অনুযায়ী কোন প্রফেশনাল কোর্স পড়ে ভালো মাইনের চাকরি পাওয়া যায়। এছাড়াও, কোথায় কোথায় এরপর ৯ পাতায়


GENEX SUPTENNDU GROUP
সায়েন্স নেই? আমরা আছি তোমার পাশে!!
এখন আর্টস ও কমার্সের ছাত্রছাত্রীরাও নার্সিং ও ফার্মেসি করার সুযোগ পাবে।
GENEX PRIVATE ITI
Affiliated by NCVT & SCVT
ELECTRICIAN, WELDER FITTER, COSMETOLOGY
মাত্র 25 হাজার টাকা কোর্স ফি
GENEX NURSING INSTITUTE (Male)
I.N.C স্বীকৃত ও W.B.N.C. অনুমোদিত
GNM & B.Sc.
GNM কোর্স ফি 3 লক্ষ টাকা
Lakshmi Pharmacy Institute
(PCI স্বীকৃত ও WBSCTVE & SD অনুমোদিত)
D.PHARMA
1.10 লাখ টাকা কোর্স ফি
5 minute from Chuchura Station, Sugadha, Hooghly
6290094671 / 9748305453

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্পলাইন
✆ : ৬২৯১৬৮৪৯৪৩
কাগজ না পেলে এই নম্বরে জানান
✆ : ৯৮৩০৬২৪১৭০
ই-মেল
karmsang@gmail.com

## স্কুল-কলেজ-শিক্ষা [redacted]

**NIOS রবীন্দ্র BOSSE**
MP, HS, UG, PG, Nursing, B.Ed, D.Pharm অন ডিমান্ডে 70% গ্যারান্টি। হুগলি- 7003156422
R

**প্যারামেডিকেল ও নার্সিং**
ECG, DPT (ফিজিওথেরাপি), CMS & ED (এলোপ্যাথি), DHMH (হোমিও), DMLT (প্যাথোলজি) এবং ANM (নার্সিং) কোর্সে জুলাই সেশনে ভর্তি, শেষ তারিখ 30 জুন। ক্লাস শনি ও রবিবার। কেরিয়ার অ্যাকাডেমি অফ মেডিকেল সায়েন্স, (30 বছরের পুরনো বিশ্বস্ত প্যারামেডিকেল কলেজ), গড়িয়া স্টেশন রোড, ছোট বটতলা, কোল-84. 45A বাসস্ট্যান্ডের বিপরীতে। 7439213900 / 8272911322
D

## স্কুল-কলেজ-শিক্ষা [redacted]

ফিজিওথেরাপি (DPT), প্যাথলজি (DMLT), X-Ray কোর্সে ভর্তি চলছে। C.S.M.T.R.S. 13A, MNG Road শ্যামবাজার, 9748913233
SH(A)

ভর্তি চলছে (July '25 to June 26, (Sunday) সেশন
**বঙ্গীয় বিজ্ঞান পরিষদ**
ডিপ্লোমা ইন ফিজিওথেরাপী অ্যান্ড যোগথেরাপী (১ বছর, যোগ্যতা মাধ্যমিক) যোগাযোগ : কর্মসচিব, পি-২৩, রাজা রাজকৃষ্ণ স্ট্রীট, কল-৬, 9163927421, 6291648608
SH

WBCS, SSC CGL বা ব্যাঙ্ক পরীক্ষায় সাফল্য চান? FREE DEMO ক্লাস ২৭ জুন। সত্বর যোগাযোগ করুন WBCS ও ব্যাঙ্ক অফিসার পরিচালিত একমাত্র প্রতিষ্ঠান চাকরি GB তে। M : 9830200210
SH

ফিজিওথেরাপি, অপ্টোমেট্রি, ECG, প্যাথোলজি (DMLT), X-Ray, নার্সিং, Diet কোর্সে ভর্তি চলছে। CBMC, 32 সূর্য সেন স্ট্রীট, কলি-9, 7980637213
CM

**SLST, TET, PT, ভূগোল**
EVS, NET/SET, ডি. শঙ্করের সেরা কোচিং। সোনারপুর, বেলঘরিয়া, বর্ধমান, বেলুড়। 9836159037
SH

**কর্মসংস্থান**
বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ
✆: 7890135514

## কর্মখালি [redacted]

Job at Pvt Ltd. Qualification: B-Tech M-Tech IT BCA MCA BBA MBA Company-Secretary (CS) Chartered-Accountant Graduate (all) HS Diploma Driver GNM-Bsc-Msc Nursing. Salary: 6-90 LPA Send CV Email: suryadayaadventures@gmail.com
SH

হাই প্যাকেজে বিখ্যাত MNC তে ট্রেনিং + মোটিভেশনের জন্য সুপারভাইজার পদে M/F, 30+ নিয়োগ। No Target Job. উন্নতির সুযোগ, PF + ESI. Call - 8617743065
MS

**সরাসরি 3 দিয়ে জয়েনিং**
WBSEDCL-এ কন্ট্রাক্টরের অধীনে অধীনে সরকারি কাজে বিভিন্ন পোস্টে M/F নিয়োগ। যোগ্যতা : ৮ম - স্নাতক। বেতন : 21,500/- থেকে 72,500/-, নিজ জেলায় পোস্টিং। যোগাযোগ - M : 8350071570
SA(A)

SBI (DSA)-তে অফিসিয়াল কাজে M/F চাই। বেতন: 19K (PF+ESI) নৈহাটি - 9830871269, ব্যারাকপুর/ডানলপ- 8482024344
M

**আর্জেন্ট ভ্যাকান্সি**
কলকাতা মেট্রো রেলে কন্ট্রাক্টরের অধীনে স্থায়ী পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা : HS–স্নাতক ও উর্দ্ধে। বেতন : 17,400/- থেকে 62,700/-, M : 7890170826
SP

## কর্মখালি [redacted]

**Airport Job Vacancy**
কলকাতা, দমদম, শিলিগুড়ি, বাগডোগরা ও দুর্গাপুর অন্ডাল এয়ারপোর্ট-এ বিভিন্ন অফিসিয়াল পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা : MP–স্নাতক ও উর্দ্ধে। বয়স : 18–50. বেতন : 18700–65500. PF, ESI, মেডিকেল, OT, বোনাস, প্রমোশন-সহ থাকা ও খাওয়া ফ্রী। যোগাযোগ - M : 8981455711
SA(A)

**আর্জেন্ট ভ্যাকান্সি**
কলকাতা মেট্রোরেলে বিভিন্ন পদে স্থায়ী কাজ। M/F উভয়েই আবেদনযোগ্য। মাধ্যমিক - স্নাতক। বেতন : 18,000–49000. থাকা ও খাওয়ার সুব্যবস্থা-সহ PF, ESI, ছুটি, ও বোনাস। Mob - 8293310432
SA

**নিয়োগ বিজ্ঞপ্তি**
এয়ারপোর্ট-এ যোগ্যতানুযায়ী বিভিন্ন অফিসিয়াল পদে ছেলে ও মেয়ে নিয়োগ চলছে। বেতন : 21700–68900. যোগ্যতা : MP–স্নাতক ও উর্দ্ধে। OT-সহ থাকা ও খাওয়া ফ্রী। যোহগাযোগ : M : 7890235547
SA

কলকাতা মেট্রোরেলে কন্ট্রাক্টরের অধীনে আর্জেন্ট জব। স্যালারি : 24K–86K. মোট আসন : 3586. PF, ESI, বোনাস। M/F নিয়োগ। এক্স আর্মিদের বিশেষ সুবিধা। যোগ্যতা: 8th – স্নাতক। M-8961450518
SA

## কর্মখালি [redacted]

**Axis Bank DSA-তে শহর ও গ্রামে বিভিন্ন স্থানে M/F চাই**
যোগ্যতা : ১০ম-উর্দ্ধে। বেতন : 21200/— 47000/-) OT সহ, ইনসেনটিভ, ইনক্রিমেন্ট, T.A.+ অন্যান্য সুবিধা। ST, SC-দের বিশেষ সুবিধা। M: 9002976419
SP

**WBSEDCL (বিদ্যুৎ)**
কন্ট্রাক্টরের অধীনে প্রতি শহরে ও গ্রামে পঃবঙ্গের সব ক'টি জেলায় লোক নিয়োগ। এক্স সার্ভিসম্যানদের অগ্রাধিকার। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন : (22000–49000) OT-সহ অন্যান্য সুবিধা। 9641725844
SP

বন্ধন ব্যাঙ্কে DSA আর্জেন্ট জব। যোগ্যতা : 8th–স্নাতক। সরাসরি নিয়োগ। মোট 980 জন। বেতন : 24K–82K. বয়স : 18–56. PF, ESI, বোনাস। এক্স আর্মিদের বিশেষ সুবিধা। M : 8584079561
SA

কলকাতা মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে আর্জেন্ট জব ভ্যাকেন্সি। কোন পরীক্ষা ছাড়াই নিয়োগ। মোট আসন-2786, স্যালারি - 24K to 78K, Age- 18+–55 M/F নিয়োগ। থাকা খাওয়া ফ্রী PF, ESI, বোনাস সুবিধা, অষ্টম-স্নাতক। M : 9073154622
SA(A)

এয়ারপোর্টে কন্ট্রাক্টরের অধীনে ট্রলিবয়, অ্যানাউন্সার, গ্রাউন্ডস্টাফ, ফুড প্যাকিং বিভিন্ন পদে M/F চাই। বেতন : (22K–48K) OT সহ অন্যান্য সুবিধা। M : 9038103014
SP

## কর্মখালি [redacted]

**আর্জেন্ট ভ্যাকান্সি 7 দিনে জয়েনিং**
ব্যাঙ্কে স্থায়ী চাকরি। নিজের জেলায় 10 পাশ + যোগ্যতায় ছেলে ও মেয়েদের পার্মানেন্ট চাকরির সুযোগ। 324 জন নেওয়া হবে। বেতন : 21600+. ESI, PF ও প্রমোশন পাবে। সত্বর যোগাযোগ M : 9647494773
SA

**আর্জেন্ট ভ্যাকান্সি**
শিক্ষাগত যোগ্যতানুযায়ী বিনা ডোনেশনে কলকাতা মেট্রো রেলে স্থায়ী পদে সরাসরি M/F নিয়োগ চলছে। যোগ্যতা : HS–স্নাতক ও উর্দ্ধে। বয়স: 18-50, বেতন : 21500-68200, থাকা, খাওয়া-সহ PF, ESI, মেডিকেল, বোনাস ও প্রমোশনের সুবিধা। 9051963995
SA(A)

**জরুরি বিজ্ঞপ্তি**
কলকাতা মেট্রোরেলে শিক্ষাগত যোগ্যতানুযায়ী বিভিন্ন অফিসিয়াল পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: HS-স্নাতক ও উর্দ্ধে। বয়স : 18-50, বেতন: 21700–68900, PF, ESI, মেডিকেল, বোনাস ও প্রোমোশন সহ থাকা ও খাওয়া ফ্রী। 9748747663
SA(A)

**আর্জেন্ট ভ্যাকান্সি**
এয়ারপোর্টে কন্ট্রাক্টরের অধীনে স্থায়ী পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা : MP–স্নাতক ও উর্দ্ধে। বেতন : 17,200/- থেকে 61,300/-, Ph - 7718644781
SP

# Admission in Government Recognised Paramedical Courses 2025-26

**DIPLOMA COURSE**
- Diploma in Medical Laboratory Technology
- Diploma in Radiology & Imaging Technology
- Diploma in Operation Theatre Technology
- Diploma in Physiotherapy
- Diploma in Neurology Technician

**ELIGIBILITY**
H.S (12th pass) / [Preferably with Physics, Chemistry & Biology]
**AGE**
Minimum 17 years
**DURATION**
24 months + 6 months Internship covering 3,000 hours.

**CERTIFICATE COURSE**
- PHARMA SALES EXECUTIVE
- MEDICAL LABORATORY ASSISTANT
- GENERAL DUTY ASSISTANT (GDA) with CRITICAL CARE

**2025-26 সেশনে ভর্তির বিজ্ঞপ্তি**

●ELIGIBILITY : Class 10 / EQUIVALENT ●Age- MINIMUM 16 ●Duration : 6 months +3 months Internship ON JOB TRAINING

**Validity of Certificate :** ■ All diploma certificate are valid for Central / State Government job including all private sector hospitals /diagnostic centres & laboratories. ■ **Hospital Practical** - During 2 years class room training we provide 1,000 hours intensive in renowned hospitals /clinics/ diagnostic centers which is helpful to get internship (T & C Applicable). ■ **Internship** - 6 months internship in Govt. Medical Colleges for Diploma Holders / Multi Speciality Hospital & Diagnostic Centres ■ **Infrastructure** - Air condition laboratories with ultra modern equipments. ■ **Class room**- All air conditioned, Digital Class rooms. ■ **Library** - Well maintained library with all subject Books, Magazine, Journals. ■ **Faculty**- Post Graduate faculty in relevant field & renowned retired Professors from Medical Colleges. ■ **Placement**- Job assistance up to 1 year through our job portal. Our placement track record shows above 80% in Government sponsored and market led programme. * Apply For Affiliation.
* (T & C applicable)

**SCHOOL OF MEDICAL TECHNOLOGY**
Contact: 92315 20480 / 98747 60012 / 86978 72304 / 033 22272310

Address : 24, Girish Chandra Bose Road, 3rd Floor, Entally (Above Entally SBI Bank) Kolkata : 700014
Website: www.ssmtskill.com

পশ্চিমবঙ্গ সরকারি ডায়মণ্ড হারবার ওমেন ইউনিভার্সিটি স্বীকৃত গুরুকুল এডুটেক কলেজে

# সার ও কীটনাশক-এর লাইসেন্সের জন্য অত্যাবশ্যকীয় এবং কর্মমুখী ১ বছরের ডিপ্লোমা ইন এগ্রিকালচার কোর্সে সীমিত আসনে ভর্তি চলছে

মাধ্যমিক পাশ ছেলে ও মেয়েদের জন্য

**নিজস্ব সংবাদদাতা** : সারের বা কীটনাশকের দোকান আছে? বা খুলবেন বলে ভাবছেন? লাইসেন্স পেতে গেলে বা, লাইসেন্স কন্টিনিউ করতে হলে সরকারি নিয়ম অনুসারে আজ বাধ্যতামূলক হয়ে গেছে, ১ বছরের ডিপ্লোমা ইন এগ্রিকালচার কোর্স করা কোনো সরকারি ইউনিভার্সিটির সার্টিফিকেট-সহ। অনেকেই আবার ভাবছেন কী কোর্স করলে চাকরি পাবো? পশ্চিমবঙ্গের বাইরে যেতে হবে কী কোর্সে ভর্তি হতে? সব সমস্যার সমাধান নিয়ে এই বছরে সীমিত আসনে ১ বছরের ডিপ্লোমা ইন এগ্রিকালচার কোর্সে পশ্চিমবঙ্গ সরকারি ডায়মণ্ড হারবার ওমেন ইউনিভার্সিটি স্বীকৃত গুরুকুল এডুটেক কলেজে ভর্তি শুরু হয়ে গেছে। কলেজে রয়েছে ১৫ বছরের বিশ্বস্ততা, বাংলার প্রতিটি জেলার হাজার-হাজার সফল ছাত্রছাত্রীদের বিশ্বাস, শ্রেষ্ঠ অধ্যাপকদের কাছে শিক্ষালাভের সুযোগ, নিজস্ব ফার্ম ইন্ডাস্ট্রিতে লাইভ ট্রেনিং, অত্যাধুনিক ল্যাব এবং ফ্রী স্পোকেন ইংলিশ ও সফট স্কিল ক্লাস এবং লাইসেন্স পাওয়ার জন্য প্রয়োজনীয় যোগ্যতা-সহ সর্বোচ্চ স্বীকৃত সরকারি বিশ্ববিদ্যালয়ের সার্টিফিকেট এবং শিক্ষান্তে চাকরির সুযোগ। তাই আর দেরি না করে এখনই যোগাযোগ করুন নিচের ঠিকানাতে : গুরুকুল এডুটেক কলেজ, লাঙ্গলবেড়িয়া, গোবিন্দপুর, নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের কাছে, কলকাতা। ফোন : 7059918186, 8981611881. Website : www.gurukulinstitute.org.in

# মেয়েদের প্লেসমেন্টের জন্য রাজ্যের অন্যতম সেরা নার্সিং কলেজের অনন্য নজির

**সুব্রত সেন, চুঁচুড়া** : সম্প্রতি রাজ্যের সব নার্সিং কলেজ নিয়ে ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিল একটিরিভিউ করেছিল। কোন কলেজ কেমন প্লেসমেন্ট দিচ্ছে বা কার পড়াশুনোর মান কেমন বা কোন কলেজের ল্যাবরেটোরিতে হাইলি মডিফায়েড নার্সিং ও সার্জিক্যাল ইক্যুইপমেন্টের মাধ্যমে প্র্যাক্টিক্যাল শেখানো হয় বা কোন কলেজের ফ্যাকাল্টি সবচেয়ে উন্নত — এই রকমই বেশ কিছু গুরুত্বপূর্ণ পয়েন্ট নিয়ে তৈরি এই রিভিউ রিপোর্টস-এ যে কলেজের নাম একদম উপরের দিকে আছে — সেটি হল চুঁচুড়া নার্সিং ইনস্টিটিউট। এই অনন্য নজিরের পেছনে সিক্রেট কী? উত্তরে কলেজের প্রেসিডেন্ট নীশেস ঘোষ জানালেন — "দেখুন এখন পাড়ায় পাড়ায় নার্সিংহোম বা হাসপাতাল রয়েছে। ফলে ট্রেইনড নার্সের চাহিদা সব সময় বাড়ছে। কিন্তু সেই লেভেলের ট্রেইনড নার্স এখন কোথায়? এই অভাব দূর করতেই কলকাতার একদম কাছে চুঁচুড়ায় এই প্রতিষ্ঠান তৈরি করা হয়। যা আজকে রাজ্যের মধ্যে অন্যতম সেরা নার্সিং কলেজ। মূলত মেয়েদের জন্য তৈরি এই কলেজে ৩ বছরের জিএনএম নার্সিং পড়ানো হয়।" কলেজের এই কৃতিত্ব মূলত কোন কোন বিষয়ের ওপর নির্ভরশীল? উত্তরে কলেজের সেক্রেটারি তরুণ কুমার চ্যাটার্জী জানালেন — "দেখুন এই রাজ্যে হসপিটাল বেড রয়েছে প্রায় ১,০০,০০০। তার মধ্যে ১৪,০০০ সুপার স্পেশালিটি বেড। আর এই বিশাল পরিষেবা ঠিকঠাক মতো দেওয়ার জন্য প্রতিটি হাসপাতাল বা নার্সিংহোমে সারা বছর ধরে নিয়োগ চলে। তাই এমন জায়গা থেকে নার্সিং-এর ট্রেনিং নিতে হবে — যেখানে মুলত এই ব্যপারগুলি আছে — (১) যে প্রতিষ্ঠান থেকে নার্সিং নিয়ে পড়বেন, সেটি INC ও WBNC অনুমোদিত হতে হবে। এক্ষেত্রে আমাদের কলেজ থেকে নার্সিং পাশ করলে মেয়েরা যে সার্টিফিকেট পাবেন, তা রাজ্য সরকার (WBNC) ও কেন্দ্রীয় সরকার (INC) নার্সিং কাউন্সিল স্বীকৃত — যা সবাইকে কোর্স শেষে প্লেসমেন্ট (সরকারি বা, বেসরকারি) পেতে ১০০% সাহায্য করবে। (২) এটা আমরা সবাই জানি, নার্সিং ট্রেনিংয়ের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হল প্র্যাক্টিক্যাল। এক্ষেত্রে আমাদের কলেজের সঙ্গে সরকারি হাসপাতালের স্পেশাল ইন্ডাস্ট্রিয়াল টাই-আপ থাকায়, এখানে উন্নত মানের প্র্যাক্টিক্যাল ট্রেনিংয়ের যে সুবিধা আছে, তা আর কোথাও নেই। (৩) প্লেসমেন্ট টিম সুদক্ষ কিনা — যাঁরা প্রতিনিয়ত রাজ্যের নামী-দামী হাসপাতাল/ নার্সিং হোম / ডায়গনস্টিক্স সেন্টার / মেডিক্যাল সার্ভিস সেন্টার'এর সঙ্গে যোগাযোগ রাখে, যা এখান থেকে পাশ করা মেয়েদের চাকরি পেতে সাহায্য করবে। (৪) কলেজের নার্সিং ফ্যাকাল্টি অত্যন্ত উচ্চমানের — যা মেয়েদের হাতে-কলমে ঠিকঠাক নার্সিং শেখাতে অনেকক্ষেত্রে সাহায্য করবে। এছাড়াও দীর্ঘ এক দশকের ইন্ডাস্ট্রিয়াল অভিজ্ঞতা থাকায়, মেয়েরা তাঁদের কাছ থেকে 'ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড নার্সিং' শিখতে পারবে, যা রাজ্যের মধ্যে খুব কম কলেজেই আছে। (৫) মফঃস্বলের মধ্যে এত কম কোর্স ফী'তে এত উন্নত মানের নার্সিং ট্রেনিংয়ের সুবিধা আর কোথাও নেই বললেই চলে। (৬) মূলত মেয়েদের জন্য তৈরি এই প্রতিষ্ঠানে যে ধরনের প্রফেশনাল ট্রেনিং ন্যূনতম কোর্স ফি'তে দেওয়া হয় তা রাজ্যের অন্য কোনো প্রতিষ্ঠানে ভাবাই যায় না। যে কোনো শাখার উচ্চমাধ্যমিক পাশ মেয়েরা ন্যূনতম ৪৫% নম্বর পেয়ে পাশ করলে আবেদন করতে পারবেন। বয়সের কোনো কড়াকড়ি নেই অর্থাৎ, যে কোনো বয়সের মেয়েরা ভরতি হতে পারেন। এছাড়াও এখানে এডুকেশন লোন / স্টুডেন্টস ক্রেডিট কার্ড-সহ সব ধরনের সরকারি স্কলারশিপের সুবিধা আছে। একথা নিঃসন্দেহে বলা যায়, খুব কম খরচে GNM নার্সিং পড়ানোর এত ভালো প্রফেশনাল নার্সিং কলেজ রাজ্যের মধ্যে খুব সামান্যই আছে। একথা হলফ করেই বলা যায় যে উচ্চমাধ্যমিক পাশ করে নার্সিং নিয়ে কেরিয়ার তৈরি করলে যে সুনিশ্চিত চাকরি পাবেন তা অন্য কোনো প্রফেশনাল কোর্সের ক্ষেত্রে হবে না। তাই আর দেরি না করে ভরতি হওয়ার জন্য সরাসরি ফোন করুন এই হেল্প লাইন নম্বরে : 9732552726, 9433535299, 9674238947 অথবা সরাসরি চলে আসুন ইনস্টিটিউটের ক্যাম্পাসে : জগন্নাথবাটি, চুঁচুড়া স্টেশন রোড (পশ্চিম), পিএইচই ওয়াটার ট্যাঙ্কের কাছে, পোঃ- সুগন্ধ, থানা- পোলবা, জেলা- হুগলি, পিন- ৭১২১০২।

# কেন্দ্রীয় সংস্থায় ৭ কর্মমুখী কোর্সে ভরতি

**নিজস্ব সংবাদদাতা, হাওড়া** : কেন্দ্রীয় সরকারের ক্ষুদ্র, ছোটো ও মাঝারি শিল্প মন্ত্রকের অধীন এনএসআইসি- টেকনিক্যাল সার্ভিসেস সেন্টারে ২০২৫-'২৭ সেশনে এনসিভিটি স্বীকৃত এই ৭টি আইটিআই ট্রেডে ভরতি নিচ্ছে : ইলেকট্রিশিয়ান, ফিটার, মেশিনিস্ট, সার্ভেয়র, ড্রাফটসম্যান মেকানিক্যাল, টার্নার ও ওয়েল্ডার। প্রথম ৬টি ট্রেডের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা দরকার মাধ্যমিক পাশ। সব কোর্সের মেয়াদ ২ বছর। ওয়েল্ডার ট্রেডের ক্ষেত্রে যোগ্যতা দরকার এইট পাশ ও মেয়াদ ১ বছর। আধুনিক পরিকাঠামো, অভিজ্ঞ শিক্ষকরা পড়ান। সব ক্ষেত্রে অন জব ট্রেনিং ও ইন্ডাস্ট্রি ভিজিটের সুযোগ রয়েছে। চাকরির ক্ষেত্রে সাহায্য করা হয়। আগে আসার ভিত্তিতে সুযোগ। ভরতির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : এনএসআইসি-টেকনিক্যাল সার্ভিসেস সেন্টার, জাপানিগেট, বাল্টিকুরি, হাওড়া-৭১১১১৩। ফোন- 8910394968, 9433048241, 8777828421. ওয়েবসাইট : https://www.nsic.co.in/NTSC/Howrah.


এক চান্সে পাশ করুন

Class 10th/12th From Govt. Board. Elec/Fitter from I.T.I (Pvt.) Orissa. UGC/DEB/AICTE/BCI/PCI Appr. Univ থেকে BA/BCom/ MA/MCom /BSc/MSc/MBA/ BBA/BCA/ BBA / Fire Safety/ Para Medical/BLIS/MLIS/ Ph.D/Dip. Eng. / B.Tech./ M.Tech/LLB/D.Pharm/B.Pharm.

**Cont.: HALISAHAR VASKODAGAMA** (ESTD 1991). **PH. : 7980435103**



প্রগতি ITI-এ ভর্তি
বহরমপুর ও কৃষ্ণনগরে

NCVT অনুমোদিত বহরমপুর প্রগতি ITI ও কৃষ্ণনগর প্রগতি ITI-এ ২০২৫ সেশনে নিচের ট্রেডগুলিতে ভর্তি চলছে

কোর্স : ইলেক্ট্রিশিয়ান ও ফিটার

বহরমপুর : 9434900500
কৃষ্ণনগর : 9434900700



রবীন্দ্র মুক্ত কোচিং সেন্টার
রবীন্দ্র পাঠভবন

মাধ্যমিক পাশ করুন অতি সহজে বাংলা মিডিয়াম

শাখা : বেলঘরিয়া, কল্যাণী, আরামবাগ, বিরাটি, লিলুয়া, রিষড়া, সোদপুর

Cont. 8336088511
8335066916


## বিনা খরচায় ইঞ্জিনিয়ারিং পড়ে নৌবাহিনীতে চাকরি

**নিজস্ব প্রতিনিধি, নয়া দিল্লি** : ভারতীয় নৌবাহিনী ১০+২ ক্যাডেট (বি.টেক.) এন্ট্রি স্কিমে পার্মানেন্ট কমিশনে 'অফিসার' পদে ৪৪ জন অবিবাহিত ছেলে নিচেছ। নেওয়া হবে এক্সিকিউটিভ অ্যান্ড টেকনিক্যাল ব্রাঞ্চে। দরখাস্ত করবেন অনলাইনে, ১৪ জুলাইপর্যন্ত। এই ওয়েবসাইটে : www.joinindiannavy.gov.in বিস্তারিত থাকবে আগামী সপ্তাহে


গোবরডাঙা শিল্পায়ন নাট্য বিদ্যালয়
সহযোগী
রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির

অভিনয় শেখার ডিপ্লোমা কোর্স

বিভাগ ক (৯ থেকে ১৪ বছর) (কোর্স ফি ৪০০০)
বিভাগ খ (১৪ বছরের উর্ধ্বে) (কোর্স ফি ৫০০০)

এবছর যাঁরা ক্লাস নিতে আসছেন

- মেঘনাথ ভট্টাচার্য্য
- আশিস গিরি
- শান্তনু দাস
- পিয়াল ভট্টাচার্য্য
- অঞ্জন দেব
- উৎপল ফৌজদার
- সুরঞ্জনা দাশগুপ্ত
- সুরজিৎ পাল
- দীপঙ্কর মল্লিক
- শুভাশিস মুখোপাধ্যায়
- সুপ্রিয় দত্ত
- বিপ্লব বন্দ্যোপাধ্যায়
- সৌমিত্র মিত্র
- বিলু দত্ত
- অতনু বর্মন
- শুভেন্দু মুখোপাধ্যায়
- মোনালিসা চট্টোপাধ্যায়
- সুভাষ চক্রবর্তী
- সন্দীপ ভট্টাচার্য
- সঞ্জীব সরকার
- তরুণ প্রধান
- বিপ্লব ঘোষ
- শেখর সমাদ্দার
- দেবকুমার পাল
- বরুণ কর
- জয়ন্ত বিশ্বাস
- আশিস চট্টোপাধ্যায়

সম্ভাবনার নতুন দিগন্ত • ক্লাস প্রতি রবিবার

- কোর্স শেষে নাটক নিয়ে উচ্চতর পড়াশোনা ও গবেষণার সুযোগ।
- এক্সট্রা কারিকুলাম অ্যাক্টিভিটি হিসাবে এই সার্টিফিকেট চাকরির ক্ষেত্রে সুবিধাজনক হবে।
- মঞ্চ, দূরদর্শন, চলচ্চিত্র ইত্যাদি জায়গায় সুযোগের সম্ভাবনা।

ভর্তি চলছে
২০২৫-২৬

৬ই জুলাই থেকে ক্লাস শুরু

যোগাযোগ : 9733925384 / 9609033707

আসন সংখ্যা সীমিত, সত্বর যোগাযোগ করুন



পশ্চিমবঙ্গ তপশিলী জাতি, আদিবাসী ও অন্যান্য অনগ্রসর শ্রেণী উন্নয়ন ও বিত্ত নিগম

(পশ্চিমবঙ্গ সরকারের অধীন একটি সংস্থা)

সি এফ ২১৭/এ/১, সেক্টর-১, সল্টলেক, কলকাতা-৭০০০৬৪

তপশিলী জাতি এবং উপজাতিভুক্ত (SC & ST) যুবক/যুবতীদের কর্মসংস্থান ও স্বনির্ভরতার জন্য বিনা ব্যয়ে আবাসিক প্রশিক্ষণের সুযোগ

| Course Name (বিষয়) | Duration (স্থিতিকাল) | Eligibility (শিক্ষাগত যোগ্যতা) |
|---|---|---|
| Asst. Operator - CNC Turning (NCVET অনুমোদিত এবং NSQF স্বীকৃত কোর্স) | ৬ মাস | দশম বা মাধ্যমিক পাস |
| Asst. Operator - CNC Milling (NCVET অনুমোদিত এবং NSQF স্বীকৃত কোর্স) | ৬ মাস | দশম বা মাধ্যমিক পাস |
| Jr. Technician - Welding (NCVET অনুমোদিত এবং NSQF স্বীকৃত কোর্স) | ৬ মাস | দশম বা মাধ্যমিক পাস |

যোগ্যতা ঃ ন্যূনতম বয়স ১৬ বছর। পারিবারিক বার্ষিক আয় সর্বাধিক ৩০০০০০ টাকা।

প্রশিক্ষণ কেন্দ্র

| জেলা | প্রশিক্ষণ কেন্দ্রের ঠিকানা |
|---|---|
| উত্তর ২৪ পরগনা | **MSME Technology Centre – Kolkata** (Central Tool Room and Training Centre) Bonhooghly Industrial Area, Kolkata-700108, Baranagar |

সেন্টারের (CTTC, Kolkata) নির্দিষ্ট আবেদন ফর্ম সেন্টারে বিনামূল্যে পাওয়া যাবে।

অথবা অনলাইনে সরাসরি আবেদন করুন এই ঠিকানায় ঃ **www.msmetoolroomkolkata.com**

বিশদ জানতে যোগাযোগ করুন ঃ **Training Cell : 9330193304**

প্রকল্প রূপায়নে ঃ

**Central Tool Room & Training Centre**
**Bonhooghly Industrial Area; Kolkata-700108**
**(Ministry of Micro, Small & Medium Enterprises, Govt. of India Society)**

সফলভাবে কোর্স সমাপ্ত করার পর সকল সফল উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের উপযুক্ত কর্মসংস্থানের জন্য সহায়তা করা হবে।

# স্কলারশিপের মাধ্যমে অল্প খরচে নিজের রোজগারে ট্রেনিং নিয়ে দেশ-বিদেশে সরাসরি চাকরি

**নিজস্ব সংবাদদাতা, ব্যারাকপুর :** কেন্দ্রীয় সরকার স্বীকৃত রাজ্যের অন্যতম সেরা হোটেল ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান তথা Central Institute of Hotel and Hospitality Management College (CIHM) থেকে ছেলেমেয়েরা খুব সহজেই স্কলারশিপের মাধ্যমে কম খরচে নিজে রোজগারে পড়াশুনা করার পর স্পেশালাইজড ট্রেনিং নিয়ে দেশে ও বিদেশের পাঁচতারা হোটেলে সরাসরি কাজ করতে পারবেন। সর্বোচ্চ ৬০% স্কলারশিপ নিয়ে এখান থেকে পড়াশুনা করে Taj, Marriott, Hyatt, ITC, Apollo, IRCTC e-Catering-সহ ব্যাঙ্ক, টি.সি.এস, কার্নিভাল ক্রুজে কাজ করার সুবর্ণ সুযোগ রয়েছে। সেলিব্রিটি শেফ সঞ্জীব কাপুরের হাত থেকে পাওয়া বিশেষ পুরস্কারে ভূষিত এই প্রতিষ্ঠান প্লেসমেন্টের ব্যাপারে এখন রাজ্যের অন্যতম সেরা। কারণ এখানে সবটাই মডার্ণ ইক্যুইপমেন্ট সমৃদ্ধ কুলিনারি ল্যাবের মাধ্যমে হাতে-কলমে শেখানো হয়। এছাড়াও এখানকার প্লেসমেন্টসেল সারা বছর জুড়ে দেশ ও বিদেশের প্রথম সারির পাঁচতারা হোটেল ও কার্নিভাল ক্রুজলাইনারদের সঙ্গে এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করে রাখে যে এখান থেকে পাশ করার পরই ছেলেমেয়েরা একসঙ্গে ২ থেকে ৩টে অফার লেটার পায়। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পাশের পর সরাসরি এই কলেজে ভরতি হলে কোর্স ফি-র ওপর ৬০ শতাংশ 'অন স্পট স্কলারশিপ'এর ব্যবস্থা আছে। ভরতি হওয়ার আগে সবাইকে কেরিয়ার ওরিয়েন্টেড স্পেশালাইজড ফ্রি কাউন্সেলিং করানো হয়। বয়স হতে হবে : ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। এখানে যেসব কোর্স শিখিয়ে চাকরি দেওয়া হয় তা হল — **(১) হসপিটালিটি ম্যানেজমেন্ট, (২) হোটেল ম্যানেজমেন্ট, (৩) হসপিটাল ম্যানেজমেন্ট, (৪) ক্রুজশিপ ম্যানেজমেন্ট, (৫) রিসেপশনিস্ট, (৬) বার টেন্ডিং, (৭) ফুড এন্ড বেভারেজ সার্ভিস, (৮) কুলিনারী আর্টস, (৯) হাউস কিপিং, (১০) অ্যাভিয়েশন, (১১) এয়ারপোর্ট।** ওপরের সব কোর্সই MCA, Govt. of India অনুমোদিত ও ন্যাশনাল কাউন্সিল VTE দ্বারা স্বীকৃত। আসন সংখ্যা সীমিত। ভর্তির ফী মাত্র ২,০০০ টাকা।

তাই এই ধরনের চাকরিমুখী প্রফেশনাল কোর্সে ভর্তির ব্যাপারে বিশদ জানতে আজই যোগাযোগ করুন এই নম্বরে — 9163453155, 8013990366, 6290510340. কলকাতা, ব্যারাকপুর ক্যাম্পাস।

# সরকার স্বীকৃত স্যানিটারি ইন্সপেক্টর কোর্স করে সরকারি চাকরি

**নিজস্ব প্রতিনিধি,কলকাতা :** কলকাতার ইন্ডিয়ান ইনস্টিটিউট ফর হেলথ ট্রেনিং নতুন সেশনে অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ লোকাল সেলফ গভর্নমেন্ট, মুম্বই অনুমোদিত ও কেন্দ্রীয় সরকার স্বীকৃত স্যানিটারি ইন্সপেক্টরের অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে। যে কোনো শাখার উচ্চ মাধ্যমিক বা সমতুল কোর্স পাস ও সেই সঙ্গে কমপিউটারে বেসিক সার্টিফিকেট থাকলে আবেদন করতে পারেন। কেন্দ্রীয় সরকার স্বীকৃত এই কোর্সটি পূর্ব ভারতে একমাত্র এই প্রতিষ্ঠানে পড়ানো হয়। ১ বছরের অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সে থিওরির পাশাপাশি হাতে কলমে প্রাকটিক্যাল ট্রেনিং দেওয়া হয়। সংস্থার প্রিন্সিপ্যাল রাম নারায়ণ মন্ডল জানান, স্যানিটারি ইন্সপেক্টরের ডিপ্লোমা কোর্স পাস করার পর রেল,পুর নিগম, পোর্ট, হাসপাতাল সহ বিভিন্ন স্বাস্থ্য ক্ষেত্রে চাকরি হয়। এ ছাড়াও এখানে স্বাস্থ্য বিষয়ে স্বল্প মেয়াদি বিভিন্ন কোর্স পড়ানো হয়। আগে আসার ভিত্তিতে সুযোগ পাওয়া যাবে। ভর্তির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায়: আই আই এইচ টি (IIHT), ২২৬ বি বি গাঙ্গুলি স্ট্রিট, বৌবাজার, কলকাতা ৭০০০১২। ফোন: ৯৮৩৬৩৯৬৭৩৪/ ৭০০৩২২৪৪২৭/৯০৫১২৬০৯২৪। ওয়েবসাইট: www.iiht.in

বিজ্ঞাপন

## গুরুকুল ন্যাশনাল ইনস্টিটিউট এন্ড ম্যানেজমেন্ট এর মাধ্যমে

# বিনামূল্যে প্রত্যেক জেলাতে জেনারেল ডিউটি অ্যাসিস্ট্যান্ট, জিএনএম ও ফার্মেসি কোর্স করিয়ে স্বাস্থ্য দপ্তরে চাকরি

## (মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পাস ছেলেমেয়েদের জন্য)

'গুরুকুল ন্যাশনাল ইনস্টিটিউট এন্ড ম্যানেজমেন্ট' এর পরিচালনায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পাস ছেলে-মেয়েদের পশ্চিমবঙ্গের প্রত্যেক জেলার একাধিক সরকারি স্বীকৃত ট্রেনিং ইনস্টিটিউটে সম্পূর্ণ বিনামূল্যে ভর্তি করিয়ে প্রশিক্ষণ দিয়ে সরকারি স্বীকৃত সংস্থায় কয়েক হাজার স্থায়ী চাকরি দেওয়া হবে। প্রশিক্ষণ কেন্দ্রগুলি পাবেন এই জায়গাগুলিতে — **আলিপুরদুয়ার** : শোভাগঞ্জ, **বাঁকুড়া** : বিষ্ণুপুর, পুয়াবাগান, **বীরভূম** : বোলপুর, সিউরি, ইলামবাজার, নকরাকোন্ডা, **দক্ষিণ দিনাজপুর** : সুদর্শন নগর, **দার্জিলিং** : শিলিগুড়ি, **হুগলি** : ডানকুনি, চুঁচুড়া, চন্দননগর, তারকেশ্বর, ব্যান্ডেল, আরামবাগ, **হাওড়া** : লিলুয়া, উলুবেড়িয়া, সাঁকরাইল, **জলপাইগুড়ি** : জলপাইগুড়ি, **কলকাতা** : বেহালা, সল্টলেক, নিউ টাউন, নরেন্দ্রপুর, রাজারহাট, জোকা, **মালদা** : ইংলিশ বাজার, চণ্ডীপুর, **মুর্শিদাবাদ** : বহরমপুর, রঘুনাথগঞ্জ, বসন্তপুর, **নদিয়া** : কল্যাণী, চাকদহ, কৃষ্ণনগর, নবদ্বীপ, **উত্তর ২৪ পরগনা** : বারাসাত, ব্যারাকপুর, মধ্যমগ্রাম, **পশ্চিম বর্ধমান** : দুর্গাপুর, **পশ্চিম মেদিনীপুর** : খড়গপুর, **পূর্ব মেদিনীপুর** : হলদিয়া, কোলাঘাট, **পুরুলিয়া** : রঘুনাথপুর, মণিপুর, **দক্ষিণ ২৪ পরগনা** : বজবজ, বাটানগর, পৈলান। জেলাভিত্তিক ট্রেনিং ইনস্টিটিউট গুলির সম্পূর্ণ তালিকা দেখতে পাবেন নিম্নে উল্লেখিত ওয়েবসাইটে। প্রশিক্ষণের শেষে স্থায়ী চাকরিতে যোগদান করতে পারবেন সরাসরি সরকারি অনুমোদিত বা পরিচালিত সংস্থায়। ন্যূনতম মাধ্যমিক পাস ছেলেমেয়েরা আবেদন করতে পারবেন। সমস্ত ট্রেড ও আসন সংখ্যার বিবরণ : জেনারেল ডিউটি অ্যাসিস্ট্যান্ট- 2500টি, জিএনএম- 1000টি ও ব্যাচেলার ইন ফার্মেসি- 200টি। বয়স : 1লা জুলাই 2025 হিসাবে 18 থেকে 35 বছরের মধ্যে হতে হবে। ওবিসি-রা বয়সে তিন বছর এবং এসসি ও এসটি প্রার্থীরা বয়সে পাঁচ বছর ছাড় পাবেন। প্রার্থী নির্বাচন করা হবে স্কিল টেস্ট ও পার্সোনালিটি টেস্ট এর মাধ্যমে। ইনস্টিটিউটে প্রশিক্ষণ চলাকালীন স্কলারশিপ পাবেন প্রত্যেক বছরে 40,000 টাকা এবং ইন্টার্নশিপ চলাকালীন স্টাইফেন পাবেন প্রতি মাসে 10,000 টাকা। ইনস্টিটিউট ট্রেনিং এবং ইন্টার্নশিপ চলাকালীন উভয় ক্ষেত্রেই হোস্টেল অর্থাৎ থাকা খাওয়ার সুবিধা পাবেন বিনামূল্যে ( হোস্টেলে থাকা বাধ্যতামূলক নয়)। সবশেষে স্থায়ী চাকরিতে যোগদান করানো হবে এবং তখন শুরুতে পাবেন প্রতিমাসে 30 থেকে 35 হাজার টাকা পর্যন্ত সমস্ত সুযোগ সুবিধা সহ। **ভর্তি প্রক্রিয়া** : অনলাইনে ভর্তির জন্য আবেদন করুন এই ওয়েবসাইটে **www.gnim.org** আবেদন করার সময় যেকোনো একটি ট্রেড এবং আপনার নিকটবর্তী যে জায়গার ইনস্টিটিউট থেকে প্রশিক্ষণ নিতে চান, আপনার পছন্দের সেই জায়গাটি নির্বাচন করুন। সবশেষে অনলাইনের মাধ্যমে রেজিস্ট্রেশন ফিস জমা দিয়ে আপনার রেজিস্টার্ড ইমেইল থেকে আপনার আবেদন পত্রটি প্রিন্ট করুন। আমাদের অনুমোদিত অফিসের ঠিকানা : Building No : 369, 4th floor, Opposite of Yes Bank, Block-K, New Alipore, Kolkata- 700053, যেকোনো বিষয়ে বিস্তারিত জানার জন্য কল অথবা হোয়াটসঅ্যাপ করুন সকাল 10টা থেকে বিকাল 4টা পর্যন্ত, শনিবার, রবিবার ও অন্যান্য ছুটির দিন বাদ দিয়ে 033-6902-9692 & 9093085089

বিজ্ঞাপন

## পশ্চিমবঙ্গ সরকারের ডায়মন্ডহারবার ওম্যান ইউনিভার্সিটি স্বীকৃত

# ডিপ্লোমা ইন মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজি (D.M.L.T) কোর্স করে প্রচুর সরকারি ও বেসরকারি চাকরির সুযোগ সহ সুনিশ্চিত চাকরি ও ১০০% কেরিয়ার এর সুযোগ

**উচ্চমাধ্যমিক পাশ ছেলে ও মেয়েদের জন্য**

**নিজস্ব সংবাদদাতা :** এবার চাকরি আপনাকে খুঁজবে। পশ্চিমবঙ্গ সরকারি বিশ্ববিদ্যালয় ডায়মন্ডহারবার ওম্যান ইউনিভার্সিটি স্বীকৃত গুরুকুল এডুটেক কলেজে সুনিশ্চিত চাকরি ও ১০০% গ্যারান্টেড কেরিয়ার এর সুযোগ সহ সীমিত আসনে ডিপ্লোমা ইন মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজি (D.M.L.T) কোর্সে ভর্তি চলছে। যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছাত্র ও ছাত্রীরা কোর্সটি করতে পারেন। গুরুকুল এডুটেক কলেজ ১৫ বছরের পুরোনো এবং স্বনামধন্য একটি প্রতিষ্ঠান যার হাজার হাজার পাশ করা ছাত্র ছাত্রীরা আজ কলেজ থেকে চাকরি পেয়ে সরকারি ও বেসরকারি ক্ষেত্রে দেশ ও বিদেশে কর্মরত ও সুপ্রতিষ্ঠিত। তাই বাংলার প্রতিটি জেলার ছাত্র ছাত্রী ও অভিভাবকদের প্রথম পছন্দ এই কলেজ। কলেজের ক্যাম্পাস এ রয়েছে নিজস্ব সুবিশাল অত্যাধুনিক এগ্রিকালচার ফার্ম, একের পর এক অত্যাধুনিক ল্যাবরেটরি, অভিজ্ঞ ও প্রাজ্ঞ পূর্বভারতের সেরা প্রফেসরদের কাছে শিক্ষালাভের সুযোগ। প্রথম বর্ষ থেকেই ক্যাম্পাসে পড়াশোনার পাশাপাশি বিভিন্ন কোম্পানিতে ও শিল্পক্ষেত্রে রয়েছে লাইভ ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং যা শিক্ষার্থীকে জব ও ইন্ডাস্ট্রি রেডি করে তোলে। সাথে থাকবে ইন্ডাস্ট্রিতে ইন্টার্নশীপ। কোর্স শেষে থাকবে ক্যাম্পাস ইন্টারভিউ এবং সবার হাতে দেশি বিদেশি নামকরা সংস্থাতে চাকরির এপয়েন্টমেন্ট লেটার। শুধুমাত্র পশ্চিমবঙ্গ এবং পূর্ব ভারতে প্রতি বছর কয়েকহাজার ডিপ্লোমা ইন মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজি (D.M.L.T) পাশ ছাত্র- ছাত্রী এখনই দরকার যা আগামী দিনে কয়েকগুন বাড়বে। তাই গুরুকুল এডুটেক কলেজে ভর্তির জন্য এবং নিজের জীবন এবং সুনিশ্চিত কেরিয়ারের জন্য এখনই যোগাযোগ করুন নিচের ঠিকানায় গুরুকুল এডুটেক কলেজ, লাঙ্গলবেড়িয়া, নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের কাছে, কলকাতা। ফোন : 7059918186, 8981611881 ওয়েবসাইট : www.gurukulinstitute.org.in

# বিমা সংস্থায় ২৬৬ অফিসার

১ পাতার পর

৪ বছরের ডিগ্রি (বি.ই. বা, বি.টেক) কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শূন্যপদ : ২০টি (জেনাঃ ৮, ও.বি.সি. ৬, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস ২)।

**ইনফর্মেশন টেকনোলজি** : কম্পিউটার সায়েন্স বা, ইনফর্মেশন টেকনোলজির ৪ বছরের ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স কিংবা এম.সি.এ. কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শূন্যপদ : ২০টি (জেনাঃ ৮, ও.বি.সি. ৬, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস ২)।

**ফিনান্স** : বি.কম. বা, এম.কম. কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। **চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি বা, কস্ট অ্যাকাউন্ট্যান্সি কোর্স পাশরাও** যোগ্য। শূন্যপদ : ২০টি (জেনাঃ ৮, ও.বি.সি. ৬, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস ২)।

ওপরের সব ক্ষেত্রে বয়স হতে হবে ১-৫-২০২৫'র হিসাবে ২১ থেকে ৩০ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে২-৫-১৯৯৫ থেকে ১-৫-২০০৪'এর মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর আর দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৫০,৯২৫-৯৬,৭৬৫ টাকা। শুরুতে মেট্রো শহরে চাকরি হলে মোট মাইনে মাসে প্রায় ৮৫,০০০ টাকা। এছাড়াও অন্যান্য ভাতা পাবেন। শুরুতে ১ বছরের প্রবেশন, যা আরো ৬ মাস বাড়তে পারে।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে অনলাইন প্রিলিমিনারি পরীক্ষা হবে ২০ জুলাই। এইসব কেন্দ্রে : কলকাতা/ গ্রেটার কলকাতা, শিলিগুড়ি, আসানসোল, আগরতলা, গ্যাংটক, বেরহামপুর, রৌরকেলা, কটক, ভুবনেশ্বর, রাঁচী, জামশেদপুর, ভাগলপুর, গয়া, পটনা, জোড়হাট, শিলচর, ডিব্রুগড়, গুয়াহাটি।

এই পরীক্ষায় ১০০ নম্বরের অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) ইংলিশ ল্যাঙ্গোয়েজ -৩০ নম্বর, (২) রিজনিং এবিলিটি -৩৫ নম্বর, (৩) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড - ৩৫ নম্বর। সময় থাকবে এক ঘন্টা। সফল হলে মোট শূন্যপদের ১৫ গুণ প্রার্থীকে দ্বিতীয় পার্টের অনলাইন পরীক্ষার জন্য ডাকা হবে। পরীক্ষা হবে ৩১ আগস্ট। তখন জেনারেলিস্ট পদের বেলায় এই পরীক্ষায় ২৫০ নম্বরের ২৫০টি অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) টেস্ট অফ রিজনিং -৫০ নম্বর, (২) টেস্ট অফ কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড -৫০ নম্বর, (৩) টেস্ট অফ জেনারেল অ্যাওয়ারনেস -৫০ নম্বর, (৪) টেস্ট অফ ইংলিশ ল্যাঙ্গোয়েজ - ৫০ নম্বর, (৫) টেস্ট অফ কম্পিউটার নলেজ -৫০ নম্বর। 'স্পেশালিস্ট' পদের বেলায় অবজেক্টিভ টাইপের এই পরীক্ষায় ২৫০ নম্বরের ২৫০টি অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) টেস্ট অফ রিজনিং -৪০ নম্বর, (২) টেস্ট অফ কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড -৪০ নম্বর, (৩) টেস্ট অফ জেনারেল অ্যাওয়ারনেস - ৪০ নম্বর, (৪) টেস্ট অফ ইংলিশ ল্যাঙ্গোয়েজ - ৪০ নম্বর, (৫) টেস্ট অফ কম্পিউটার নলেজ **-৪০ নম্বর, (৬)** সংশ্লিষ্ট বিষয়ের ওপর প্রশ্ন-৫০ নম্বর। এরপর ৩০ নম্বরের ৩০ মিনিটের ডেসক্রিপ্টিভ টাইপের প্রশ্ন হবে ইংলিশ ল্যাঙ্গোয়েজ বিষয়ে (প্রবন্ধ লেখা ১০ নম্বর, প্রেসি লেখা ১০ নম্বর, কমপ্রিহেনশন ১০ নম্বর)। মেনস পরীক্ষা হবে কলকাতায়। প্রিলি ও মেনস সব ক্ষেত্রেই নেগেটিভ মার্কিং আছে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৩ জুলাই পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.nationalinsurance.nic.co.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো (২০-৫০ কে.বি.'র মধ্যে) ও সিগনেচার (১০-২০ কে.বি.'র মধ্যে) স্ক্যান করে নেবেন। অনলাইনে দরখাস্ত করার আগে পরীক্ষা ফী বাবদ ১,০০০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ২৫০) টাকা ডেবিট কার্ড (রুপে, ভিসা, মাস্টার কার্ড, ময়েস্ট্রো), ক্রেডিট কার্ড, ইন্টারনেট ব্যাঙ্কিং, আই.এম.পি.এস., ক্যাশ কার্ড, মোবাইল ওয়ালেটের মাধ্যমে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর ই-রিসিপ্ট প্রিন্ট করে নেবেন। এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে আর ফী ডিটেলস আপলোড করে ও ফটো আর সিগনেচার আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য ওপরের ওই ওয়েবসাইটেই পাবেন।

কর্মসংস্থান

বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ — : 9830795430

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

## চাকরির জন্য টাকা দেবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকী কোনোরকমের রেজিস্ট্রেশন ফী-ও দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। সেজন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, **কর্মসংস্থান**।

## বিশেষ বিজ্ঞপ্তি

'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা বা, বিজ্ঞাপন সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।

— সম্পাদক, **কর্মসংস্থান**।

ভর্তি চলছে

# BNG

## Hotel Management Institute , Kolkata



## হোটেল ম্যানেজমেন্ট

| Courses | Total FEE | Fee Payable after Scholarship |
|---|---|---|
| 3 Years Course | ~~1,90,000/-~~ | 1,40,000/-* |
| 2 Years Diploma | ~~90,000/-~~ | 70,000/- |
| 1 Year Diploma | ~~50,000/-~~ | 35,000/- |
| 6 months | ~~25,000/-~~ | 23,000/- |
| Learn & Earn ( 1 Year) | ~~50,000/-~~ | 25,000/- |

100% PLACEMENT ASSURED

**Residential Campus** - Hostel for boys & girls, Canteen Facility, Well Equipped Labs, Modern Infrastructure, Sports, **Cricket** , **Football** ,Indoor Games, Game Zone, etc

আসন সীমিত
যোগাযোগ করুন :
9830796307
9674062259

ট্রেনিং এবং প্লেসমেন্ট সহায়তা
দুবাই, কাতার, মরিশাস, সিঙ্গাপুর, মালয়েশিয়া, আমেরিকা, জার্মানি ইত্যাদি।

*One Time Payment

Our Recruiters .....

Scan this QR Code for Admission

Follow us @

INSTANT LOAN* available, No Guarantor required. NO COST EMI

Bring this Cutout to avail Scholarship Code :BNG#2025

BNG
HOTEL MANAGEMENT INSTITUTE
The Power House of Hospitality

ক্যাম্পাস : সেক্টর V - সল্টলেক ও নিউ টাউন ব্রিজের কাছে, বাস স্টপ- কোল ভবন।

City Office : 32 Dr L.M.Bhattacharya Road, Kolkata- 700014 ( Near Moulali) 10 mins from Sealdah Station

W : www.bngkolkata.com | E : admin@bngkolkata.com | P : +91 98307 96307 | Toll Free No. : 1800 891 1508

# কেরিয়ারের নতুন নতুন ক্ষেত্রের দিশা দেখাল দুর্গাপুরের APAI প্রি-কাউন্সেলিং ও শিক্ষামেলা




**সৈকত হালদার, দুর্গাপুর :** মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও ডিগ্রি কোর্সের পর একই ছাদের তলায় কেরিয়ারের দিশা দেখাল দ্য অ্যাসোসিয়েশন অফ প্রফেশনাল অ্যাকাডেমিক ইনস্টিটিউশন (APAI)-এর প্রি-কাউন্সেলিং ও শিক্ষামেলা। প্রতি বছর ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশনের ই-কাউন্সেলিং প্রক্রিয়ার আগে শিক্ষার্থীদের কেরিয়ারের সঠিক পথ দেখাতে এপিএআই প্রি-কাউন্সিলিং ও এডুকেশন ফেয়ার হয়। এবার হল ২১ জুন দুর্গাপুরে ফরচুন পুষ্পাঞ্জলি আইটিসি-তে। সকাল ১১টা থেকে সন্ধ্যে ৭টা পর্যন্ত। এই শিক্ষামেলায় ৪০টি কলেজ ও বিশ্ববিদ্যালয় অংশ নিয়েছিল। এবারের এপিএআই'র শিক্ষামেলা কলকাতা ছাড়াও আঞ্চলিক কেন্দ্রে হয়। এরমধ্যে ছিল শিলিগুড়ি, পশ্চিম মেদিনীপুর আর এই দুর্গাপুরের। তার একটাই কারণ কলকাতার পাশাপাশি রাজ্যের মফঃস্বল ও গ্রামের শিক্ষার্থীদের কেরিয়ারের দিশা দেখানো। সচেতন করা।

এই শিক্ষামেলায় একই ছাদের নীচে শিক্ষার্থীদের কেরিয়ারের নানান বিকল্প পথ, স্কলারশিপের সুযোগ, শিল্পক্ষেত্রের চাহিদার কোর্স আর আগামীদিনে কোন কোন ক্ষেত্রে চাকরির সুযোগ আসছে, তা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। বিশেষভাবে আলোকপাত করা হয় আজকের দিনের সম্ভাবনাময় এইসব কোর্স নিয়ে- আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স, ডেটা সায়েন্স, ইন্টারনেট অফ থিংস, রোবোটিক, ব্লকচেইন, ফুড টেকনোলজি ও বায়োমেডিকেল সায়েন্সেস। এইসব ক্ষেত্রে আলোচনার মাধ্যমে শিল্পক্ষেত্রের চাহিদা ও দক্ষ লোকের মধ্যে একটা সেতু বন্ধনের চেষ্টা করা হয়। এদিনের অনুষ্ঠান শুরু হয় এপিএআই-এর জেনারেল সেক্রেটারি ও সিস্টার নিবেদিতা কলেজের আচার্য সত্যম রায়চৌধুরীর স্বাগত ভাষণের মাধ্যমে। তিনি বলেন, 'এপিএআই'এর মূল লক্ষ্য বাংলার প্রতিটি শিক্ষার্থীর কাছে সঠিক সময়ে পৌঁছোনো আর তাদের কর্মসংস্থানের পথ দেখানো।' এপিএআই'এর সভাপতি ও জেআইএস বিশ্ববিদ্যালয়ের আচার্য তরণজিৎ সিং টায়ার-২ ও টায়ার-৩ শহরগুলোয় এই উদ্যোগ পৌঁছোনোয় প্রশংসা করেন। তিনি চাহিদাভিত্তিক প্র্যাক্টিক্যাল ট্রেনিংয়ের ওপর জোর দেন।

এদিনের অনুষ্ঠানের উদ্বোধন হয় জ্ঞান ও প্রজ্ঞার উন্নতি, যত্ন, পরিচর্যার প্রতীক হিসাবে গাছে জল দেওয়ার মাধ্যমে। অনুষ্ঠানে বিশিষ্ট অতিথিরাও ছিলেন। রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী প্রদীপ মজুমদার শহর ও গ্রামাঞ্চলের শিক্ষার মধ্যে বৈষম্য দূর করে এক সেতু বন্ধনের কথা বলেন। আসানসোল দুর্গাপুর ডেভেলপমেন্ট অথরিটির চেয়ারম্যান কবীর দত্ত আঞ্চলিক শিক্ষা প্রতিষ্ঠানগুলোর পরিকাঠামো গড়ে তোলার ওপর গুরুত্ব দেন। দুর্গাপুর পুরনিগমের চেয়ারপার্সন অনিন্দিতা মুখার্জি অন্তর্ভুক্তিমূলক শিক্ষা ব্যবস্থার ওপর জোর দেন। দুর্গাপুরের এসডিএম সৌরভ চট্টোপাধ্যায় আঞ্চলিক জায়গায় এই শিক্ষা মেলার করায় উৎসাহ দেন। এপিএআই'এর গভর্নিং বডি ও ডাঃ বি সি রায় সোসাইটি-র জেনারেল সেক্রেটারি তরুণ ভট্টাচার্য এপিএআই'এর বিকেন্দ্রীকরণ আর এডুকেশনাল গাইডেন্সকে আরো গতিশীল করার ওপর জোর দেন। এদিনের এক্সপার্ট প্যানেল আলোচনায় শিক্ষা থিমের ওপর আলোচনা করেন ডাঃ বি সি রায় ইঞ্জিনিয়ারিং কলেজের ( দুর্গাপুর অধ্যক্ষ ডাঃ সঞ্জয় এস পাওয়ার। তিনি ইঞ্জিনিয়ারিং ক্ষেত্রে শিল্পের চাহিদাভিত্তিক শিক্ষাক্রমের ওপর গুরুত্ব দেন। ডিপিএস দুর্গাপুর জয়সওয়ালের অধ্যক্ষ উমেশচন্দ্র জয়সওয়াল স্কুল স্তর থেকে চাকরির জন্য প্রস্তুতি নেওয়ার কথা বলেন। দুর্গাপুরের নেপালি পাড়া হিন্দি হাই স্কুলের প্রধান শিক্ষক ড. কালিমূল হক ও দুর্গাপুরের টেকনো ইন্ডিয়া পাবলিক স্কুলের অধ্যক্ষ সুকুমার মহাপাত্র যথাসময়ে বাংলার প্রতিটি ছাত্রছাত্রীদের কাছে এপিএআই-এর উদ্দেশ্য ছড়িয়ে দেওয়ার কথা বলেন। সেই সঙ্গে কেরিয়ার গাইডেন্সের ক্ষেত্রে কার্যকরী ভূমিকা নেওয়ার কথাও বলেন। অনুষ্ঠান শেষ হয় এপিএআই'এর ট্রেজারার ও ডিপিএস রুবি পার্ক-এর প্রো-ভাইস চেয়ারম্যান অলক ট্রিব্রেওয়ালের ধন্যবাদ মাধ্যমে। তিনি অনুষ্ঠানে অংশ নেওয়া অতিথি, অংশগ্রহণকারী ও শিক্ষা প্রতিষ্ঠানকে কৃতজ্ঞতা জানান।

## প্রতিরক্ষা সংস্থায় ১২৫ চাকরি

১ পাতার পর

সংশ্লিষ্ট ট্রেডে অ্যাপ্রেন্টিসশিপ করে থাকলে আবেদন করার জন্য যোগ্য। বয়স হতে হবে ১২-৭-২০২৫'এর হিসাবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। বেসিক পে ১৯,৯০০ টাকা। শূন্যপদ : ১৩৫টি (জেনাঃ ১১, ও.বি.সি. ৫৩, তঃজাঃ ৩৩, তঃউঃজাঃ ১৩, ই.ডব্লু.এস. ২৫)। এর মধ্যে প্রাঃসঃকঃ ২৫টি। ১ বছরের ট্রেনিং। যা আরো ৪ বছর পর্যন্ত বাড়তে পারে।

প্রার্থী বাছাই হবে ট্রেড টেস্ট বা, প্র্যাক্টিক্যাল টেস্ট-এর মাধ্যমে। ট্রেড টেস্টে থাকবে ১০০ নম্বর। মেধা তালিকা তৈরির সময় আই.টি.আই. কোর্সে পাওয়া নম্বর ও প্র্যাক্টিক্যাল টেস্টে পাওয়া নম্বর দেখা হবে। এই পদের বিজ্ঞপ্তি নং : 2544/Per(IV) OFCH / Tenure DBW / 02/2025.

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : https://munitionsindia.co.in

দরখাস্তের সঙ্গে দেবেন : বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল আর নিজের সই করা ২ কপি পাশপোর্ট মাপের ফটো (দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে)। কোনো পরীক্ষা ফী দিতে হবে না। দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন 'Application for the post of Tenure Based CPW Personnel on Contract Basis'. দরখাস্ত পাঠাবেন স্পিড ডাকে। পৌঁছনো চাই ১২ জুলাইয়ের মধ্যে। এই ঠিকানায় : The Chief General Manager, Ordnance Factory Chanda, District: Chandrapur, Maharashtra, Pin-442 501.

### ওয়েবস্কিটার্সের অভিনব উদ্যোগ

# টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড না থাকলেও আইটি সেক্টরে ভালো প্যাকেজের প্লেসমেন্ট সম্ভব

**পারমিতা মিত্র ঘোষ, সল্টলেক :** তথ্য-প্রযুক্তি সেক্টর বলতেই আমাদের সামনে যে ছবিটা ভেসে ওঠে — তা হল ইঞ্জিনিয়ারিং ব্যাকগ্রাউন্ডের ছেলেমেয়েদের উজ্জ্বল ভবিষ্যতের হাতছানি। কিন্তু টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড না থাকলেও যে আজকের দিনে দাঁড়িয়ে সাধারণ মানের উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা দেশের প্রথম সারির বিভিন্ন আইটি সংস্থায় রীতিমতো ভালো প্যাকেজের চাকরি পেতে পারেন — তা চোখে আঙুল দিয়ে দেখিয়েছে এই রাজ্যের অন্যতম সেরা আইটি রিসোর্স সংস্থা তথা ওয়েবস্কিটার্স আকাদেমি। তথ্য প্রযুক্তি ক্ষেত্রে প্রতিদিন হাজারো বিজ্ঞাপন বেরোয়। কিন্তু কারা সঠিক রিক্রুটার তা জানা একপ্রকার অসম্ভব। আর এই হাজারো চাকরির ভিড়ে নন-টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড নিয়ে একটি সাধারণ মেধার ছেলে বা মেয়ে কিভাবে ভালো মাইনের চাকরি পেতে পারে - তা জানাটাই আসল। আমাদের রাজ্যে ৩০০ এর বেশি আইটি ও আইটি রিলেটেড সংস্থায় কয়েক হাজার নিয়োগ হয়। তার মধ্যে বেশিরভাগই নন-টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড থেকে। এই যুগান্তকারী বিপ্লব সম্ভব হয়েছে যে সংস্থার জন্য সেটি হল 'ওয়েবস্কিটার্স আকাদেমি'। হাতে-কলমে 'ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং'এ গুরুত্ব দিয়ে শিল্প ও কাজের মধ্যে সেতুবন্ধন করেছে এঁরা। এই সাফল্যের রসায়ণ কি? উত্তরে সংস্থার ডিরেক্টর জানালেন, "দেখুন আমার এখানকার ছেলেমেয়েদের মধ্যে **'আমি পারব না'** থেকে **'আমার চাকরি হয়ে গেছে'** — এই ট্রান্সফর্মেশনটাই শেখানো হয়। যা ওঁদেরকে ইন্টারভিউ ক্র্যাক করতে প্রয়োজনীয় 'কনফিডেন্স' দেয়।" এই সংস্থার সবচেয়ে কৃতিত্ব যে বিষয়ে — তা হল এখান থেকে সাফল্যের সঙ্গে ৪,০০০ এর বেশি ছেলেমেয়েকে ট্রেনিং দেওয়া হয়েছে, আর যার মধ্যে এখনো পর্যন্ত ৩,৫০০ এর বেশি ছেলেমেয়েরা সরাসরি চাকরি পেয়েছেন। এছাড়াও ৩০০ এর বেশি (তার মধ্যে রয়েছে বহুজাতিক সংস্থা) আইটি ও সফটওয়্যার কোম্পানির সঙ্গে প্লেসমেন্ট টাইআপ রয়েছে এঁদের। ওয়েবস্কিটার্স আকাদেমি বিশ্বাস করে আইটি কেরিয়ার, শুধুমাত্র আইটি ক্ষেত্রে দক্ষ ছেলেমেয়েদের জন্য নয়। সেই লক্ষ্যে এখানকার কোর্সের ডিজাইন এমনভাবে করা হয়েছে যাতে নন-আইটি ছেলেমেয়েরাও কারিগরি ক্ষেত্রে দক্ষ হয়ে তথ্যপ্রযুক্তি শিল্পে নেতৃত্ব দিতে পারে। শিক্ষাক্রমে গুরুত্ব দেওয়া হয়েছে প্র্যাক্টিক্যাল, ইন্ডাস্ট্রি সম্পর্কিত ট্রেনিং। এখানকার ট্রেনিং সম্বন্ধে বলতে গিয়ে সংস্থার সিইও জানালেন — "আমাদের সব কোর্স এমন ভাবে ডিজাইন করা হয়েছে, যাতে নন-টেকনিক্যাল ছেলেমেয়েরাও একেবারে শুরু থেকে বেসিকটা এমনভাবে শেখে, যাতে ভবিষ্যতে যেকোনো টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ডের ছেলেমেয়ের সাথে একদম ঠিকঠাক 'কমপিট' করতে পারে। আমরা শুধুমাত্র **'Course'** করাই না **'Career'** তৈরিতে ছেলেমেয়েদের সম্পূর্ণভাবে সাহায্য করি।" এছাড়াও যদি কেউ নিজেকে আপস্কিল করতে চায় বা আরো ভালো সুযোগের জন্য কেরিয়ার বদলাতে চায়, তাঁদেরও আলাদাভাবে গাইড করা হয়। এই সংস্থার মোটো তাই — **'সবার জন্য তথ্য-প্রযুক্তি ক্ষেত্র'**। একথা এখন মেনে নেওয়ার সময় হয়েছে, যে আমাদের দেশ এখন আর্থিক উন্নতির সঙ্গে সঙ্গে আগামী দিনে 'গ্লোবাল আইটি' হাব-ও হয়ে উঠবে। তাই আমাদের ছেলেমেয়েদের এখন থেকেই এই সুযোগের জন্য নিজেদেরকে তৈরি করে ফেলতে হবে। যাতে সারা বছর ধরে চলা এই বিপুল সংখ্যক নিয়োগের জন্য তাঁরা সহজেই আবেদন করতে পারেন। তাই এই আকাদেমির নিশ্চিত বিশ্বাস যে তাঁরা এই র‍্যাট রেসে তাদের ছেলেমেয়েদের কোনোভাবেই পিছিয়ে পড়তে দেবে না। তাইতো এই সংস্থা গর্বের সঙ্গে বলতে পারে — এখান থেকে পাশ করলে শুধুমাত্র ১টি নয় একসাথে ২ থেকে ৩টি অ্যাপয়েন্টমেন্ট লেটার পাওয়া যায়। তথ্য-প্রযুক্তির কোনো না কোনো ক্ষেত্রে দক্ষরা কাজ পাবেনই। আর সেই লক্ষ্যে এখানে চালু করা হয়েছে তথ্য-প্রযুক্তির এই সব গুরুত্বপূর্ণ পেশাদার কোর্স — (১) UI/UX Design, (২) Web Design, (৩) Web Development, (৪) HTML Front-End Development, (৫) Full Stack Development, (৬) Software Testing, (৭) Digital Marketing, (৮) Data Analytics, (৯) Graphics Designing. এখানে সবচেয়ে গুরুত্বপূর্ণ দিকটি হল এখানকার ফ্যাকাল্টিবা মেন্টরেরা ইন্ডাস্ট্রির সঙ্গে সামঞ্জস্য রেখে এমনভাবে ট্রেনিং দেয় যাতে এখান থেকে পাশ করে কেউ বসে না থাকে। কোর্সে শিক্ষাক্রম এমনভাবে তৈরি করা হয়েছে যা টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল সব ছেলেমেয়েদের কাছে সমানভাবে পৌঁছাতে পারে। তাঁদের স্বপ্নপূরণ হতে পারে। তার জন্য নিচ্ছে নতুন নতুন পদক্ষেপ। চাকরির ক্ষেত্রে উপযুক্ত করে তুলতে শিক্ষার্থীদের দেওয়া হয় এইসব সুযোগ — মক ইন্টারভিউ, গ্রুমিং সেশন, রিজিউম-বিল্ডিং সেশন, কেরিয়ার কাউন্সেলিং, কর্পোরেট ট্রেনিং। এই ধরনের চাকরি, ঠিক কী ধরনের ট্রেনিং নিলে পাবেন তা বিশদে জানতে যোগাযোগ করুন এই নম্বরে : 7595880134 অথবা সরাসরি চলে যান এই ঠিকানায় : ওয়েবস্কিটার্স আকাদেমি, হলদিয়া পেট্রোকেমিক্যালস লিমিটেড, সপ্তম তল, ইউনিট নং- ৭ই, বেঙ্গল ইকো ইন্টেলিজেন্ট পার্ক, ইএম ব্লক, সেক্টর- ৫, কলকাতা- ৭০০০৯১।

## রেলে ৬,১৮০ টেকনিশিয়ান

১ পাতার পর

দৃষ্টিশক্তি হতে হবে B-1. মূল মাইনে : ২৯,২০০ টাকা। শূন্যপদ : ১৮০টি।

**টেকনিশিয়ান গ্রেড-III :** মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ট্রেড সার্টিফিকেট কোর্স পাশ কিংবা সংশ্লিষ্ট ট্রেডে অ্যাপ্রেন্টিস ট্রেনিং করে থাকলে যোগ্য। দৃষ্টিশক্তি হতে হবে B-1. মূল মাইনে : ১৯,৯০০ টাকা। কোন কোন ট্রেডে লোক নেওয়া হবে তা মূল বিজ্ঞপ্তিতে পাবেন। শূন্যপদ : ৬,০০০টি। ওপরের সব পদের বেলায় বয়স হতে হবে ১-৭-২০২৫'এর হিসাবে। টেকনিশিয়ান গ্রেড-I সিগন্যাল পদের বেলায় বয়স হতে হবে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে। আর টেকনিশিয়ান গ্রেড-III পদের বেলায় বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি'রা ৩ বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করলে ৩৫ (তপশিলী হলে ৪০, ও.বি.সি. হলে ৩৮) বছর বয়স পর্যন্ত, প্রতিবন্ধী আর রেলের কর্মী ও প্রাক্তন সমরকর্মী আর অ্যাপ্রেন্টিস ট্রেনিংপ্রাপ্তরা যথারীতি বয়সে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : CEN No. : 02/2025.

**প্রার্থী বাছাই পরীক্ষা :** সব রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায়ই প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে কম্পিউটার বেসড টেস্ট (সি.বি.টি.-I) হবে। তাতে সফল হলে সার্টিফিকেট ভেরিফিকেশন ও ডাক্তারি পরীক্ষা।

টেকনিশিয়ান গ্রেড-I সিগন্যাল পদের বেলায় ৯০ মিনিটের ১০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল অ্যাওয়ারনেস -১০ নম্বরের ১০টি প্রশ্ন, (খ) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং-১৫ নম্বরের ১৫টি প্রশ্ন, (গ) বেসিক কম্পিউটার অ্যান্ড অ্যাপ্লিকেশন - ২০ নম্বরের ২০টি প্রশ্ন, (ঘ) অঙ্ক - ২০ নম্বরের ২০টি প্রশ্ন, (ঙ) বেসিক সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং-৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন।

টেকনিশিয়ান গ্রেড-III পদের বেলায় ৯০ মিনিটের ১০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) অঙ্ক -২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, (খ) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং-২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, (গ) জেনারেল সায়েন্স - ৪০ নম্বরের ৪০টি প্রশ্ন, (ঘ) জেনারেল অ্যাওয়ারনেস - ১০ নম্বরের ১০টি প্রশ্ন। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৮ জুন থেকে ২৮ জুলাইয়ের মধ্যে। যিনি যে রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডে দরখাস্ত করতে চান, সেই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইটে দরখাস্ত করবেন। এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো (৩০ থেকে ৭০ কেবির মধ্যে) ও সিগনেচার (৩০-৭০ কেবির মধ্যে) আর কাস্ট সার্টিফিকেট (শুধুমাত্র তপশিলীদের জন্য) ৫০০ কেবির মধ্যে স্ক্যান করে নেবেন। যে ফটো স্ক্যান করবেন সেই ফটোর ১২ কপি নিজের কাছে রেখে দেবেন, পরবর্তী ধাপে পরীক্ষার জন্য লাগবে।

প্রথমে সংশ্লিষ্ট রেল রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে দরখাস্ত করবেন। তখন ইউজার আই.ডি. ও পাশওয়ার্ড পাবেন। তারপর স্ক্যান করা যাবতীয় প্রমাণপত্র আপলোড করবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ৫০০ (তপশিলী, প্রতিবন্ধী, মহিলা, প্রাক্তন সমরকর্মী, ট্রান্সজেন্ডার, সংখ্যালঘু, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া প্রার্থীদের বেলায় ২৫০) টাকা অনলাইনে ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

সাধারণ প্রার্থীরা 'সি.বি.টি.' পরীক্ষা দিয়ে থাকলে পরীক্ষা ফী থেকে ৪০০ টাকা আর তপশিলী, প্রাক্তন সমরকর্মী, মহিলা, ট্রান্সজেন্ডার, সংখ্যালঘু, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া প্রার্থীরা 'সি.বি.টি.' পরীক্ষা দিয়ে থাকলে ২৫০ টাকা ফেরৎ পেয়ে যাবেন (ব্যাঙ্ক চার্জ কেটে)।

কোন রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় কোন ওয়েবসাইটে দরখাস্ত করবেন : কলকাতা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbkolkata.gov.in, মালদহ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbmalda.gov.in, শিলিগুড়ি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbsiliguri.gov.in, রাঁচি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbranchi.gov.in, পটনা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbpatna.gov.in, গুয়াহাটি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbguwahati.gov.in, আহমেদাবাদ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbahmedabad.gov.in, আজমীর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbajmer.gov.in, বেঙ্গালুরু রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbnc.gov.in, ভোপাল রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbhopal.gov.in, ভুবনেশ্বর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbbs.gov.in, বিলাসপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbilaspur.gov.in, চণ্ডীগড় রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbcdg.gov.in, চেন্নাই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbchennai.gov.in, গোরক্ষপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbgkp.gov.in, জম্মু-শ্রীনগর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbjammu.nic.in, মুম্বই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbmumbai.gov.in, মজঃফরপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbmuzaffarpur.gov.in, সেকেন্দ্রাবাদ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbsecunderabad.gov.in, তিরুবনন্তপুরম রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbthiruvananthapuram.gov.in. প্রয়াগরাজ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbald.gov.in

কোন রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডে কোন পদে ক'টি শূন্যপদ তা পরবর্তী সংখ্যায় দেওয়া হবে।

# ডেভেলপার হিসাবে বছরে ৬ লাখ টাকা মাইনের চাকরি পেলাম কীভাবে?



রাহুল শ
ওয়েব ডেভেলপার

আমি, রাহুল শ, ২০২৩ সালে কলকাতার একটি ইঞ্জিনিয়ারিং কলেজ থেকে কম্পিউটার অ্যাপ্লিকেশন নিয়ে গ্র্যাজুয়েশন (বিসিএ) পাশ করি। যখন থেকে কম্পিউটার নিয়ে কেরিয়ার তৈরির কথা ভেবেছি, তখন থেকে আমি চাইছিলাম নিজের মতো করে কাজ করতে। শুধুমাত্র ক্যাম্পাস প্লেসমেন্টের মাধ্যমে চাকরি পেতে চাইনি। আমার প্রায়োরিটি ছিল ভালো প্যাকেজের সাথে প্রথম সারির সফটওয়্যার কোম্পানিতে কেরিয়ার শুরু করা। যা এখানকার কোনো কলেজ, ক্যাম্পাসিং-এর মাধ্যমে দিতে পারত না। কিন্তু চাকরি আমাকে পেতেই হত। কারণ পরিবারের আর্থিক অনটন। রোজগার বলতে বাবার একটি ছোট্ট ব্যবসা থেকে নামমাত্র আয়। তাই বিসিএ পাশ করে আমি চাকরির পরীক্ষার প্রস্তুতি নেওয়া শুরু করি। প্রত্যেক সপ্তাহে **কর্মসংস্থান** কাগজ কিনতাম। মন দিয়ে পড়তাম। ওখান থেকেই জানতে পারি ডিসান অ্যাকাডেমির কথা। সরাসরি ফোন করি। ওঁনারা অফিসে যেতে বলেন। সল্টলেকে ওঁনাদের অফিসে যেদিন আমি গেছিলাম, সেদিন আমার মতোই অনেককে ওখানে দেখে খুব অবাক হয়েছিলাম। ৪ থেকে ৬ মাসের মধ্যে কম্পিউটার সায়েন্স বা ইনফরমেশন টেকনোলজি নিয়ে যারা কেরিয়ার গড়তে চায়, তাদের জন্য একদম আদর্শ জায়গা। ওখানকার ট্রেইনড কাউন্সিলররা আমার কাউন্সেলিং করেন। ঠিক কি ধরনের কোর্সের ট্রেনিং নিলে, আমি ৪ থেকে ৬ মাসের মধ্যে আমার স্বপ্নের আইটি ইন্ডাস্ট্রিতে ভালো মাইনের চাকরি পাব, তার একটা গাইডলাইন প্রথম দিনই আমি পেয়ে গেছিলাম। কাউন্সিলারদের পরামর্শ মত আমি MERN Stack Development কোর্সে ভর্তি হই। এটি ৪ মাসের কোর্স। এখানে মূলত HTML, CSS, Java Script, React JS, Express JS, MongoDB, Node JS ইত্যাদি কী টেকনোলজিস-এর ওপর স্পেশাল ট্রেনিং দেওয়া হয়। আইটি ইন্ডাস্ট্রির অন্যতম সেরা কোর্স এটি। সফটওয়্যার ও আইটি ইন্ডাস্ট্রির ক্ষেত্রে পৃথিবীর অন্যতম সেরা রেটিং সংস্থা ডেলয়েট এলএলসি-এর মতে আগামী ২ বছরের মধ্যে ওয়েব ডেভেলপারের চাকরির সংখ্যা (শুধুমাত্র আমাদের রাজ্যেই এখন বছরে ১০-১২ হাজার লোক লাগে) ২৬% বৃদ্ধি পাবে। অর্থাৎ, এই কোর্স নিয়ে পড়লে নিশ্চিত চাকরি পাবে। আর ভবিষ্যতে ভালো মাইনেও পাওয়া যায়। প্রথম সারির আইটি বা সফটওয়্যার কোম্পানিতে এই ট্রেডের লোকের বিশাল চাহিদা। কারণ এরা মডার্ন, ডায়নামিক ও স্কেলেবেল ওয়েব অ্যাপ্লিকেশন অত্যন্ত সুচারুভাবে নিমেশে তৈরি করে দিতে পারে — যা কোম্পানিকে তার প্রতিযোগীদের থেকে অনেকটাই এগিয়ে দেয়। ডিসানে এই সব বিষয় সেরা ট্রেনিং দেওয়া হয়। ১ মাস এখানে পড়ার পর একটি নামী সংস্থায় অ্যাপ্রেন্টিস বা ট্রেনি হিসাবে জয়েন করি। তখন আমি ১২,০০০ টাকা করে মাসে স্টাইপেন্ড পেতাম। ৩ মাস পর আমি ব্যাঙ্গালোরের একটি নামী বহুজাতিক সংস্থায় 'MERN Stack Developer' হিসাবে চাকরি পাই। তখন আমার শুরুতেই প্যাকেজ হয় বছরে ৬ লাখ টাকা অর্থাৎ মাসে ৫০,০০০ টাকা — যা আমার কলেজের ব্যাচমেটদের মধ্যে এখনও অবধি কেউ রোজগার করে না। অর্থাৎ, একটা জিনিস পরিষ্কার যে, ঠিকঠাক জায়গা থেকে ট্রেনিং নিলে আমার মতো তোমাদের স্বপ্নও সফল হবে।

**কীভাবে বুঝব যে ঠিক জায়গা থেকে ট্রেনিং নিচ্ছি**

আমি যখন ডিসান অ্যাকাডেমিতে গেছিলাম তখন ভর্তি হওয়ার আগে যে জিনিসগুলি দেখেছিলাম তা হল — (১) একমাত্র এখানেই আইটি বা সফটওয়্যার ইন্ডাস্ট্রিতে যেসব বিভাগে সারা বছর ধরে সবথেকে বেশি নিয়োগ হয়, সেগুলির ওপরেই এখানকার কোর্সগুলো ডিজাইন করা। অর্থাৎ, এখান থেকে পাশ করলেই সুনিশ্চিত প্লেসমেন্ট। (২) ট্রেনিংয়ের মধ্যেই নামী কোম্পানিতে ট্রেনি হিসাবে ইন্টার্নশিপ ও তার জন্য একটি স্টাইপেন্ডও দেওয়া হয়। (৩) এখানকার সঙ্গে সেরা সেরা সফটওয়্যার কোম্পানিগুলির স্ট্র্যাটেজিক টাই আপ। (৪) অত্যন্ত উন্নত ও আপডেটেড সফটওয়্যারে কাজ শেখানো হয়। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায় তা নিশ্চিত করা হয়। (৫) সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনার। (৬) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাস। (৯) ঠিকঠাক কোর্স ফি। আমার মত তোমরাও যদি ৪থেকে ৬ মাসের মধ্যে ট্রেনিং নিয়ে ভালো মাইনের চাকরি পেতে চাও, তাহলে অবশ্যই যোগাযোগ কর এই ফোন নম্বরে : 9429691888.

CENTRAL INSTITUTE OF MEDICAL SCIENCE & TECHNOLOGY (CIMST) Since 1995
U.G.C. স্বীকৃত & B.S.S. (Govt. of India) অনুমোদিত কোর্সে ভর্তি চলছে
D.M.L.T., Phlebotomy, D.P.T, E.C.G., রেডিওলজি, O.T., D.C.C.M (I.C.U), Dialysis, D.Optm, ডেন্টাল (D.D.H.), R.M.P., CMS & ED, আয়ুঃ (D.A.M.S), Dip. in Homeo, G.N.M. Nursing, D.Pharm.
126 B. রাজা রামমোহন সরণী, কোল-9, শিয়ালদহ, আমহার্স্ট স্ট্রীট মোড়
(M) : 93310-62421
www.cimst.ac.in | হোস্টেলের ব্যবস্থা আছে
যোগ্যতা- মাধ্যমিক & H.S.

কল্যাণী এইমস'এর পাশে গড়ে উঠেছে সরকার স্বীকৃত সেরা নার্সিং কলেজ
SANJOY MEMORIAL ACADEMY OF NURSING AND RESEARCH
WBNC & WBUHS স্বীকৃত
Visit Us : www.smanr.co.in
E-mail : smanr.beert@gmail.com



Courses Offered
B.Sc নার্সিং 60 Seats (4 Years)
GNM নার্সিং 60 Seats (3 Years)
Admission Open for Current Academic Session
যে কোনো বয়সের ছেলেমেয়েরাই আবেদন করতে পারেন।
সবচেয়ে কম খরচে পড়ার সুযোগ
● হস্টেলের সুবিধা আছে। তবে তা আবশ্যিক নয়। বাড়ি থেকেও যাতায়াত করতে পারবেন। এই সুযোগ অনেক কলেজেই পাবেন না।
স্টুডেন্ট ক্রেডিট কার্ডের মাধ্যমে লোনের সুবিধা আছে।
যোগাযোগ : Gate No. 7 (Near AIIMS, Kalyani) Ballindi, Haringhata, Jaguli, Kalyani - 741246
Ph. : 9903205182, 8017656252
N.B : MBS Multi-Speciality Hospital (107 Bed) coming soon in this year

# সবচেয়ে কম কোর্স ফী'তে সবচেয়ে বেশি মাইনের চাকরি দিয়ে নজির গড়ল BNG হোটেল ম্যানেজমেন্ট

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়নের একটি সার্ভে রিপোর্টে দেখা গেছে, উচ্চমাধ্যমিক পাশের পর সবচেয়ে বেশি যে সেক্টরে লোক নিয়োগ হয়, সেটি হল হোটেল ও ট্যুরিজম সেক্টর। কারণ, প্রতি মাসে সারা দেশে ৩০ থেকে ৪০টি নতুন হোটেল তৈরি হচ্ছে। অর্থাৎ এই সেক্টরে সারা দেশে প্রতি ৩ মাসে ৫০ থেকে ৬০ হাজার নিয়োগ হয়। এই বিপুল সংখ্যক নিয়োগের জন্য ঠিক কী ধরনের যোগ্যতা লাগে? রাজ্যের অন্যতম সেরা হোটেল ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান BNG হোটেল ম্যানেজমেন্ট ইনস্টিটিউট এর চেয়ারম্যান ও প্রিন্সিপাল বুধাদিত্য পাল এর উত্তরে জানালেন, "দেখুন, আমাদের দেশের সবচেয়ে গ্রোয়িং সেক্টর হল হোটেল ও হসপিটালিটি ম্যানেজমেন্ট। এখানে সারা বছর ধরে নিয়োগ লেগেই থাকে। কিন্তু ঠিকঠাক প্রফেশনালসদের অভাব সবসময় রয়েছে। কারণ আমাদের রাজ্যে খুব কম প্রতিষ্ঠানই আছে যেখান থেকে ট্রেনিং নিলে দেশ বা বিদেশের যেকোনো বড়ো ব্র্যান্ডের হোটেলে সহজেই চাকরি পাবে।" আর এই ধরনের কোয়ালিটি প্লেসমেন্ট দেওয়ার ব্যাপারে অনন্য নজির গড়ল কলকাতার নিউটাউনের কাছে থাকা BNG হোটেল ম্যানেজমেন্ট ইনস্টিটিউট। এখান থেকে পাশ করে সবচেয়ে বেশি মাইনের চাকরি হয় দেশের অন্যতম সেরা হোটেল গ্রুপ The Oberoi Group, Marriot, ITC, Taj, The Lalit, The Leela, Hillton, Park Radisson, Hyatt Regency, Trident, Inn, Ibis, Sheraton-এ। এটি এমন একটি প্রতিষ্ঠান যেখানে অ্যাডমিশনের প্রথম দিন থেকেই ছেলেমেয়েরা ইন্ডাস্ট্রির সেরা সেরা হোটেলে ট্রেনিংয়ের (৬ মাস থেকে ১ বছরের) মাধ্যমে আয় করে। এখানে হোটেল ম্যানেজমেন্টের ওপর বিভিন্ন সার্টিফিকেট, ডিপ্লোমা, ভোকেশনাল ও ধরনের প্রফেশনাল কোর্স পড়ানো হয়। ন্যূনতম যোগ্যতা উচ্চমাধ্যমিক পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। এখান থেকে পড়ে সবাই চাকরি পায়।

**এখান থেকে কোর্স পাশ করে চাকরি পাবেই। গড় মাইনে মাসে ১৭,০০০ টাকা**

কীভাবে? উত্তরে কলেজের চেয়ারম্যান ও প্রিন্সিপাল বুধাদিত্য পাল জানালেন যে, 'আমাদের কোর্স পাশ করে কেউ বসে থাকে না। চাকরি পাবেই। কারণ : (১) এখানে রয়েছে ইন্ডাস্ট্রির সেরা রুম মেনটেন্যান্স ল্যাব, মডার্ন হাউসকিপিং, ফাইভ স্টার রিসেপশন সেট আপ, (২) হোটেল ম্যানেজমেন্টে ন্যূনতম ১০ বছরের অভিজ্ঞ ফ্যাকাল্টি, (৩) কোর্সের প্রথম দিনেই এখানকার ছেলেমেয়েদের ইন্ডাস্ট্রির সেরা সেরা হোটেলে পাঠানো হয় যাতে অন জব ট্রেনিং (OJT) এমন ভাবে হয় যে, সেখান থেকেই তারা সরাসরি চাকরির অফার পেয়ে যায়, (৪) প্রত্যেকটি কোর্সের ক্ষেত্রে ভরতির সময় জব বন্ড লেটার আবশ্যিক, (৫) কোর্স শুরুর ১ সপ্তাহের মধ্যে কলকাতার সেরা সেরা পাঁচতারা হোটেলে এখানকার ছেলেমেয়েরা ইন্টার্নশিপ করে। এই সময় স্টাইপেন্ড হিসাবে মাসে ৫,০০০ থেকে ১০,০০০ টাকা পাওয়া যায়। (৬) ন্যাশনাল ও ইন্টারন্যাশনাল হোটেলিয়ারদের সাথে কাস্টমাইজড ইন্ডাস্ট্রিয়াল ব্রিজিং যাতে এখানকার ছেলেমেয়েরা মুম্বই, পুনে, ব্যাঙ্গালোর, ম্যাঙ্গালোর, হায়দরাবাদ, কলকাতা সহ গ্রেড-এ শহরের সেরা হোটেল ব্র্যান্ডে খুব সহজেই প্লেসড হতে পারে। দুবাই, কাতার, মরিশাস, সিঙ্গাপুর, মালয়েশিয়া, আমেরিকা, জার্মানি ইত্যাদি দেশে ইন্টারন্যাশনাল প্লেসমেন্টের জন্য আলাদা সেল, (৭) এখান থেকে পাশ করে শুরুতেই মাইনে হয় বছরে ২,১০,০০০ টাকা থেকে ২,২০,০০০ টাকা পর্যন্ত — যা এই সেক্টরে অত্যন্ত বিরল। (৮) সমাজে পিছিয়ে পড়া ছেলেমেয়েদের সহজ কিস্তিতে কোর্স ফি দেওয়ার সুবিধা, (৯) গ্যারান্টার ছাড়া ব্যাঙ্ক লোনের সুবিধা। এছাড়াও স্কলারশিপের ব্যবস্থাও আছে। তাই উচ্চমাধ্যমিক পাশ করে চুপচাপ ঘরে বসে না থেকে, দেশের সেরা সেরা হোটেলে বিভিন্ন পদে চাকরি পেয়ে নিজেদের ভবিষ্যৎ নিজের হাতে গড়ার ব্যাপারে বিশদে জানতে আজই যোগাযোগ করুন এই নম্বরে : 8777468438 / 9674062259 অথবা চলে আসুন সরাসরি এই ঠিকানায় : BNG হোটেল ম্যানেজমেন্ট ইনস্টিটিউট, সেক্টর-৫, কলকাতা।

ALL TYPES OF SCHOLARSHIPS & STUDENT CREDIT CARD AVAILABLE HERE
ADMISSION IS GOING ON
Paramedical Courses
The Group of Institutions (Under D - Search)
প্যারামেডিকেল কলেজ এবার বহরমপুর শিল্পতালুক
THE FAME Hotel & Banquet এ হাজির
আগামী ২৫ ও ২৬শে জুন
সকাল ১০টা থেকে বৈকাল ৫টা
PARAMEDICAL COLLEGE DURGAPUR
(www.paramedicalcollege.org)
COURSES
Bachelor of Optometry (B.OPTM) - 4 Yrs.
Bachelor of Hospital Management (BHM) - 4 Yrs.
B.Sc in Medical Laboratory Technology (BMLT) - 4 Yrs.
Bachelor of Physiotherapy (B.PT) - 4 1/2 Yrs.



আমরা শীঘ্রই ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি অফ হেল্থ সায়েন্সের অধীনস্থ নিম্নলিখিত কোর্সগুলি নিয়ে আসতে চলেছি
Bachelor of Critical Care Technology (BCCT) - 4 Yrs.
Bachelor of Operation Theater Technology (BOTT) - 4 Yrs.
Bachelor of Medical Lab. Technology (BMLT) - 3 1/2 Yrs.
Bachelor of Hospital Administration (BHA) - 3 1/2 Yrs.
Bachelor of Optometry and Vision Science (B.OPTOM) - 4 Yrs.
Call For Admission :
93337 09950 | 82402 86618
94761 32457 | 77889 97239
CAMPUS ADDRESS : Helen Keller Sarani, Sector - 2A, Bidhannagar, Durgapur-713212, West Bengal

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

**চা**করির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এইবিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এইনম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

## স্কুল সার্ভিসের

■ কলকাতাহাই কোর্ট ১৭ জুনের রায়ে ও.বি.সি.'র নতুন তালিকা ও সংরক্ষণ প্রথা বাতিল করেছে। এদিকে স্কুল সার্ভিস কমিশনের ফর্ম পূরণ শুরু হয়েছে ১৬ জুন থেকে। যাঁরা দরখাস্ত করেছেন, তাঁরা কি ও.বি.সি. ক্যাটেগরির সুযোগ পাবেন? না সবাই জেনারেল হিসাবে পরীক্ষা দিতে পারবেন? এখন যাঁরা দরখাস্ত করবেন, তাঁরা ও.বি.সি. ক্যাটেগরিতে দরখাস্ত করতে পারবেন কি? — রাখি ঘোষ, নৈহাটী, উত্তর ২৪ পরগনা। সালাউদ্দিন মন্ডল, মুর্শিদাবাদ।

■■ যাঁরা আগে ও.বি.সি. ক্যাটেগরিতে দরখাস্ত করেছেন, তাঁদের এখনই কিছু করতে হবে না। নতুন করে দরখাস্ত করার ক্ষেত্রে ২০১০ সালের আগে পাওয়া ও.বি.সি. সার্টিফিকেট প্রাপ্তদের ক্ষেত্রে দরখাস্ত করতে কোনো অসুবিধা নেই। তবে ২০১০ সালের পর পাওয়া ও.বি.সি. সার্টিফিকেট প্রাপ্ত প্রার্থীদের বিষয়ে কিছুদিন অপেক্ষা করা ভালো। শিগগিরই স্কুল সার্ভিস কমিশন বিজ্ঞপ্তি দিয়ে বিষয়টি জানাবে।

## স্কুল সার্ভিসের

■ এবছরের বি.এড. প্রার্থীরা কি স্কুল সার্ভিসের পরীক্ষা দিতে পারবেন? — রাহুল বণিক, হাবড়া, উত্তর ২৪ পরগনা।

■■ না, পারবেননা।

■ ও.বি.সি. সার্টিফিকেট নিতে রাজ্য যে নতুন ১৪০টি গোষ্ঠীকে বাতিল করেছে, তাতে করে ২০১০ সালের পর পাওয়া ও.বি.সি. সার্টিফিকেট প্রার্থীরা কীভাবে দরখাস্ত করবে? — জয়ন্তী দাস, হাড়োয়া, উত্তর২৪ পরগনা।

■■ ও.বি.সি. সার্টিফিকেট সংক্রান্ত বিষয়ে স্কুল সার্ভিস কমিশন শিগগিরই বিজ্ঞপ্তি দিয়ে জানাবে। তাই ২০১০ সালের পরে পাওয়া ও.বি.সি. প্রার্থীরা কিছুদিন অপেক্ষা করতে পারেন।

■ স্কুলসার্ভিসেরনবম-দশমআর একাদশ -দ্বাদশ দু'টি ক্ষেত্রেই একই প্রার্থীরা দরখাস্ত করতে পারবে কি? — পূর্বাশা বসাক, মধ্যমগ্রাম, বসুনগর, উত্তর ২৪ পরগনা। সমীর দাস, গোবরডাঙ্গা, উত্তর ২৪ পরগনা।

■■ একই প্রার্থীনবম-দশমআর একাদশ-দ্বাদশ দু'টি ক্ষেত্রেই আলাদাভাবে দরখাস্ত করতে পারবেন। পরীক্ষা আলাদা দিনেই হবে।

■ স্কুল সার্ভিসে গ্রুপ-ডি পদের জন্য কবে থেকে দরখাস্ত নেওয়া শুরু হবে? — কৌশিক মেটে, নওয়ানগর, নানুর, বীরভূম।

■■ শিগগিরই বিজ্ঞপ্তি বেরোচ্ছে। ১৪০টি ও.বি.সি. গোষ্ঠী বাতিল হওয়ায় রাজ্য সরকার শিগগিরই বিজ্ঞপ্তি বের করবে।

■ আপার প্রাইমারিতে সফল হলে ইন্টারভিউয়ে এম.এ. পাশের জন্য অতিরিক্ত ওয়েটেজ দেওয়া হয় কি? — অরিন্দম গোস্বামী, ময়নাগুড়ি, জলপাইগুড়ি।

■■ না।

## পি.এস.সি.'র

■ ফুডের সাব-ইন্সপেক্টর পদের যে পরীক্ষা গত বছর ১৬ ও ১৭ মার্চ হয়েছিল, সেই পরীক্ষার প্রশ্ন ফাঁসের অভিযোগ উঠেছে। এই পরীক্ষা কি বাতিল হবে? — নিত্যানন্দ ঘোষ, জাগুলিয়া, নদিয়া।

■■ ফুডের সাব-ইন্সপেক্টর পদের পরীক্ষার প্রশ্ন ফাঁস হওয়ার অভিযোগে বিভিন্ন থানায় প্রায় ৬০টি এফ.আই.আর. হয়। বিষয়টি নিয়ে আদালতে মামলা চলছে। এখনো পরীক্ষা বাতিলের নির্দেশ দেয়নি আদালত।

■ ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট অফিসার (আই.ডি.ও.) পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? এবছর কি বেরোবে? — শক্তিপদ বিশ্বাস, বনগাঁও, উত্তর ২৪ পরগনা।

■■ ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট অফিসার (বিজ্ঞপ্তি নং ১৫/২০২৪) পদের পরীক্ষা হওয়ার কথা আছে ২৭ জুলাই। পি.এস.সি. কর্তৃপক্ষ সংক্ষিপ্ত বিজ্ঞপ্তি আগেই বের করেছিল। কিন্তু এখনো দরখাস্ত নেওয়া শুরু হয়নি। এর মধ্যে বিজ্ঞপ্তি বেরোলে ২৭ জুলাই পরীক্ষা হতে পারে, না হলে পরীক্ষা পিছোবে।

■ আই.সি.ডি.এস. সুপারভাইজর পদের জন্য শিক্ষাগত যোগ্যতা, বয়স, প্রার্থী বাছাই পদ্ধতি জানাবেন। এই পরীক্ষার বিজ্ঞপ্তি কি প্রতি বছরই বেরোয়? এবছর কি বিজ্ঞপ্তি বেরোবে? এর আগের বার যাঁরা চূড়ান্ত সফল হয়েছিলেন, তাঁরা কি সবাই চাকরিতে জয়েন করেছেন? — মনিকা ঘোষ, হাবড়া, অশোকনগর, উত্তর ২৪ পরগনা।

■■ আই.সি.ডি.এস. সুপারভাইজর পদে গত বছর যাঁরা সফল হয়েছিলেন, তাঁদের অনেকেই চাকরিতে জয়েন করেছেন। বাকিদের এখনো জয়েনিং হয়নি। এই পদের বিজ্ঞপ্তি প্রতি বছর বেরোয় না। তবে এবছর বেরোনোর সম্ভাবনা আছে। কয়েক হাজার শূন্যপদের জন্য দরখাস্ত নেওয়া হবে। গ্র্যাজুয়েট তরুণীরা ৩৯ বছরের মধ্যে বয়স হলে যোগ্য। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা। গ্রেড পে ৩,৬০০ টাকা।

প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন। এজন্য প্রথমে প্রিলিমিনারি স্ক্রিনিং টেস্ট হবে, তারপর লিখিত পরীক্ষা হবে। তারপর ইন্টারভিউ হবে। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে ১০০ নম্বরের প্রিলিমিনারি পরীক্ষা হবে। এইপরীক্ষায় কোয়ালিফাইং নম্বর পেলে ৪০০ নম্বরের মেন পরীক্ষা। তারপর ৫০ নম্বরের ইন্টারভিউ। প্রিলিমিনারি পরীক্ষায় ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল নলেজ, (খ) অ্যারিথমেটিক, (গ) টেস্ট অফ রিজনিং (ভার্বাল ও নন-ভার্বাল)। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। সময় ১ ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। মেন পরীক্ষায় ৪০০ নম্বরের ডেসক্রিপ্টিভ টাইপের এই ৪টি পেপার থাকবে : (ক) ইংরিজি - ১০০ নম্বর। সময় ৯০ মিনিট। (খ) বাংলা - ১০০ নম্বর। সময় ৯০ মিনিট। (গ) জেনারেল স্টাডিজ ও কারেন্ট অ্যাফেয়ার্স - ১০০ নম্বর। সময় ৯০ মিনিট। (ঘ) অ্যারিথমেটিক - ১০০ নম্বর। সময় ৯০ মিনিট।

■ ২০২২ সালের ডব্লু.বি.সি.এস. গ্রুপ-সি পদের মেনস'এর ফল কবে বেরোবে? — প্রিয়াঙ্কা মাঝি, দত্তপুকুর, উত্তর ২৪ পরগনা। বিপ্লব দাস, হুগলি।

■■ ২০২২ সালের ডব্লু.বি.সি.এস. 'এ' ও 'বি' গ্রুপের চূড়ান্ত ফল বেরিয়েছে। খুব শিগগিরই গ্রুপ-সি পদের ফল বেরোবে।

■ ২০২২ সালের ডব্লু.বি.সি.এস. 'এ' গ্রুপের ইন্টারভিউয়ে সফল হতে পারিনি। গ্রুপ-সি'র ফল বেরোলে সেখানে কি আবার নতুন করে ইন্টারভিউ দিতে হবে? — বিবেক দাস, কোন্নগর, হুগলি।

■■ না। 'এ' কিংবা 'বি' গ্রুপে ইন্টারভিউ দিয়ে থাকলে, তাঁদের নতুন করে আবার 'সি' বা, 'ডি' গ্রুপের জন্য ইন্টারভিউ দিতে হয় না। আগের দেওয়া ইন্টারভিউ 'সি' ও 'ডি' গ্রুপের বেলায় দেখে চূড়ান্ত তালিকা বেরোয়।

## অন্যান্য চাকরির

■ মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার পদের জন্য যে দরখাস্ত নেওয়া শুরু হয়েছিল, ও.বি.সি. সার্টিফিকেট সংক্রান্ত মামলার জন্য ওই দরখাস্ত নেওয়া স্থগিত আছে। কবে থেকে আবার দরখাস্ত নেওয়া শুরু হবে? — সঞ্জীব বাগ, বারাসাত, উত্তর ২৪ পরগনা।

■■ রাজ্য সরকার নতুন যে ১৪০টি গোষ্ঠীকে ও.বি.সি. তালিকায় অর্ন্তভুক্ত করেছে, সেই তালিকা বাতিল করেছে। তাই রাজ্য সরকারের বিভিন্ন দফতরে নিয়োগের ক্ষেত্রে ২০১০ সালের আগের ও.বি.সি. তালিকায় থাকা ৬৬টি গোষ্ঠীকে নিয়েই ও.বি.সি. ক্যাটেগরিতে নিয়োগ করতে হবে। এজন্য মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন ওই বিজ্ঞপ্তি বাতিল করেছে। নতুন করে কবে থেকে দরখাস্ত নেওয়া হবে তা শিগগিরই বিজ্ঞপ্তি দিয়ে জানাবে।

## কোর্স ও ট্রেনিং

■ ও.বি.সি. সংরক্ষণ ৭% থেকে বাড়িয়ে ১৭% করা হয়েছে। তাহলে ও.বি.সি.-এ, ও.বি.সি.-বি ক্যাটেগরির কোনটিতে কত শতাংশ সংরক্ষণ আছে? — প্রদ্যুৎ ঘোষ, আরামবাগ, হুগলি।

■■ রাজ্য সরকার যে গেজেট বিজ্ঞপ্তি প্রকাশ করেছে, তাতে ও.বি.সি.-এ ক্যাটেগরির জন্য ১০% আর ও.বি.সি.-বি ক্যাটেগরির জন্য ৭% শূন্যপদ সংরক্ষিত করা হয়েছে। তবে ও.বি.সি. সংরক্ষণ আর নতুন ও.বি.সি. তালিকা হাই কোর্টের রায়ে বাতিল হয়েছে।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা একনজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| PSC-র মাধ্যমে রাজ্যে ক্লার্ক | মাধ্যমিক পাশ | - | - | https://wbpsc.gov.in |
| PSC-র মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার মাধ্যমে অফিসার | গ্র্যাজুয়েট | - | - | https://wbpsc.gov.in |
| PSC-র মাধ্যমে রাজ্য সরকারে সহ-শিক্ষক | গ্র্যাজুয়েট, পোস্ট-গ্র্যাজুয়েট | - | - | https://wbpsc.gov.in |
| বিমানবাহিনীতে অফিসার | গ্র্যাজুয়েট | ২৮৪ | ১-৭-২৫ | https://afcat.cdac.in |
| স্কুল সার্ভিসের মাধ্যমে নবম -দ্বাদশ শ্রেণির শিক্ষক-শিক্ষিকা | গ্র্যাজুয়েট, পোস্ট-গ্র্যাজুয়েট | ৩৫,৭২৬ | ১৪-৭-২৫ | www.westbengalssc.com |
| সরকারি মেডিক্যাল কলেজে প্যারামেডিক্যাল কোর্সে ভরতি | উচ্চমাধ্যমিক | - | ৪-৭-২৫ | www.smfwb.in |
| এয়ার ইন্ডিয়ায় টেকনিশিয়ান | গ্র্যাজুয়েট, | ১৬৬ | ৩০-৬-২৫ | www.aaiclas.aero |
| সি.আই.ডি.-তে কম্পিউটার অ্যানালিস্ট | গ্র্যাজুয়েট | ৩২ | ১-৭-২৫ | https://cid.wb.gov.in |
| স্টাফ সিলেকশনের ফেজ-XIII পরীক্ষার মাধ্যমে ক্লার্ক অ্যাসিস্ট্যান্ট, অ্যাটেন্ড্যান্ট | মাধ্যমিক গ্র্যাজুয়েট মাস্টার ডিগ্রি | ২,৪২৩ | ২৩-৬-২৫ | www.ssconline.nic.in |
| UGC-NET-এর মাধ্যমে লেকচারার, JRF, পিএইচ.ডি. কোর্সে ভরতি | পোস্ট-গ্র্যাজুয়েট | - | ২৩-৬-২৫ | www.csirnet.nta.ac.in |
| এল.আই.সি. হাউজিং ফিনান্সে অ্যাপ্রেন্টিস | গ্র্যাজুয়েট | ২৫০ | ২৮-৬-২৫ | https://nats.education.gov.in |
| স্টাফ সিলেকশন কমিশনের কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষার মাধ্যমে অফিসার | গ্র্যাজুয়েট | ১৪,৫৮২ | ৪-৭-২৫ | www.ssc.nic.in |
| সেনাবাহিনীর স্কুলে চাকরির অনলাইন স্ক্রিনিং টেস্টের দরখাস্ত নেওয়া শুরু | গ্র্যাজুয়েট | - | ১৬-৮-২৫ | www.awesindia.com |

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে হবে, কোন ওয়েবসাইট থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ইত্যাদি তথ্য এবার এই বিভাগে দেওয়া হবে।

| পদ | পরীক্ষার তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|
| PSC-WBCS-2024 প্রিলি পরীক্ষা | ৭ সেপ্টেম্বর, ২০২৫ | www.wbpsc.gov.in |
| PSC-Clerkship-23 পার্ট-।। পরীক্ষা | - | www.wbpsc.gov.in |
| PSC-Clerkship-24 পার্ট-। পরীক্ষা | ২৮ ডিসেম্বর, ২০২৫ | www.wbpsc.gov.in |
| PSC- মিসলেনিয়াস সার্ভিসেস -২০২৪ প্রিলিমিনারি পরীক্ষা | ২৩ নভেম্বর ২০২৫ | www.wbpsc.gov.in |
| PSC-মোটর ভেহিক্যাল ইন্সপেক্টর (নন-টেক) -২০২৪ পরীক্ষা | ৯ নভেম্বর ২০২৫ | www.wbpsc.gov.in |
| PSC-মোটর ভেহিক্যাল ইন্সপেক্টর (টেক) -২০২৪ পরীক্ষা | ১৬ নভেম্বর ২০২৫ | www.wbpsc.gov.in |
| স্কুল সার্ভিস (SLST) পরীক্ষা | সেপ্টেম্বরের প্রথম সপ্তাহে | www.westbengalssc.com |
| SSC কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল (CGL-2025) পরীক্ষা | ১৩- ৩০ আগস্ট, ২০২৫ | www.ssc.nic.in |
| CAPF (Asstt. Commandant) ২০২৫ পরীক্ষা | ৩ আগস্ট | www.upsconline.nic.in |
| NET-ARS, SMS, STO -2025 | ৪ সেপ্টেম্বর | www.asrb.org.in |
| সেন্ট্রাল ব্যাঙ্কে অ্যাপ্রেন্টিস | জুলাইয়ের প্রথম সপ্তাহে | www.nats.education.gov.in |
| SSC স্টেনো গ্রেড-সি ও ডি | ৬- ১১ আগস্ট, ২০২৫ | www.ssc.nic.in |
| SSC ট্রান্সলেটর | ১২ আগস্ট, ২০২৫ | www.ssc.nic.in |
| SBI-এর Circle Based Officer পদের অনলাইন টেস্ট হবে | জুলাইয়ে | https://bank.sbi/careers |
| এয়ারফোর্সে (AFCAT) পরীক্ষা | ২৩-২৫ আগস্ট, ২০২৫ | https//afcat.cdac.in |
| UGC-CSIR NET পরীক্ষা | ২৭-২৮ জুলাই, ২০২৫ | www.nta.ac.in |
| AWES-OST পরীক্ষা | ২০-২১ সেপ্টেম্বর, ২০২৫ | www.awesindia.com |
| SSC-Phase-XIII পরীক্ষা | ২৪ জুলাই-৪ আগস্ট, ২০২৫ | www.ssc.gov.in |
| UPSC NDA&NA (II), 2025 পরীক্ষা | ১৪ সেপ্টেম্বর, ২০২৫ | www.upsconline.nic.in |
| UPSC CDS (II), 2025 পরীক্ষা | ১৪ সেপ্টেম্বর, ২০২৫ | www.upsconline.nic.in |

## জেলায় জেলায় কেরিয়ার ফেয়ার

১ পাতার পর

ইঞ্জিনিয়ারিং বা, ডাক্তারি কোর্স পড়ানো হয় কিংবা পেশাদার কোর্স যেমন, প্যারা মেডিক্যাল কোর্স, নার্সিং, হোটেল ও হসপিটাল ম্যানেজমেন্ট কোর্স, হসপিটালিটি ম্যানেজমেন্ট, আই.টি.আই, ডিপ্লোমা, বি.বি.এ., বি.সি.এ., হসপিটাল ম্যানেজমেন্ট, অ্যাভিয়েশন, অ্যানিমেশন, কোডিং, ওয়েব ডিজাইনিং, সফটওয়্যার টেস্টিং, ডিজিটাল মার্কেটিং, ডেটা অ্যানালিটিক্স, ইউ.আই / ইউ. এক্স ডিজাইন, অ্যাগ্রিকালচার, সফটস্কিল সংক্রান্ত ইত্যাদি কোর্স পড়ানো হয়, এইসব কোর্সের ভবিষ্যতই-বা কেমন ইত্যাদি বিষয় নিয়ে সরাসরি সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় ও কলেজ কর্তৃপক্ষর সঙ্গে কথা বলতে 'কেরিয়ার ফেয়ার'এর ব্যবস্থা হয়েছে। সারা দেশে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের চাকরির প্রেক্ষাপট কীভাবে বদলাচ্ছে, কোন-কোন ক্ষেত্রে চাকরির সুযোগ বাড়ছে, আগামী দিনে কোন-কোন চাকরি আপনার উন্নতির সোপান হয়ে উঠবে — আর সেজন্য কীভাবে নিজেকে তৈরি করে নিতে হবে, তার-ই গাইডেন্স পাবেন এই 'কেরিয়ার ফেয়ার' থেকে।

**কর্মসংস্থান** ও **Appointment & Career News**-এর উদ্যোগে ২৫ ও ২৬ জুন, বুধ ও বৃহস্পতিবার মুর্শিদাবাদ জেলার বহরমপুর শহরের দ্য ফেম হোটেলে (স্টেশন সংলগ্ন) এই 'কেরিয়ার ফেয়ার' হচ্ছে। উপস্থাপনায় 'সুখবর' দৈনিক পত্রিকা।

২ দিনের এই কেরিয়ার ফেয়ারে বিশেষজ্ঞরা জানাবেন মাধ্যমিক, উচ্চমাধ্যমিক বা ডিগ্রি কোর্স পাশ করার পর কোন কোন সরকারি চাকরির পরীক্ষা দেওয়া যায়, কীভাবে ওইসব পরীক্ষায় সফল হওয়া যায়। পাশাপাশি বাজারের চাহিদা অনুযায়ী কোন কোন পেশাদার বা বৃত্তিমূলক কোর্স, কম কোর্স ফী-তে, কোথা থেকে পড়া যায়, কোথায় কীভাবে উজ্জ্বল কেরিয়ার গড়া যায়, কোর্স পড়ার জন্য কীভাবে ব্যাঙ্ক থেকে ঋণ পাবেন — এইসব নানা জরুরি পরামর্শ দিতে থাকছেন নানা শিক্ষা প্রতিষ্ঠান ও সংস্থার প্রধানরা। থাকছে রাজ্য ও দেশের প্রথম সারির ডিগ্রি, ডিপ্লোমা, আই.টি.আই., নার্সিং, প্যারামেডিক্যাল, ফার্মাসিউটিক্যাল, অ্যাগ্রিকালচার-সহ অন্যান্য টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল কলেজ আর সরকারি চাকরির কোচিং ইনস্টিটিউটের আউটলেট। এছাড়াও থাকবে বিভিন্ন পেশাগত কোর্সে ভরতির এন্ট্রান্স পরীক্ষার কোচিং কোথায় পড়ানো হয়। বিনা খরচায় এমন সুবর্ণ সুযোগ আর মিলবে না। ২ দিনের এই কেরিয়ার ফেয়ারে যে কেউ আসতে পারেন। কোনো প্রবেশ মূল্য নেই। উপরন্তু থাকছে ফ্রি গিফট ও টিফিনের ব্যবস্থা। এখনই আগাম নাম নথিভুক্ত করার জন্য আর এই কেরিয়ার ফেয়ার নিয়ে বিশদে জানতে ফোন করুন এই নম্বরে : ৬২৯১৬৮৪৯৪৩।

এই কেরিয়ার ফেয়ারে 'কর্মসংস্থান' পত্রিকা, 'সাফল্য' পত্রিকা, 'Appointment & Career News' ও দৈনিক 'সুখবর' পত্রিকার স্টল থাকবে। কেরিয়ার সংক্রান্ত কোনো জিজ্ঞাসা থাকলে সরাসরি আমাদের স্টল থেকে জানতে পারবেন।

**২৫ ও ২৬ জুন বহরমপুরে অনুষ্ঠিত 'কেরিয়ার ফেয়ার'এ রাজ্য ও দেশের এইসব বিশ্ববিদ্যালয়, কলেজ ও শিক্ষা প্রতিষ্ঠান অংশগ্রহণ করবে :** (১) প্রগতি (টাইটেল স্পন্সর্ড), (২) রাজীব গান্ধী কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র (কো-স্পন্সর্ড)। এছাড়াও সহযোগী পার্টনার হিসাবে থাকছে এইসব শিক্ষা প্রতিষ্ঠান : (৩) চিৎকারা ইউনিভার্সিটি, চন্ডীগড়, (৪) রাইস এডুকেশন, (৫) জে.আই.এস গ্রুপ, (৬) দ্য জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউট (জি.টি.টি.আই.), (৭) জর্জ স্কুল অফ কম্পিটিটিভ এক্সাম (জি.এস.সি.ই. ডিজিটাল), (৮) সীকম স্কিল ইউনিভার্সিটি, (৯) এম.সি.কে.ভি. ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ারিং, (১০) ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট স্টাডিজ, (১১) ক্যালকাটা ইনস্টিটিউট অফ টেকনোলজি, (১২) সুভাষ বোস ইনস্টিটিউট অফ হোটেল ম্যানেজমেন্ট, (১৩) দ্য ইনস্টিটিউট অফ এডুকেশন ম্যানেজমেন্ট, (১৪) সেভেন রেঞ্জার্স ইনস্টিটিউট অফ নার্সিং, (১৫) সেন্ট্রাল ইনস্টিটিউট অফ হোটেল অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট কলেজ (সি.আই.এইচ.এম.), (১৬) প্যারামেডিক্যাল কলেজ, দুর্গাপুর, (১৭) আইডিয়াল ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ারিং অ্যান্ড আইডিয়াল ইনস্টিটিউট অফ নার্সিং, (১৮) ড. বি.সি. রায় ইঞ্জিনিয়ারিং কলেজ অ্যান্ড গ্রুপ অফ ইনস্টিটিউটশন্স, দুর্গাপুর, (১৯) বি.পি.পোদ্দার ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি, (২০) ল' পয়েন্ট (২১) সুশ্রীজো ইনস্টিটিউট অফ প্যারামেডিক্যাল অ্যান্ড অ্যাগ্রিকালচারাল সায়েন্স টেকনোলজি অ্যান্ড ম্যানেজমেন্ট, (২২) অ্যাম্বিশন এডুকেয়ার, (২৩) ডিসান অ্যাকাডেমি, (২৪) Webskitters Academy, (২৫) জে.এন.এম.এস এডুকেশনাল হাব, (২৬) আই.আই.সি.এইচ.এম, (২৭) গ্লোবাল নলেজ ক্যাম্পাস, (২৮) ডি.পি.এম.আই বহরমপুর, (২৯) কল্যাণী রিলায়েবল, (৩০) রিজেন্টগ্রুপ অফ রিসার্চ ফাউন্ডেশন, (৩১) বাঁকুড়া উন্নয়নী ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ারিং, (৩২) বিকেয়ার পলিটেকনিক।

## ৩০ লাখ দরখাস্ত জমা পড়ার সম্ভাবনা

১ পাতার পর

স্কুল সার্ভিস কমিশন সূত্রে খবর, এ পর্যন্ত প্রায় লাখেরও বেশি ফর্ম পূরণ হয়েছে। বিভিন্ন সাইবার ক্যাফেতে বা, অনলাইন সংস্থায় ফর্ম পূরণের ভিড় চোখে পড়ছে। আশা করা যায়, এবার ৩০ লাখেরও বেশি দরখাস্ত জমা পড়বে। প্রার্থী বাছাইয়ের পরীক্ষা হবে সেপ্টেম্বরের প্রথম সপ্তাহে। স্কুল সার্ভিস কমিশন সেইমতো তোড়জোড় শুরু করে দিয়েছে। কোন বিষয়ে ক'টি শূন্যপদ, শিক্ষাগত যোগ্যতা, বয়স, প্রার্থী বাছাই পদ্ধতি ইত্যাদি তথ্য গত সপ্তাহের 'কর্মসংস্থান'এ দেওয়া হয়েছে। এছাড়াও বিস্তারিত তথ্য স্কুল সার্ভিস কমিশনের এই ওয়েবসাইটে পাবেন : www.westbengalssc.com লিখিত পরীক্ষার সিলেবাস ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। ওই ওয়েবসাইটে গিয়ে Old website-এ ক্লিক করলেই প্রতিটি বিষয়ের সিলেবাস ডাউনলোড করে নিতে পারবেন। এবার ফর্ম পূরণ পদ্ধতি অনেক সহজ করা হয়েছে। পাশপোর্ট মাপের ফটো ছাড়া শিক্ষাগত যোগ্যতার কোনো প্রমাণপত্র স্ক্যান করতে হচ্ছে না। তবুও প্রতিটি স্টেপ ভালো করে সঠিক তথ্য দিয়ে পূরণ করবেন। একবার ভুল হলে তা সংশোধন করতে ভীষণ অসুবিধায় পড়তে হবে। তাই এ বিষয়ে প্রত্যেকেই সতর্কভাবে ফর্ম পূরণ করুন। কীভাবে ফর্ম পূরণ করবেন তার প্রতিটি স্টেপ নিয়ে বিস্তারিত তথ্য দেওয়া হল :

প্রথমে www.westbengalssc.com এই ওয়েবসাইটে যাবেন। ওপরের ডানদিকে Login ও Register লেখা দেখতে পাবেন। যাঁরা প্রথম দরখাস্ত করবেন, তাঁরা Register-এ গিয়ে ক্লিক করুন। তখন Basic information দিতে হবে। নাম, বাবার নাম, ক্যাটেগরি, জেন্ডার, বৈধ ই-মেল আই.ডি. ও বৈধ মোবাইল নম্বর, জন্ম-তারিখ, রিজিয়ন সিলেক্ট করবেন। নিচে Communication Details ঠিকভাবে পূরণ করবেন। তারপর ৮ সংখ্যার একটি পাশওয়ার্ড দেবেন। যেখানে একটি সংখ্যা, একটি স্পেশাল ক্যারেক্টার, একটি ক্যাপিটাল লেটার থাকা দরকার। এখানে সব তথ্যগুলি সঠিকভাবে না দিলে পরে অসুবিধায় পড়বেন। পাশওয়ার্ড লিখে রাখবেন। এরপর Registar-এ ক্লিক করলেই Candidates ID স্ক্রিনে ভেসে উঠবে ও তা মোবাইল নম্বর আর ই-মেল আই.ডি.-তেও পেয়ে যাবেন। তারপর আবার ওই ওয়েবসাইটে গিয়ে Apply Now-এ ক্লিক করলেই Candidates ID, Mobile no, Password চাইবে। সেটি ঠিকভাবে দিয়ে Login করবেন। তারপর Dashboard-এ 6টি স্টেপ পাবেন। এখানে পরপর প্রতিটি স্টেপ পূরণ করে এগিয়ে যেতে হবে।

**Step-1 :** 60কেবির মধ্যে পাশপোর্ট মাপের রঙিন ফটো JPEG ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। upload Image -এ ক্লিক করবেন। ফটো আপলোড হয়ে গেলে Dashboard এ ব্যাক করবেন। এখানে মনে রাখবেন, ফটোর নিচে সই করে স্ক্যান করবেন।

**Step-2 :** এখানে Mail ID ভেরিফিকেশন হবে। তাই এখানে ক্লিক করলেই ই-মেলে 6 সংখ্যার OTP যাবে। ওই OTP সঠিকভাবে দিলেই ভেরিফিকেশন কমপ্লিট হবে ও তারপর Dashboard-এ ফিরে আসবেন।

Step-3: মোবাইল ভেরিফিকেশন। 6 সংখ্যার OTP মোবাইলে যাবে। সেটি দিলেই মোবাইল ভেরিফিকেশন হয়ে যাবে ও তারপর Dashboard-এ ফিরে আসবেন।

**Step-4:** Profile Status Complete করতে হবে। এখানে ক্লিক করলেই আগে দেওয়া তথ্যগুলি ভেসে উঠবে। এরপর Next-এ ক্লিক করুন। তারপর Education Details দিতে হবে। মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, গ্র্যাজুয়েশন, পোস্ট-গ্র্যাজুয়েট, বি.এড. ইত্যাদির নম্বর, শতকরা হার, কোন বছরে পাশ করেছেন, কোথা থেকে পাশ করেছেন ইত্যাদি তথ্য সঠিকভাবে মার্কশীট বা, সার্টিফিকেট দেখে পূরণ করবেন। এরপর next-এ ক্লিক করুন। আগে দেওয়া তথ্যগুলি ভেসে উঠবে। তারপর Submit Profile Form-এ ক্লিক করুন। স্ক্রিনে পাবেন Thank you, Your profile has been submitted successfully'. এরপর Back to Home-এ যাবেন। এরপর আবার Step-4-এ এসে ক্লিক করলেই Finalise Submission-অপশন পাবেন। সেখানে ক্লিক করতে হবে। এখানে আপনাকে Alert (সঙ্কেত) দেবে। কোনো ভুল তথ্য দিয়ে থাকলে আর সংশোধন করতে পারবেন না। তাই আবার ওইসব তথ্য মিলিয়ে দেখার জন্য বলবে। Confirm Finalisation-এ ক্লিক করলেই Application Details চলে আসবে।

**Step-5:** এই পার্টে সুপ্রিম কোর্টের রায় অনুযায়ী যদি যদি পুরনো প্রার্থী (২০১৬ সালের পরীক্ষার্থী) হয়ে থাকেন ও বয়সে ছাড় নিতে চান, তাহলে টিক চিহ্ন দেবেন। তারপর আগের (২০১৬ সালের পরীক্ষার) রোল নম্বর চাইবে, সেটি দিতে হবে। তার পরের কলমটি কর্মরত শিক্ষক-শিক্ষিকাদের জন্য। সেখানে টিচার কোড, স্কুল কোড, জয়েনিংয়ের তারিখ ইত্যাদি উল্লেখ করবেন। নতুন প্রার্থীদের ক্ষেত্রে এই কলম পূরণ করতে হবে না।

এরপর ভেন্যু সিলেক্ট করবেন। তারপর Submit-এ ক্লিক করতে হবে। স্ক্রিনে পাবেন Thank you, Your profile has been submitted successfully'. এরপর Download অপশনে গিয়ে দরখাস্তের PDF ফাইলটি ডাউনলোড করে নিন।

**Step-6:** এরপর পেমেন্ট করতে হবে অনলাইনে (ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, নেট ব্যাঙ্কিং ইত্যাদি মাধ্যমে)। সব কিছু কমপ্লিট হয়ে গেলে স্ট্যাটাসে Complete দেখতে পাবেন।

## ফর্ম পূরণের আগে এই ৫০টি তথ্য

১ পাতার পর

প্রার্থীর আরো কিছু সমস্যা দেখা দিলে, আমাদের দফতরে ই-মেল (Email: karmajiggasa@ gmail.com) করুন। আগামী সংখ্যায় সেগুলির উত্তর দেওয়া হবে। **ফর্ম পূরণের আগে জরুরি তথ্যগুলি হল :**

(১) ২০১০ সালের পর পাওয়া ও.বি.সি. সার্টিফিকেট প্রাপ্ত প্রার্থীরা কিছুদিন অপেক্ষা করুন (হাই কোর্ট নতুন ও.বি.সি. তালিকা বাতিল করার জন্য)। খুব শিগগিরই স্কুল সার্ভিস কমিশন বিজ্ঞপ্তি দিয়ে ও.বি.সি. সার্টিফিকেট সংক্রান্ত তথ্য জানাবে।

(২) বিবাহিত মহিলারা বিয়ের পর পদবী বদল হলে ও সেই পদবী ভোটার কার্ড, আধার কার্ড, প্যান কার্ড, পাশপোর্ট, ব্যাঙ্কের পাস বই ইত্যাদি ক্ষেত্রে নথিভুক্ত থাকলে তবেই নতুন পদবী ব্যবহার করুন। নাহলে, মাধ্যমিকের মার্কশীট বা, সার্টিফিকেট অনুযায়ী আগের পদবী ব্যবহার করুন।

(৩) ফর্ম পূরণ করার সময় নিচের তথ্যগুলি সঠিকভাবে লিখবেন। কোনোভাবে ভুল হয়ে থাকলে পরে এডিট অপশন থাকলেও এই তথ্যগুলি সংশোধন করতে অসুবিধায় পড়তে হবে। যেমন-নামের বানান, বাবার নামের বানান, জন্ম-তারিখ, ই-মেল আই.ডি., মোবাইল নম্বর, শিক্ষাগত যোগ্যতার নম্বর ও শতকরা হার, ঠিকানা, জেন্ডার ইত্যাদি।

(৪) ২০১৬ সালের পরীক্ষার্থীরা বয়সে ছাড় নিতে চাইলে ২০১৬ সালের পরীক্ষার রোল নম্বর দিতে হবে।

(৫) এবার দরখাস্ত করার সময় শিক্ষাগত যোগ্যতার কোনো প্রমাণপত্র স্ক্যান করে আপলোড করতে হবে না।

(৬) অনার্স গ্র্যাজুয়েটরা পাস ও অনার্সে পাওয়া নম্বর যোগ করে লিখতে পারেন।

(৭) যে কোনো মেথড বিষয়ে বি.এড. পাশ হলেই দরখাস্ত করতে পারবেন। যে বিষয়ে পরীক্ষা দেবেন, সেই বিষয়ে বি.এড. না থাকলেও অসুবিধা নেই।

(৮) স্থায়ী শিক্ষক-শিক্ষিকা, প্যারা টিচার ও অনুমোদিত শিক্ষক-শিক্ষিকারা অভিজ্ঞতার জন্য বরাদ্দ ১০ নম্বর পাবেন।

(৯) নতুন প্রার্থীদের প্রতিযোগিতা হবে ৯০ নম্বরের ওপর আর অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের প্রতিযোগিতা হবে ১০০ নম্বরের ওপর।

### ফর্ম পূরণ করতে কী কী প্রমাণপত্র সঙ্গে রাখতে হবে

**(১) নিজের মোবাইল নম্বর ও নিজের ই-মেল আই.ডি.।**

**(২) পাশপোর্ট মাপের রঙিন ফটো ৬০ কেবির মধ্যে জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন (ফটোর নিচে নিজে সই করবেন)।**

**(৩) ফটো ছাড়া অন্য কোনো প্রমাণপত্র স্ক্যান করে নিতে হবে না।**

**(৪) মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, ডিগ্রি, মাস্টার ডিগ্রি, বি.এড. পাশের মার্কশীট বা, সার্টিফিকেটের কপি সঙ্গে রাখবেন বা, ফটো তোলা থাকলেও হবে।**

**(৫) ২০১৬ সালের পরীক্ষার্থী হয়ে থাকলে আগের পরীক্ষার রোল নম্বর লাগবে আর কর্মরত শিক্ষক-শিক্ষিকাদের বেলায় টিচার কোড, স্কুল কোড ও জয়েনিংয়ের তারিখ।**

**(৬) পরীক্ষা ফী'র টাকা দেওয়ার মতো অনলাইন ব্যবস্থা (জিপে, ফোনফে, নেট ব্যাঙ্কিং ইত্যাদি)।**

(১০) প্রাইমারি টিচাররা অভিজ্ঞতার জন্য বরাদ্দ নম্বর পাবেন না।

(১১) নবম-দশম যে বিষয়ে দরখাস্ত করবেন, সেই বিষয়ে ৩০০ নম্বর থাকতে হবে।

(১২) পলিটেকনিকের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য নন।

(১৩) 'SLST'র পরীক্ষায় নেগেটিভ মার্কিং নেই।

(১৪) ফটোতে যে সিগনেচার করবেন, সেটি টানা হাতের লেখায় করবেন। বড় হরফে সিগনেচার করলে দরখাস্ত বাতিল হবে।

(১৫) ডিগ্রি, অনার্স, পোস্ট-গ্র্যাজুয়েট, বি.এড. ইত্যাদি শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে অ্যাপিয়ার্ড হিসাবে থাকলে যোগ্য নন।

(১৬) অনলাইনে দরখাস্ত করার পর কোনো প্রমাণপত্র ডাকে পাঠাতে হবে না।

(১৭) ছেলেরা, মেয়েদের স্কুলের জন্য যোগ্য নন, তবে মেয়েরা ছেলেমেয়ে উভয় স্কুলের জন্যই যোগ্য।

(১৮) পাস বা, অনার্স কিংবা, পোস্ট-গ্র্যাজুয়েট কোর্সের মধ্যে যে কোনো একটিতে মোট অন্তত ৫০% নম্বর থাকলে IX-X-এর জন্য যোগ্য।

(১৯) পোস্ট-গ্র্যাজুয়েট কোর্সে মোট অন্তত ৫০% নম্বর থাকলে তবেই XI-XII-এর জন্য যোগ্য।

(২০) যাঁদের পাস বা, অনার্স ডিগ্রি কোর্সে ৫০% নম্বর নেই, কিন্তু পোস্ট-গ্র্যাজুয়েট কোর্সে ৫০% নম্বর আছে, তাঁরাও IX-X-এর জন্য যোগ্য।

(২১) ৫০%'এর কম নম্বর পেয়ে পাস কোর্সে গ্র্যাজুয়েট হয়ে যাঁরা মাস্টার ডিগ্রি করেছেন ও মাস্টার ডিগ্রি কোর্সে ৫০% নম্বর আছে, তাঁরাও IX-X-এর জন্য যোগ্য।

(২২) সব শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে তপশিলী, ও.বি.সি. আর প্রতিবন্ধী প্রার্থীরা মোট প্রাপ্ত নম্বরে ৫% ছাড় পাবেন।

(২৩) বি.এড. যোগ্যতা না থাকলে কোনো ক্ষেত্রেই দরখাস্ত করার যোগ্য নন।

(২৪) UGC'র স্বীকৃত কোনো প্রতিষ্ঠান বা, UGC'র স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ডাকযোগে বা, করেসপন্ডেন্সে ডিগ্রি বা, পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি কোর্স পাশ করলে সেই সার্টিফিকেটও গ্রাহ্য হবে।

(২৫) অনলাইনে ফর্ম পূরণের সময় যেসব তথ্য দিচ্ছেন, তা ঠিকভাবে দেখে তবেই ইনপুট করবেন। জন্ম-তারিখ, শিক্ষাগত যোগ্যতা ইত্যাদি ক্ষেত্রে ভুল তথ্য দিয়ে থাকলে দরখাস্ত বাতিল হবে।

(২৬) লিখিত পরীক্ষার প্রশ্ন হবে ইংরিজি ও বাংলায়।

(২৭) 'প্রিলিমিনারি মেরিট লিস্ট' তৈরির সময় লিখিত পরীক্ষায় পাওয়া নম্বর (৬০ নম্বরের মধ্যে) ও শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর (গ্র্যাজুয়েট বা, পোস্ট-গ্র্যাজুয়েট যোগ্যতার জন্য ১০ নম্বর) ধরে মোট শূন্যপদের ১.৬ গুণ প্রার্থীকে ইন্টারভিউয়ে ডাকা হবে।

(২৮) চূড়ান্ত প্যানেল তৈরির সময় লিখিত পরীক্ষায় পাওয়া নম্বর, শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর, পড়ানোর অভিজ্ঞতার নম্বর, ওরাল ইন্টারভিউ ও লেকচার ডেমোনস্ট্রেশন'এর নম্বর দেখা হবে।

(২৯) লিখিত পরীক্ষা হবে OMR শিটে।

(৩০) OMR শিটের ডুপ্লিকেট বা, কার্বন কপি প্রার্থীদের দিয়ে দেওয়া হবে।

(৩১) ও.এম.আর. শিট ২ বছর সংরক্ষণ করা হবে। তবে ও.এম.আর. শিটের ইমেজ ১০ বছর পর্যন্ত সংরক্ষণ করা হবে।

(৩২) প্রশ্নপত্র তৈরি করবেন ইউ.জি.সি.'র স্বীকৃত কলেজ বা, বিশ্ববিদ্যালয়ের অ্যাসিস্ট্যান্ট প্রফেসরের পদমর্যাদার ব্যক্তি।

(৩৩) লিখিত পরীক্ষার পর ওয়েবসাইটে মডেল অ্যানসার কী প্রকাশ করা হবে।

(৩৪) কোনো প্রার্থীর উত্তরপত্র নিয়ে কোনো অভিযোগ বা, সাজেশন থাকলে তা স্কুল সার্ভিস কমিশনকে লিখিতভাবে জানাতে পারবেন।

(৩৫) প্রার্থীরা ও.এম.আর. শিটের ইমেজ কপি অনলাইনে নির্দিষ্ট ফী দিয়ে দেখার সুযোগ পাবেন।

(৩৬) প্যানেল ও ওয়েটিং তালিকা ১ বছর পর্যন্ত বৈধ থাকবে।

(৩৮) প্রয়োজন হলে ওই প্যানেলের মেয়াদ আরো ৬ মাস পর্যন্ত বাড়ানো হতে পারে (লিখিত নির্দেশ অনুযায়ী)।

(৩৭) প্রত্যেক প্রার্থীর ওরাল ইন্টারভিউ দেওয়া বাধ্যতামূলক।

(৩৮) প্যানেল বা, ওয়েটিং তালিকার মেয়াদ ফুরিয়ে গেলে প্রার্থীকে আর কাউন্সেলিংয়ে ডাকা হবে না।

(৩৯) স্কুল সার্ভিস কমিশনের দেওয়া রেকমেন্ডেশন পাওয়ার ৩০ দিনের মধ্যে সংশ্লিষ্ট স্কুলে জয়েন করতে হবে।

(৪০) একই প্রার্থীর IX-X, XI-XII-এর জন্য যোগ্যতা থাকলে দু'টি ক্ষেত্রেই দরখাস্ত করতে পারবেন।

(৪১) যে প্রার্থী যে ক্যাটেগরিতে 'কাট অফ' নম্বর ক্লিয়ার করবেন, সেই ক্যাটেগরির সুযোগই পাবেন। কাট অফ নম্বর যদি জেনারেলদের থেকে বেশিও হয়, সেখানে সংরক্ষিত ক্যাটেগরি ছেড়ে জেনারেলদের ক্যাটেগরিতে আসতে পারবেন না।

(৪২) ইন্টারভিউ বোর্ডে ৩-৪ জন মেম্বার থাকবেন। তাঁরা ইন্টারভিউয়ের সময় যে নম্বর দেবেন, তখনই তা সরাসরি এস.এস.সি.'র সার্ভারে পৌঁছে যাবে।

(৪৩) ফর্মের দাম ৫০০ (তপশিলী ও প্রতিবন্ধী হলে ২০০) টাকা।

(৪৪) প্রার্থী বাছাইয়ের জন্য মোট ১০০ নম্বরের পরীক্ষা হবে। এর মধ্যে লিখিত পরীক্ষায় ৬০ নম্বর, অ্যাকাডেমিক স্কোর ১০ নম্বর, পড়ানোর অভিজ্ঞতার জন্য থাকবে ১০ নম্বর, ওরাল ইন্টারভিউ ১০ নম্বর, লেকচার ডেমোনস্ট্রেশন ১০ নম্বর।

(৪৫) নিয়োগে স্বচ্ছতা আনতে প্রতি প্রার্থীর দরখাস্ত ৩ বার যাচাই করা হবে — প্রথমে দরখাস্ত করার সময়, দ্বিতীয়বার ইন্টারভিউয়ের সময়, তৃতীয়বার কাউন্সেলিংয়ের সময়।

(৪৬) ২০ নম্বরের যে ইন্টারভিউ হবে তার ভিডিওগ্রাফি হবে কিনা তা এখনো স্পষ্ট নয়।

(৪৭) ফটোতে সিগনেচার না থাকলে অসুবিধা হবে।

(৪৮) ম্যানেজিং কমিটির মাধ্যমে নিয়োগপ্রাপ্ত শিক্ষক-শিক্ষিকারা অভিজ্ঞতার বরাদ্দ নম্বর পাবেন কিনা তা নিশ্চিত নয়।

(৪৯) বেসরকারি স্কুলের শিক্ষক-শিক্ষিকারা অভিজ্ঞতার জন্য বরাদ্দ নম্বর পাবেন না।

(৫০) নবম-দশম আর একাদশ-দ্বাদশ শ্রেণির পরীক্ষা আলাদা দিনে হবে।

## কেন্দ্রীয় সরকারে ৪ হাজার

১ পাতার পর

পদের জন্য আবেদন করতে পারেন।

অঙ্ক অন্যতম বিষয় হিসাবে নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে ডাটা এন্ট্রির কাজে ঘন্টায় অন্তত ১৫,০০০ কী ডিপ্রেশনে গতি থাকলে 'ডাটা এন্ট্রি অপারেটর গ্রেড-এ কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেল অফ ইন্ডিয়া, মিনিস্ট্রি অফ কনজিউমার অ্যাফেয়ার্স, ফুড অ্যান্ড পাব্লিক ডিস্ট্রিবিউশন, মিনিস্ট্রি অফ কালচার' পদের জন্য আবেদন করতে পারেন।

সব পদের বেলায়ই উচ্চতর যোগ্যতার প্রার্থীরাও আবেদনের যোগ্য। বয়স হতে হবে ১-০৮-২০২৫'র হিসাবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে, অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-৮-১৯৯৮ থেকে ১-৮-২০০৭'এর মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর, দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে১৩) বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করে থাকলে ৮ (তপশিলী হলে ১৩, ও.বি.সি. হলে ১১) বছর ও কেন্দ্রীয় সরকারি কর্মী আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : লোয়ার ডিভিশন ক্লার্ক/জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট পদে ১৯,৯০০-৬৩,২০০ টাকা। ডাটা এন্ট্রি অপারেটর পদে ২৫,৫০০-৮১,১০০ টাকা। পদ অনুযায়ী ও ক্যাটেগরিভিত্তিক কোন রাজ্যে ক'টি শূন্যপদ আছে তা পরে জানানো হবে। তপশিলী, ও.বি.সি., ই.ডব্লু.এস., প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের জন্য যথারীতি শূন্যপদ সংরক্ষিত আছে।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Combined Higher Secondary Level (10+2) Level Examination, 2025' পরীক্ষার মাধ্যমে। প্রার্থী বাছাইয়ের জন্য দু'টি পর্যায়ের পরীক্ষা হবে। প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড পরীক্ষা হবে ৮ সেপ্টেম্বর থেকে ১৫ সেপ্টেম্বর। দ্বিতীয় পর্যায়ের কম্পিউটার বেসড পরীক্ষা কবে হবে তা পরে জানানো হবে।

প্রথম পর্যায়ের পরীক্ষা হবে পূর্ব-ভারতের এইসব কেন্দ্রে : কলকাতা (৪৪১০), শিলিগুড়ি (৪৪১৫), আসানসোল (৪৪১৭), বর্ধমান (৪৪০৪), দুর্গাপুর (৪৪২৬), কল্যাণী (৪৪১৯), গ্যাংটক (৪০০১), রাঁচী (৪২০৫), বেরহামপুর (ওড়িশা) (৪৬০২), ভুবনেশ্বর (৪৬০৪), কটক (৪৬০৫), পোর্ট ব্লেয়ার (৪৮০২), জামশেদপুর (৪২০৭),রৌরকেলা (৪৬১০), ঢেঙ্কানল (৪৬১১), ডিব্রুগড় (৫১০২), গুয়াহাটি (দিসপুর) (৫১০৫), জোড়হাট (৫১০৭), শিলচর (৫১১১), কোহিমা (৫৩০২), শিলঙ (৫৪০১), ইম্ফল (৫৫০১), আগরতলা (৫৬০১), আইজল (৫৭০১), ইটানগর (৫০০১), ডিমাপুর (৫৩০১)।

এই পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের ২০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে এই ৪টি পার্টে : (ক) জেনারেল ইন্টেলিজেন্স -৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (খ) ইংলিশ ল্যাঙ্গোয়েজ (বেসিক নলেজ) - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (গ) কোয়ান্টিটেটির্ভ অ্যাপ্টিটিউড (বেসিক অ্যারিথমেটিক স্কিল) - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (ঘ) জেনারেল অ্যাওয়ারনেস -৫০ নম্বরের ২৫টি প্রশ্ন। সময় থাকবে ৬০ মিনিট। দৃষ্টিহীন প্রতিবন্ধীরা অতিরিক্ত সময় পাবেন। প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে। লিখিত পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। প্রতি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.৫০ নম্বর কাটা হবে। সফল হলে দ্বিতীয় পর্যায়ের পরীক্ষা।

দ্বিতীয় ধাপের (দ্বিতীয় টায়ার) পরীক্ষায় থাকবে ৩টি পেপার। প্রথম পেপারে সেশন-।'এ থাকবে ৩টি সেকশন। সেকশন-১'এ থাকবে ১৮০ নম্বরের ৬০টি প্রশ্ন। এইসব বিষয়ে : (ক) ম্যাথমেটিক্যাল এবিলিটি-৩০টি প্রশ্ন, (খ) রিজনিং অ্যান্ড জেনারেল ইন্টেলিজেন্স-৩০টি প্রশ্ন। প্রতিটি প্রশ্নে থাকবে ৩ নম্বর।

সেকশন-২'এ থাকবে ১৮০ নম্বরের ৬০টি প্রশ্ন। এইসব বিষয়ে : (ক) ইংলিশ ল্যাঙ্গোয়েজ ও কমপ্রিহেনশন-৪০টি প্রশ্ন, (খ) জেনারেল অ্যাওয়ারনেস - ২০টি প্রশ্ন। প্রতিটি প্রশ্নে থাকবে ৩ নম্বর। সেকশন -১ ও সেকশন -২-এ সময় থাকবে ১ ঘন্টা।

সেকশন-৩'এ থাকবে ৪৫ নম্বরের ১৫টি প্রশ্ন কম্পিউটার নলেজ মডিউল-১। প্রতিটি প্রশ্নে থাকবে ৩ নম্বর। সময় থাকবে ১৫ মিনিট।

দ্বিতীয় ধাপের (সেকেন্ড টায়ার) পরীক্ষা কবে হবে তা পরে জানানো হবে।

ওপরের ওইসব পেপারেই প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। প্রথম ও দ্বিতীয় ধাপের পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। টায়ার-।'এর বেলায় প্রতিটি প্রশ্নের ভুল উত্তর দিলে প্রাপ্ত নম্বর থেকে ০.৫০ নম্বর কাটা হবে। টায়ার-।।'এর বেলায় সেকশন-১, সেকশন-২ ও সেকশন -৩'এর মডিউল-১'এর প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। সব ক্ষেত্রেই উত্তর দিতে হবে 'ও.এম.আর.' শীটে।

সেকশন-।।।-তে থাকবে স্কিল টেস্ট বা, টাইপিং টেস্ট। ডাটা এন্ট্রি অপারেটর পদের বেলায় ১৫ মিনিটের স্কিল টেস্ট হবে আর লোয়ার ডিভিশন ক্লার্ক বা, জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট পদের বেলায় ১৫ মিনিটের টাইপিং টেস্ট হবে। পরীক্ষা সংক্রান্ত আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.ssc.nic.in

দরখাস্ত করবেন অনলাইনে, ২৩ জুন থেকে ১৮ জুলাই পর্যন্ত। এই ওয়েবসাইটে : https://ssc.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো (২০ থেকে ৫০ কেবির মধ্যে) ও সিগনেচার জে.পি.জি. ফর্ম্যাটে ৪ কে.বি. থেকে ১ ২কে.বি.'র মধ্যে স্ক্যান করে নেবেন।

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন আপনা থেকেই রেজিস্ট্রেশন নম্বর তৈরি হয়ে যাবে। তখন ওই রেজিস্ট্রেশন নম্বর প্রিন্ট করে নেবেন। এবার পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা এস.বি.আই চালান / নেট ব্যাঙ্কিং / ক্রেডিট কার্ড বা, ডেবিট কার্ডে জমা দিতে পারবেন। মহিলা, তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না। টাকা নেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড বা, ক্রেডিট কার্ডে যাঁরা জমা দেবেন, তাঁরা নাম রেজিস্ট্রেশনের সঙ্গে সঙ্গেই জমা দিতে পারবেন। এইভাবে টাকা জমা দেওয়ার পর আবার ওই ওয়েবসাইটে গিয়ে স্ক্যান করা ফটো ও সিগনেচার আপলোড করতে হবে। ফটো ও সিগনেচার আপলোড করার পর সাবমিট করলে তবেই নাম রেজিস্ট্রেশন সম্পূর্ণ হবে। এরপর ওই কনফার্মেশন প্রিন্ট করে নেবেন। তখন ওই কনফার্মেশন ই-মেল করেও পাঠানো হবে।

**সংশোধন**

গত সংখ্যায় NTPC-এর সেটের কিছু প্রশ্নের সঠিক উত্তরগুলি দেওয়া হল —

**12(D). 13(B). 14(D). 15(B). 16(C). 18(D). 19(B). 20(A).**

মুদ্রণপ্রমাদ থাকায় দুঃখিত।

## ম্যাজাগন ডকে

১ পাতার পর

পেয়ে থাকলে যোগ্য। বয়স হতে হবে ১-১০-২০২৫'এর হিসাবে ১৫ থেকে ১৯ বছরের মধ্যে। ২ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড প্রথম বছর ৩ মাসের জন্য মাসে ৩,০০০ টাকা করে, পরের ৯ মাস মাসে ৬,০০০ টাকা করে। আর দ্বিতীয় বছর মাসে ৬,৬০০ টাকা করে। শূন্যপদ : স্ট্রাকচারাল ফিটার ৪৭টি (জেনাঃ ১৭, ও.বি.সি. ১৩, ই.ডব্লু.এস. ৪, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৩, এস.ই.বি.সি. ৪)। পাইপ ফিটার ৪৪টি (জেনাঃ ১৫, ও.বি.সি. ১৩, ই.ডব্লু.এস. ৪, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৩,এস.ই.বি.সি. ৪)। ইলেক্ট্রিশিয়ান ৪৩টি (জেনাঃ ১৫, ও.বি.সি. ১২, ই.ডব্লু.এস. ৪, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৩, এস.ই.বি.সি. ৪)। ফিটার ৫২টি (জেনাঃ ১৮, ও.বি.সি. ১৫, ই.ডব্লু.এস. ৫, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৩, এস.ই.বি.সি. ৫)। ড্রাফটসম্যান (মেকা) ২৮টি (জেনাঃ ১২, ও.বি.সি. ৮, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, এস.ই.বি.সি. ২)।

**ট্রেড অ্যাপ্রেন্টিস (আই.টি.আই. পাশদের জন্য) :** নেওয়া হবে স্ট্রাকচারাল ফিটার, আই.সি.টি.এস.এম., ওয়েল্ডার, ইলেক্ট্রিশিয়ান, পাইপ ফিটার, কার্পেন্টার, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, ইলেক্ট্রনিক মেকানিক, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং, ড্রাফটসম্যান (মেকানিক্যাল)।

আই.টি.আই. থেকে স্ট্রাকচারাল ফিটার, আই.সি.টি.এস.এম., ওয়েল্ডার, ইলেক্ট্রিশিয়ান, পাইপ ফিটার, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, কার্পেন্টার, ইলেক্ট্রনিক মেকানিক, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং, ড্রাফটসম্যান (মেকানিক্যাল) ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী হলে সাধারণভাবে পাশ) নম্বর পেয়ে থাকলে সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য। বয়স হতে হবে ১-১০-২০২৫'এর হিসাবে ১৬ থেকে ২১ বছরের মধ্যে। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড ৭,৭০০ টাকা ও ৮,০৫০ টাকা। শূন্যপদ : স্ট্রাকচারাল ফিটার ৪০টি (জেনাঃ ১৫, ও.বি.সি. ১২, ই.ডব্লু.এস. ৩, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ২, এস.ই.বি.সি. ৩)। ইলেক্ট্রনিক মেকানিক ৩০টি (জেনাঃ ১২, ও.বি.সি. ৯, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২, এস.ই.বি.সি. ২)। কার্পেন্টার ৩০টি (জেনাঃ ১২, ও.বি.সি. ৯, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২, এস.ই.বি.সি. ২)। আই.সি.টি.এস.এম. ২০টি (জেনাঃ ৯, ও.বি.সি. ৬, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, এস.ই.বি.সি. ১)। ইলেক্ট্রিশিয়ান ৪০টি (জেনাঃ ১৫, ও.বি.সি. ১২, ই.ডব্লু.এস. ৩, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ২, এস.ই.বি.সি. ৩)। পাইপ ফিটার ২০টি (জেনাঃ ৯, ও.বি.সি. ৬, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, এস.ই.বি.সি. ১)। ওয়েল্ডার ৩৫টি (জেনাঃ ১৩, ও.বি.সি. ১০, ই.ডব্লু.এস. ৩, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, এস.ই.বি.সি. ৩)। সি.ও.পি.এ. ২০টি (জেনাঃ ৯, ও.বি.সি. ৬, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, এস.ই.বি.সি. ১), আর.এ.সি. ২০টি (জেনাঃ ৯, ও.বি.সি. ৬, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, এস.ই.বি.সি. ১)। ড্রাফটসম্যান মেকানিক্যাল ২০টি (জেনাঃ ৯, ও.বি.সি. ৬, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, এস.ই.বি.সি. ১)।

**ট্রেড অ্যাপ্রেন্টিস (এইট পাশদের জন্য) :** নেওয়া হবে রিগার, ওয়েল্ডার (জি অ্যান্ড ই)। অঙ্ক ও বিজ্ঞান বিষয় নিয়ে ক্লাস এইট পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী হলে সাধারণভাবে পাশ) নম্বর পেয়ে থাকলে যোগ্য। বয়স হতে হবে ১-১০-২০২৫'এর হিসাবে ১৪ থেকে ১৮ বছরের মধ্যে। রিগার ট্রেড ২ বছরের আর ওয়েল্ডার ট্রেড ১ বছর ৩ মাসের। স্টাইপেন্ড প্রথম বছর ৩ মাসে ২৫০০ টাকা করে, পরের ৯ মাস মাসে ৫,০০০ টাকা করে। আর দ্বিতীয় বছর মাসে ৫,৫০০ টাকা করে। শূন্যপদ :রিগার ট্রেডে ১৪টি (জেনাঃ ৭, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, এস.ই.বি.সি. ১)। ওয়েল্ডার (জি অ্যান্ড ই) ২০টি (জেনাঃ ৯, ও.বি.সি. ৬, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, এস.ই.বি.সি. ১)।

প্রার্থী বাছাই হবে কম্পিউটার বেসড টেস্টের মাধ্যমে। পরীক্ষা হবে ২ আগস্ট, মুম্বই, নাগপুর, পুণে, নাসিক, কোলাপুর, থানে, ঔরঙ্গাবাদে। মাধ্যমিক ও ক্লাস এইট পাশদের বেলায় ১০০ নম্বরের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) ইংরিজি ও জি.কে. -২৫ নম্বর, (খ) ফিজিক্স-২৫ নম্বর, (গ) কেমিস্ট্রি -২৫ নম্বর, (ঘ) অঙ্ক -২৫ নম্বর। আই.টি.আই. পাশদের বেলায় ১০০ নম্বরের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) ইংরিজি ও জি.কে. -২৫ নম্বর, (খ) ট্রেড থিওরি -২৫ নম্বর, (গ) ওয়ার্কশপ ক্যালকুলেশন অ্যান্ড সায়েন্স -২৫ নম্বর, (ঘ) ইঞ্জিনিয়ারিং ড্রয়িং-২৫ নম্বর। সফল হলে এরপর সার্টিফিকেট ভেরিফিকেশন। অ্যাডমিট কার্ড দেওয়া হবে ১৮ জুলাই থেকে। এই পদের বিজ্ঞপ্তিনং : MDL ATS/01/2025.

আগ্রহী প্রার্থীদের প্রথমে নাম নথিভুক্ত করতে হবে ৩০ জুনের মধ্যে। এই ওয়েবসাইটে : https://mazagondock.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা অনলাইনে জমা দিতে হবে। তপশিলী, প্রতিবন্ধীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ৮৬ টেকনিশিয়ান

১ পাতার পর

ফিটার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ কিংবা ফিটার ট্রেডে ২ বছরের অ্যাপ্রেন্টিস ট্রেনিং বা, ফিটার ট্রেডে ৩ বছর কাজ করার অভিজ্ঞতা থাকলে যোগ্য। শূন্যপদ : ২৫টি (জেনাঃ ৯, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৫, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২, খেলোয়াড় ২, ই.এস.এম. ২, প্রতিবন্ধী ৩)।

**পোস্ট কোড : T-102. টেকনিশিয়ান -1/Gr-II (1) :** মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে সায়েন্স বিষয় নিয়ে মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ওয়েল্ডার সার্টিফিকেট কোর্স পাশ কিংবা ওয়েল্ডার ট্রেডে ২ বছরের অ্যাপ্রেন্টিস ট্রেনিং বা, ওয়েল্ডার ট্রেডে ৩ বছর কাজ করার অভিজ্ঞতা থাকলে যোগ্য। শূন্যপদ : ২টি (ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ১)।

**পোস্ট কোড : T-103. টেকনিশিয়ান -1/Gr-II (1) :** মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে সায়েন্স বিষয় নিয়ে মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে টার্নার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ কিংবা টার্নার ট্রেডে ২ বছরের অ্যাপ্রেন্টিস ট্রেনিং বা, টার্নার ট্রেডে ৩ বছর কাজ করার অভিজ্ঞতা থাকলে যোগ্য। শূন্যপদ : ৩টি (ও.বি.সি. ১, তঃজাঃ ১,প্রতিবন্ধী ১)।

**পোস্ট কোড : T-104. টেকনিশিয়ান -1/Gr-II (1) :** মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে সায়েন্স বিষয় নিয়ে মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ইলেক্ট্রিক্যাল ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ কিংবা ইলেক্ট্রিক্যাল ট্রেডে ২ বছরের অ্যাপ্রেন্টিস ট্রেনিং বা, ইলেক্ট্রিক্যাল ট্রেডে ৩ বছর কাজ করার অভিজ্ঞতা থাকলে যোগ্য। শূন্যপদ : ১২টি (জেনাঃ ১, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৪, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ই.এস.এম. ২)।

**পোস্ট কোড : T-105. টেকনিশিয়ান -1/Gr-II (1) :** মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে সায়েন্স বিষয় নিয়ে মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে মেশিনিস্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ কিংবা মেশিনিস্ট ট্রেডে ২ বছরের অ্যাপ্রেন্টিস ট্রেনিং বা, মেশিনিস্ট ট্রেডে ৩ বছর কাজ করার অভিজ্ঞতা থাকলে যোগ্য। শূন্যপদ : ৮টি (জেনাঃ ১, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ২, তঃজাঃ ৩, প্রতিবন্ধী ১)।

**পোস্ট কোড : T-106. টেকনিশিয়ান -1/Gr-II (1) :** মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে সায়েন্স বিষয় নিয়ে মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেন্টেন্যান্স ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ কিংবা ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেন্টেন্যান্স ট্রেডে ২ বছরের অ্যাপ্রেন্টিস ট্রেনিং বা, ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেন্টেন্যান্স ট্রেডে ৩ বছর কাজ করার অভিজ্ঞতা থাকলে যোগ্য। শূন্যপদ : ৪টি (জেনাঃ ২,তঃজাঃ ১, ই.এস.এম. ১)।

**পোস্ট কোড : T-107. টেকনিশিয়ান -1/Gr-II (1) :** মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে সায়েন্স বিষয় নিয়ে মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ কিংবা ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন ট্রেডে ২ বছরের অ্যাপ্রেন্টিস ট্রেনিং বা, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন ট্রেডে ৩ বছর কাজ করার অভিজ্ঞতা থাকলে যোগ্য। শূন্যপদ : ১টি (জেনাঃ)।

**পোস্ট কোড : T-108. টেকনিশিয়ান -1/Gr-II (1) :** মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে সায়েন্স বিষয় নিয়ে মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে মেকানিক্যাল ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ কিংবা মেকানিক্যাল ট্রেডে ২ বছরের অ্যাপ্রেন্টিস ট্রেনিং বা, মেকানিক্যাল ট্রেডে ৩ বছর কাজ করার অভিজ্ঞতা থাকলে যোগ্য। শূন্যপদ : ১টি (ও.বি.সি.)।

**পোস্ট কোড : T-109. টেকনিশিয়ান -1/Gr-II (1) :** মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে সায়েন্স বিষয় নিয়ে মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ইলেক্ট্রনিক্স ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ কিংবা ইলেক্ট্রনিক্স ট্রেডে ২ বছরের অ্যাপ্রেন্টিস ট্রেনিং বা, ইলেক্ট্রনিক্স ট্রেডে ৩ বছর কাজ করার অভিজ্ঞতা থাকলে যোগ্য। শূন্যপদ : ১১টি (জেনাঃ ৩, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৪, তঃজাঃ ২, খেলোয়াড় ১)।

**পোস্ট কোড : T-110. টেকনিশিয়ান -1/Gr-II (1) :** মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে সায়েন্স বিষয় নিয়ে মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ড্রাফটসম্যান (মেকানিক্যাল) ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ কিংবা ড্রাফটসম্যান (মেকানিক্যাল) ট্রেডে ২ বছরের অ্যাপ্রেন্টিস ট্রেনিং বা, ড্রাফটসম্যান (মেকানিক্যাল) ট্রেডে ৩ বছর কাজ করার অভিজ্ঞতা থাকলে যোগ্য। শূন্যপদ : ৫টি (ই.ডব্লু.এস.২, ও.বি.সি.২, তঃজাঃ ১)।

**পোস্ট কোড : T-111. টেকনিশিয়ান -1/Gr-II (1) :** মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে সায়েন্স বিষয় নিয়ে মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট (কেমিক্যাল প্ল্যান্ট) ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ কিংবা ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট (কেমিক্যাল প্ল্যান্ট) ট্রেডে ২ বছরের অ্যাপ্রেন্টিস ট্রেনিং বা, ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট (কেমিক্যাল প্ল্যান্ট) ট্রেডে ৩ বছর কাজ করার অভিজ্ঞতা থাকলে যোগ্য। শূন্যপদ : ১টি (জেনাঃ)।

**পোস্ট কোড : T-112. টেকনিশিয়ান -1/Gr-II (1) :** মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে সায়েন্স বিষয় নিয়ে মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ইন্সট্রুমেন্ট মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ কিংবা ইন্সট্রুমেন্ট মেকানিক ট্রেডে ২ বছরের অ্যাপ্রেন্টিস ট্রেনিং বা, ইন্সট্রুমেন্ট মেকানিক ট্রেডে ৩ বছর কাজ করার অভিজ্ঞতা থাকলে যোগ্য। শূন্যপদ : ২টি (ও.বি.সি. ১, প্রতিবন্ধী ১)।

**পোস্ট কোড : T-113. টেকনিশিয়ান -1/Gr-II (1) :** মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে সায়েন্স বিষয় নিয়ে মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে সি.ও.পি.এ. ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ কিংবা সি.ও.পি.এ. ট্রেডে ২ বছরের অ্যাপ্রেন্টিস ট্রেনিং বা, সি.ও.পি.এ. ট্রেডে ৩ বছর কাজ করার অভিজ্ঞতা থাকলে যোগ্য। শূন্যপদ : ২টি (তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)।

**পোস্ট কোড : T-114. টেকনিশিয়ান -1/Gr-II (1) :** মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে সায়েন্স বিষয় নিয়ে মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে মোটর মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ কিংবা মোটর মেকানিক ট্রেডে ২ বছরের অ্যাপ্রেন্টিস ট্রেনিং বা, মোটর মেকানিক ট্রেডে ৩ বছর কাজ করার অভিজ্ঞতা থাকলে যোগ্য। শূন্যপদ : ১টি (ও.বি.সি.)।

**পোস্ট কোড : T-115. টেকনিশিয়ান -1/Gr-II (1) :** মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে সায়েন্স বিষয় নিয়ে মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ইলেক্ট্রোপ্লেটার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ কিংবা ইলেক্ট্রোপ্লেটার ট্রেডে ২ বছরের অ্যাপ্রেন্টিস ট্রেনিং বা, ইলেক্ট্রোপ্লেটার ট্রেডে ৩ বছর কাজ করার অভিজ্ঞতা থাকলে যোগ্য। শূন্যপদ : ১টি (ও.বি.সি.)।

**পোস্ট কোড : T-116. টেকনিশিয়ান -1/Gr-II (1) :** মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে সায়েন্স বিষয় নিয়ে মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে পেইন্টার (জেনারেল) ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ কিংবা পেইন্টার (জেনারেল) ট্রেডে ২ বছরের অ্যাপ্রেন্টিস ট্রেনিং বা, পেইন্টার (জেনারেল) ট্রেডে ৩ বছর কাজ করার অভিজ্ঞতা থাকলে যোগ্য। শূন্যপদ : ১টি (তঃউঃজাঃ)।

**পোস্ট কোড : T-117. টেকনিশিয়ান -1/Gr-II (1) :** মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে সায়েন্স বিষয় নিয়ে মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে শীট মেটাল ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ কিংবা শীট মেটাল ট্রেডে ২ বছরের অ্যাপ্রেন্টিস ট্রেনিং বা, শীট মেটাল ট্রেডে ৩ বছর কাজ করার অভিজ্ঞতা থাকলে যোগ্য। শূন্যপদ : ১টি (ই.এস.এম.)।

**পোস্ট কোড : T-118. টেকনিশিয়ান -1/Gr-II (1) :** মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে সায়েন্স বিষয় নিয়ে মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে হাউসকীপার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ কিংবা হাউসকীপার ট্রেডে ২ বছরের অ্যাপ্রেন্টিস ট্রেনিং বা, হাউসকীপার ট্রেডে ৩ বছর কাজ করার অভিজ্ঞতা থাকলে যোগ্য। শূন্যপদ : ১টি (ই.ডব্লু.এস.)।

**পোস্ট কোড : T-119. টেকনিশিয়ান -1/Gr-II (1) :** মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে সায়েন্স বিষয় নিয়ে মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ক্যাটেরিং অ্যান্ড হসপিটালিটি অ্যাসিস্ট্যান্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ কিংবা ক্যাটেরিং অ্যান্ড হসপিটালিটি অ্যাসিস্ট্যান্ট ট্রেডে ২ বছরের অ্যাপ্রেন্টিস ট্রেনিং বা, ক্যাটেরিং অ্যান্ড হসপিটালিটি অ্যাসিস্ট্যান্ট ট্রেডে ৩ বছর কাজ করার অভিজ্ঞতা থাকলে যোগ্য। শূন্যপদ : ১টি (ও.বি.সি.)।

**পোস্ট কোড : T-120. টেকনিশিয়ান -1/Gr-II (1) :** মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে সায়েন্স বিষয় নিয়ে মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে এক্স-রে টেকনিশিয়ান ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ কিংবা এক্স-রে টেকনিশিয়ান ট্রেডে ২ বছরের অ্যাপ্রেন্টিস ট্রেনিং বা, এক্স-রে টেকনিশিয়ান ট্রেডে ৩ বছর কাজ করার অভিজ্ঞতা থাকলে যোগ্য। শূন্যপদ : ১টি (জেনাঃ)।

**পোস্ট কোড : T-121. টেকনিশিয়ান -1/Gr-II (1) :** মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে সায়েন্স বিষয় নিয়ে মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ফিজিওথেরাপি ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ কিংবা ফিজিওথেরাপি ট্রেডে ২ বছরের অ্যাপ্রেন্টিস ট্রেনিং বা, ফিজিওথেরাপি ট্রেডে ৩ বছর কাজ করার অভিজ্ঞতা থাকলে যোগ্য। শূন্যপদ : ১টি (ও.বি.সি.)।

**পোস্ট কোড : T-122. টেকনিশিয়ান -1/Gr-II (1) :** মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে সায়েন্স বিষয় নিয়ে মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ক্লিনিক্যাল / মেডিক্যাল ল্যাব টেকনিশিয়ান ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ কিংবা ক্লিনিক্যাল / মেডিক্যাল ল্যাব টেকনিশিয়ান ট্রেডে ২ বছরের অ্যাপ্রেন্টিস ট্রেনিং বা, ক্লিনিক্যাল / মেডিক্যাল ল্যাব টেকনিশিয়ান ট্রেডে ৩ বছর কাজ করার অভিজ্ঞতা থাকলে যোগ্য। শূন্যপদ : ১টি (ই.এস.এম.)।

ওপরের সব ক্ষেত্রে বয়স হতে হবে ১০-৭-২০২৫'এর হিসাবে ২৮ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ১৯,৯০০-৬৩,২০০ টাকা। প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। আড়াই ঘন্টার ১৫০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : মেন্টাল এবিলিটি টেস্ট -১০০ নম্বরের ৫০টি প্রশ্ন, জেনারেল অ্যাওয়ারনেস - ৭৫ নম্বরের ২৫টি প্রশ্ন, ইংলিশ ল্যাঙ্গোয়েজ ৭৫ নম্বরের ২৫টি প্রশ্ন, সংশ্লিষ্ট বিষয়ের ওপর ১৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। নেগেটিভ মার্কিং আছে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১০ জুলাইয়ের মধ্যে। এই ওয়েবসাইটে : https://www.nal.res.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার ও অন্যান্য প্রমাণপত্র স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৫০০ টাকা (তপশিলী, প্রতিবন্ধী, মহিলা, প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না) অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

এবছর H.S. পরীক্ষা দিয়েছ নাকি ডিগ্রি কোর্স পড়ছ ?

ভাবছ কোন বিষয় নিয়ে পড়লে বছর কয়েকের মধ্যেই ভালো মাইনের চাকরি পাবেই ?

চটপট চাকরির জন্য কোন প্রফেশনাল কোর্স, কম কোর্স ফী-তে, কোথা থেকে পড়ব ?

এসব জানাতেই হচ্ছে

# কেরিয়ার ফেয়ার

২৫ ও ২৬ জুন (বুধবার ও বৃহস্পতিবার), সকাল ১০টা থেকে বিকাল ৫টে পর্যন্ত

স্থান: দ্য ফেম হোটেল, বহরমপুর (বহরমপুর স্টেশনের পাশে শিল্পতালুকে)

উপস্থাপনায় :

স্পট অ্যাডমিশনে পাবেন বিশেষ ছাড়

## কর্মসংস্থান

থাকছে ফ্রি টিফিন

সুখবর | সাফল্য | সাফল্য সাধারণ জ্ঞান | Appointment & Career News

Title Sponsor : PRAGATI
SKILL DEVELOPMENT TRAINING PROVIDER

Co-Sponsor : RGCTC রাজীব গান্ধী কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র

In Gracious Presence

JIS GROUP Educational Initiatives
RICE EDUCATION
SMIT SIKKIM MANIPAL UNIVERSITY — SIKKIM MANIPAL INSTITUTE OF TECHNOLOGY
CHITKARA UNIVERSITY
DESUN ACADEMY Get Placed by Skills
Sesrijo Group of Institute
GSCE digital
GEORGE TELEGRAPH SINCE 1920 www.georgetelegraph.com
Webskitters ACADEMY A National Award Winning Company
SBIHM
TIEM HOTEL AND HOSPITALITY MANAGEMENT COLLEGE
BCARE INSTITUTE OF MANAGEMENT & TECHNOLOGY
MCKV Estd.1999
Reliable
SEACOM SKILLS UNIVERSITY seacomskillsuniversity.org
NMS
AMBITION EDUCARE
DPMI VOCATIONAL INSTITUTE
CIT Uluberia
ICHM
DR. B.C. ROY SOCIETY
GLOBAL KNOWLEDGE CAMPUS

বিনামূল্যে প্রবেশ করতে ফোন করুন : 6291684943

## প্রসার ভারতীতে ৬৫

১ পাতার পর

শূন্যপদ : ৬৫টি। এর মধ্যে দূরদর্শন কেন্দ্র কলকাতায় ৮টি, পটনা ৫টি, রাঁচী ৫টি, ভুবনেশ্বর ৫টি, সি.সি.ডব্লু কলকাতা -৩টি, আকাশবানী কলকাতা কেন্দ্রের কৃষ্ণনগরে ৭টি, আকাশবানী চুঁচুড়ায় ৫টি, আকাশবানী শিলিগুড়ি ৫টি, কটকে ৫টি, আকাশবানী ভবানী পটনায় ৫টি, আকাশবানী রাঁচীতে ৫টি, আকাশবানী পটনায় ৫টি। এই পদের বিজ্ঞপ্তি নং : (E-223306) Misc-1/001/04/2024-TM&SO, Date: 16-06-2025.

প্রার্থী বাছাই হবে টেস্ট বা, ইন্টারভিউয়ের মাধ্যমে।

আগ্রহী প্রার্থীরা দরখাস্ত করবেন অনলাইনে, ৩০ জুনের মধ্যে। এই ওয়েবসাইটে : http://avedan.prasarbharati.org এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো -সহ অন্যান্য প্রমাণপত্র স্ক্যান করে নেবেন। অনলাইনে দরখাস্ত করার পর স্ক্যান করা প্রমাণপত্র আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।




## অসম রাইফেলসে ৬৯ রাইফেলম্যান

**নিজস্ব প্রতিনিধি, শিলং :** কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র মন্ত্রকের অধীন অসম রাইফেলস 'রাইফেলম্যান (জেনারেল ডিউটি)' পদে ৬৯ জন লোক নিচ্ছে। **মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন।** বয়স হতে হবে ১-৮-২০২৫'র হিসাবে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে। ও.বি.সি. প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৭০ (উপজাতি হলে ১৬২৫) সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৮০ (উপজাতি হলে ৭৬) সেমি ও ফুলিয়ে ৮৫ (উপজাতি হলে ৮১) সেমি আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন। মেয়েদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭ (উপজাতি হলে ১৫০) সেমি আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন। শূন্যপদ : ৬৯টি।

প্রার্থী বাছইয়ের জন্য প্রথমে শারীরিক সক্ষমতার পরীক্ষা, ডাক্তারি পরীক্ষা, লিখিত পরীক্ষা ও ইন্টারভিউ হবে।

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের বয়ান ডাউনলোড করতে পারবেনএই ওয়েবসাইটে : www.assamrifles.gov.in পূরণ-করা দরখাস্তের সঙ্গে দেবেন যাবতীয় প্রমাণপত্রের স্ব-প্রত্যয়িত নকল। দরখাস্ত পৌঁছনো চাই ২১ জুলাইয়ের মধ্যে। এই ঠিকানায় : Directorate General of Assam Rifles (Recruitment Branch), Laitkar, Shillong, Meghalaya-793 010.

## মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি ও হসপিটাল অ্যাডমিনিস্ট্রেশন পড়ে কোথায় কী কাজের সুযোগ

**সবুজ সেন, সোদপুর :** আজকের চিকিৎসা পদ্ধতি পুরোপুরি রোগনির্ণয় ব্যবস্থার ওপর নির্ভরশীল। ক্লিনিক্যাল রিপোর্টের ভিত্তিতে ডাক্তাররা চিকিৎসা করেন। আর এই রোগনির্ণয় ব্যবস্থাপনায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিস্ট। মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি, যা ক্লিনিক্যাল ল্যাবরেটরি সায়েন্স নামেও পরিচিত। একজন মেডিক্যাল ল্যাব টেকনোলজিস্ট এর কাজ হল বিভিন্ন পরীক্ষার জন্য রোগীর নমুনা সংগ্রহ, তার গুণগত মান নির্ণয়, পরীক্ষার বৈধতা যাচাই করা, ডেটা লগিং, লেবেলিং, ল্যাবের রক্ষণাবেক্ষণ ও যন্ত্রের সমস্যা সমাধান নিশ্চিত করা।

**প্রতি বছর সারা দেশ জুড়ে প্রায় ২০ থেকে ৩০ হাজার ল্যাবরেটরি টেকনোলজিস্ট নিয়োগ হয়। আমাদের রাজ্যে এই সংখ্যাটা বছরে ৪ থেকে ৫ হাজার।**

উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি নিয়ে মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজির কোর্সে ভরতি হতে পারেন। এ বিষয়ে ডিপ্লোমা ও ডিগ্রি ২ ধরনের কোর্স পড়ানো হয়। কাজের ক্ষেত্রে এখন গুরুত্ব দেওয়া হচ্ছে ডিগ্রির। ৩ বছরের বি এস সি মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজির কোর্সের মধ্যে রয়েছে — ফিজিওলজি, অ্যানাটমি, বায়োকেমিস্ট্রি, হেমাটোলজি, ব্যাকটিরিওলজি, প্যাথলজি, ইমিনোলজি ও মাইক্রোস্কোপিক পরীক্ষা। ৩ বছরের ডিগ্রি কোর্স পাশ করার পর মাস্টার ডিগ্রি ও তারপর পিএইচডি করার সুযোগ রয়েছে।

**কেরিয়ার :** বি.এসসি. মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি কোর্স পাশ করার পর এইসব পদে চাকরি হয় — মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিস্ট, ক্লিনিক্যাল ল্যাবরেটরি সায়েন্টিস্ট, ল্যাবরেটরি ম্যানেজার/সুপারভাইজার, ব্লাড ব্যাঙ্ক টেকনোলজিস্ট, মলিকুলার বায়োলজিস্ট, হিস্টোটেকনোলজিস্ট, সাইটোটেকনোলজিস্ট, ইনফেকশন কন্ট্রোল অফিসার, কোয়ালিটি অ্যাসুরেন্স / কোয়ালিটি কন্ট্রোল স্পেশালিস্ট, পাবলিক হেলথ ল্যাবরেটরি টেকনিশিয়ান, ফরেন্সিক ল্যাবরেটরি টেকনিশিয়ান।

**কোথায় চাকরি হয় :** সরকারি-বেসরকারি হাসপাতাল, জরুরি পরিষেবা কেন্দ্র, প্রাইভেট ল্যাবরেটরি, ব্লাড ডোনার সেন্টার বা ব্লাড ব্যাঙ্ক। ডাক্তারের ক্লিনিক। এছাড়াও গবেষণা ক্ষেত্রে কাজের সুযোগ রয়েছে। নিজেরা ক্লিনিক খুলতে পারেন।

**হসপিটাল অ্যাডমিনিস্ট্রেশন পড়ে কাজের সুযোগ :**

চিকিৎসা পরিষেবায় বাণিজ্যিকরণ শুরু হওয়ার পর থেকে হাসপাতালের প্রশাসন পরিচালনার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা নিচ্ছে হসপিটাল অ্যাডমিনিস্ট্রেটর বা হসপিটাল ম্যানেজার। হাসপাতাল ব্যবস্থাপনায় একজন হাসপাতাল প্রশাসককে এইসব গুরুত্বপূর্ণ ভূমিকা ও দায়িত্ব পালন করতে হয় — (১) রোগীদের পরিষেবার ব্যবস্থাপনা, তাদের অভাব-অভিযোগ শুনে তার প্রতিকার করা, (২) হাসপাতালের কর্মী ও পরিচালকদের সঙ্গে যোগসূত্র তৈরি, (৩) কর্মীদের নিয়োগ ও প্রশিক্ষণ দেখা, (৪) কম্পিউটারাইজড মেডিক্যাল রেকর্ড তৈরি ও তা বজায় রাখা, (৫) হাসপাতালের সুনাম রক্ষা ও ব্যবসা বাড়ানো।

**কেরিয়ার :** পেশাদার হিসাবে একজন ট্রেনি পদে যোগ দিয়ে ধীরে ধীরে ম্যানেজার ও ডিরেক্টর পদে যেতে পারেন।

**কাজের ক্ষেত্র :** বেসরকারি বা কর্পোরেট হাসপাতালের পাশাপাশি এখন সরকারি হাসপাতালে ও হসপিটাল অ্যাডমিনিস্ট্রেটর পদে লোক নেওয়া হয়।

**কারা পড়তে পারেন :** যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল কোর্স পাশ ছেলেমেয়েরা হসপিটাল অ্যাডমিনিস্ট্রেশনের ডিগ্রি কোর্সে ভরতি হতে পারেন। ৩ বছরের কোর্স।

যোগাযোগ : **এলিট কলেজ অফ হেলথ সায়েন্সেস**

ক্যাম্পাস : পোঃ- কর্ণমাধবপুর, থানা- ঘোলা, সোদপুর, কলকাতা- ৭০০০১১৩

ফোন : **9831500840, 9163316560, 9163316563, 8336917478**

Online Admission Link : https://petindia.org/admissions/

## ওবিসি সম্প্রদায়ের ছেলেমেয়েরা স্কুল সার্ভিসে আবেদনের জন্য আগামী সপ্তাহ পর্যন্ত অপেক্ষা করুন



**কামাল হোসেন**

সম্প্রতি স্কুল সার্ভিস কমিশনের শিক্ষক-শিক্ষিকা পদের জন্য যে ফর্ম পূরণ চলছে, তাতে ওবিসি তালিকাভুক্ত চাকরিপ্রার্থীরা ফর্ম পূরণ করতে পারছেন না। গত ৩ জুন রাজ্য সরকার ওবিসিদের যে তালিকা দিয়েছিল সেই তালিকা কার্যকর করতে বারণ করেছে কলকাতা হাই কোর্ট। অর্থাৎ রাজ্য সরকারের ৩ জুনের বিজ্ঞপ্তি অনুযায়ী ৬৬ সম্প্রদায়ের নতুন যে তালিকা হয়েছে, তা কার্যকর করায় স্থগিতাদেশ দিয়েছে কলকাতা হাই কোর্ট। আদালত বলে দিয়েছে ১৯৯৩ সালের ওবিসির তালিকা অনুযায়ী সেসময়ের মোট ৬৬টি সম্প্রদায় শুধু সব ধরনের সুযোগ সুবিধা পাবে অর্থাৎ ১৯৯৩ সালের ৬৬টি সম্প্রদায় কেবল স্কুল সার্ভিস কমিশনে ওবিসি হিসাবে ফর্ম পূরণ করতে পারবে। আর এখানেই নানান সমস্যায় পড়েছেন স্কুল সার্ভিস কমিশনের চাকরিপ্রার্থীরা। ২০১২ সালের ওবিসি তালিকায় যাঁরা ছিলেন, তাঁদের মধ্যে অনেকে A তালিকা থেকে B তালিকাভুক্ত হয়েছেন, আবার অনেকে B তালিকা থেকে A তালিকাভুক্ত হয়েছেন রাজ্য সরকারের ৩ জুনের বিজ্ঞপ্তি অনুযায়ী। আর তাই যাঁরা A থেকে B হয়েছেন বা B থেকে A হয়েছেন তাঁদের স্কুল সার্ভিস কমিশনের ফর্ম পূরণ করতে সমস্যা হচ্ছে। কারণ আগের ওবিসি সার্টিফিকেট দিয়ে এখন স্কুল সার্ভিস কমিশনের ফর্ম পূরণ করতে পারছেন না। আর রাজ্য সরকারও ওবিসি সম্প্রদায়ভুক্ত চাকরিপ্রার্থীদের জন্য কোনো বিজ্ঞপ্তি দিয়ে এখনো সুরাহা করতে পারেনি।

তাহলে ওবিসি সম্প্রদায়ভুক্ত চাকরিপ্রার্থীরা কীভাবে ফর্ম পূরণ করবেন? এই প্রশ্ন সকলের মুখে-মুখে। এজন্য জুলাই মাসের প্রথম সপ্তাহ পর্যন্ত অপেক্ষা করতে হবে। কারণ রাজ্য সরকার যদি কোনো বিজ্ঞপ্তি দিয়ে কিছুটা সুরাহা করে। আর নাহলে যাঁদের ২০১২ সালের আগে ওবিসি সার্টিফিকেট আছে তাঁরা সেই বৈধ ওবিসি সার্টিফিকেট দিয়ে ফর্ম পূরণ করতে পারেন। এমনকী যাঁদের কেন্দ্রীয় সরকারের ওবিসি তালিকাভুক্ত সার্টিফিকেট আছে, তাঁরাও ফর্ম পূরণ করতে পারেন। আর যাঁদের ওবিসি A বা B প্রথম থেকেই বৈধ সার্টিফিকেট আছে, তাঁরা ফর্ম পূরণ করলে কোনো অসুবিধা হবে না। কলকাতা হাই কোর্ট স্পষ্ট বলে দিয়েছে, ওবিসির সংরক্ষণ কেবল ৭%। আর বাকি ১০% সংরক্ষণের তালিকায় থাকবে না। এটিও নতুন চাকরিপ্রার্থীদের মনে সমস্যার সৃষ্টি করেছে। কারণ ওবিসির মাত্র ৭% সংরক্ষণ হলে তারা তো সমস্যায় পড়ে যাবেন, অর্থাৎ নিজেদের বিষয়ের শূন্যপদ কমবে। আমার জানাশোনা অনেকেই এইরকম সমস্যার মধ্যে পড়ে জেনারেল ক্যাটেগরিতে ফর্ম পূরণ করছেন। কারণ জেনারেল ক্যাটেগরিতে স্কুল সার্ভিস কমিশনে প্রতিটি বিষয়েরই বেশ ভালোই শূন্যপদ আছে। ওবিসি সম্প্রদায়ভুক্ত বর্তমান তালিকায় যাঁদের পরিবর্তন হয়েছে, তাঁদের এখনই ফর্ম পূরণ না করাই ভালো। কারণ স্কুল সার্ভিস কমিশন তাদের নিয়োগবিধিতে পরিষ্কার করে জানিয়েছে, যাঁদের কাছে পশ্চিমবঙ্গ সরকারের বৈধ ওবিসি সার্টিফিকেট আছে কেবল তাঁরাই ফর্ম পূরণ করতে পারবেন। আর আরেকটি জায়গায় পরিষ্কার করে বলে দিয়েছে যে ১৪ জুলাইয়ের পর যদি কারো ধর্মে কোনোরকম ভুল থাকে, তাহলে কেউ সংশোধন করতে পারবেন না, অর্থাৎ তাঁর ফর্মটি বাতিল্য বলে গণ্য হবে।

কিন্তু ২০১৬ সালে যাঁরা স্কুল সার্ভিস কমিশন পরীক্ষা দিয়েছিলেন, কিন্তু সফল হননি, তাদের বয়স ৪০ পেরিয়ে গেলেও আর তাঁরা যে যে তালিকাভুক্ত ছিলেন, তার ওপর ভিত্তি করে ফর্ম পূরণ করতে পারেন। এতে কোনো অসুবিধা হবে না। কারণ সুপ্রিম কোর্টের রায় আছে যে ২০১৬ সালে যাঁরা প্রথম এসএলএসটি পরীক্ষায় বসে ছিলেন, তাঁদের বয়স যতই বেড়ে যাক না কেন তাঁরা এই SLST তে খুব সহজে বসতে পারবেন। ২০১৬ সালে যাঁরা স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষা দিয়েছিলেন ও যাঁদের বয়স বেড়ে গেছে, তাঁদের অনেকে খুব দ্বিধায় আছেন যে তাঁরা কি সত্যি বসতে পারবেন? কারণ তাঁদের বয়স পেরিয়ে গেছে। কিন্তু সুপ্রিম কোর্ট পরিষ্কারভাবে আদেশ দিয়েছে, ২০১৬ সালের প্রার্থীরা প্রত্যেকেই কিন্তু এই ২০২৫ সালের SLST পরীক্ষা দিতে পারবেন। আর স্কুল সার্ভিস কমিশন নিয়োগবিধির এক জায়গায় সুপ্রিম কোর্টের কেস নম্বর লিখে তা পরিষ্কার করে দিয়েছে। ২০২৫ সালের স্কুল সার্ভিস কমিশনের এই পরীক্ষায় যেকেউ নবম-দশম আর একাদশ-দ্বাদশ শ্রেণির — ২টি পরীক্ষাতেই বসতে পারেন। তবে সেজন্য তাঁদের ২টি ফর্ম পূরণ করতে হবে ও ২ বার তাঁকে ফর্ম পূরণের জন্য উপযুক্ত টাকাও দিতে হবে। অনেকের মধ্যে আরেক সংশয় দেখা দিয়েছে যে একই বিষয়ে নবম-দশম ও একাদশ-দ্বাদশের শিক্ষক-শিক্ষিকা পদে কি বসতে পারবেন? যেকেউ একই বিষয়ে একাদশ-দ্বাদশ ও নবম-দশম শ্রেণির পরীক্ষায় বসতে পারেন। আবার কেউ ২টি আলাদা বিষয়ে নবম-দশম ও একাদশ-দ্বাদশ শ্রেণির পরীক্ষায় বসতে পারবেন। আরেকটি কথা, শিক্ষকতার অভিজ্ঞতার ওপরে যে ১০ নম্বর আছে সেই অভিজ্ঞতাটা ঠিক কীসের ওপর থাকতে হবে, তা নিয়ে অনেকের মধ্যে সংশয় তৈরি হয়েছে। স্কুল সার্ভিস কমিশন পরিষ্কার করে এব্যাপারে নিয়োগবিধিতে বলে দিয়েছে যেকোনো কন্ট্রাকচুয়াল বেসিসে সরকারি বা সরকার পোষিত বিদ্যালয়ে কাজ করলে সেই অভিজ্ঞতার জন্য নম্বর পাওয়ার যোগ্য। তাহলে যাঁরা পার্টটাইম বা প্যারা টিচার, তাঁরা কি বসতে পারবেন? এই প্রশ্নটাও অনেকের মধ্যে আছে। যাঁরা যেকোনো বিদ্যালয়ের সঙ্গে যুক্ত যদি সেটি সরকার পোষিত হয়, তাহলে তিনি সেই স্কুলের ম্যানেজিং কমিটি তথা প্রধান শিক্ষক বা শিক্ষিকার কাছ থেকে অভিজ্ঞতার সার্টিফিকেট নিয়ে তা জমা দিতে পারবেন। যদিও স্কুল সার্ভিস কমিশন সার্টিফিকেটটা কার কাছ থেকে ইস্যু হতে হবে তা পরিষ্কার করে বলে দেয়নি। কিন্তু এটা পরিষ্কার যেকোনো বিদ্যালয়ে কেউ কন্ট্রাকচুয়াল হিসাবে চাকরি করলে সেই বিদ্যালয়ের প্রধান শিক্ষক ম্যানেজিং কমিটির অনুমতি নিয়ে সংশ্লিষ্ট ব্যক্তিকে বৈধ সার্টিফিকেট দিতে পারেন।

তবে ফর্ম পূরণ করার সময় খুব সতর্কভাবে নিজের নাম, বাড়ির ঠিকানা, যোগ্যতা সবকিছুই নিখুঁতভাবে লিখবেন। আর ফর্ম পূরণের পর সেগুলো বারবারই দেখবেন। যাতে কোনো বানান ভুল না হয়। কারণ সামান্য একটা ছোট্ট বানান ভুলের জন্য আপনার পুরো ফর্মটি বাতিল করে দিতে পারে স্কুল সার্ভিস কমিশন। তবে আমার ব্যক্তিগত মত অন্ততপক্ষে সংশোধন করার একটা সুযোগ দেওয়া উচিত ছিল। রাজ্যের সব কমিশনের ক্ষেত্রে সংশোধনের সুযোগ দেওয়া হয়। বর্তমানে মাদ্রাসা সার্ভিস কমিশনেও সংশোধনের সুযোগ দেওয়া হয়েছিল।

সূত্র মারফত জানা যাচ্ছে যে ওবিসিদের ফর্ম পূরণের জন্য আরো কিছু সময় বাড়াতে পারে রাজ্য সরকার। কারণ যাঁরা পরীক্ষা দেওয়ার যোগ্য অথচ আইনত প্যাঁচে পড়ে পরীক্ষায় বসতে পারছেন না, তাঁদের জন্য একটি ব্যবস্থা করতে চলেছে রাজ্য সরকার। স্কুল সার্ভিস কমিশনের মত অনুযায়ী পরীক্ষা হচ্ছে সেপ্টেম্বরের প্রথম সপ্তাহে। কিন্তু প্রায় ১২ লাখ ওবিসি সম্প্রদায়ভুক্ত চাকরি প্রার্থীরা আইনত সমস্যায় পড়ে রয়েছেন। তাঁরা ফর্ম পূরণ করতে পারছেন না। তাই তাঁদের জন্য ফর্ম পূরণের সময় বাড়ালে পরীক্ষা সেপ্টেম্বরে প্রথম সপ্তাহে হওয়া খুব কষ্টকর বলে আমার অনেকদিনের অভিজ্ঞতা বলছে। কিন্তু যাঁরা প্রস্তুতি নিচ্ছেন, তাঁরা সেপ্টেম্বর মাসেই পরীক্ষা হবে ধরে নিয়ে দিনরাত এক করে পড়াশুনা শুরু করে দিন।

Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com